বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত নতুন সিলেবাসের আলোকে দাখিল সপ্তম শ্রেণির শিক্ষার্থীদের জন্যে লিখিত

---

# النحو التدريبى

# আননাহ্উত তাদরিবী


**সংকলক**

মুহাম্মাদ ফরিদ

**শিক্ষক**

দারুননাজাত মাদরাসা কিতাব বিভাগ

পূর্ব বক্সনগর, ডেমরা, ঢাকা।



সম্পাদনায়

**মুহাম্মাদ নাসিরুদ্দীন খান**

**সহকারী অধ্যাপক, দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা**

ডেমরা , ঢাকা।



প্রকাশনায়

**সিদ্দীকিয়া প্রকাশনী**

সারুলিয়া, ডেমরা, ঢাকা

প্রকাশনায় :
**সিদ্দীকিয়া প্রকাশনী**
সারুলিয়া, ডেমরা, ঢাকা

**[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]**

প্রথম প্রকাশ : ২০ মার্চ ২০১২ ঈসায়ী
২য় প্রকাশঃ ১০/১২/২৪ ইং

নির্ধারিত মূল্য : **১৭০/ =** টাকা মাত্র।

কম্পোজ :
দারুননাজাত নাহু -ছরফ ফাউন্ডেশন
সারুলিয়া, ডেমরা, ঢাকা
**০১৯২৩ ১৩০৫৬৫ , ০১৭৩১ ৭৪৯৩৮০**

সূচীপত্র


শিক্ষক নির্দেশিকা ........................................ ৭
সম্পাদকীয় ........................................ ৮
খাদেমের কথা ........................................ ৯
প্রথম অধ্যায়: مفرد (মুফরাদ) ........................................ ১২
১ নং সবক ........................................ ১২
২নং সবক ........................................ ১২
৩নং সবক ........................................ ১৩
৫ নং সবক ........................................ ১৬
مُذَكَّر ও مُؤَنَّث ........................................ ১৬
৮ নং সবক ........................................ ২০
مفرد , مثنى , جمع ........................................ ২০
১৩ নং সবক ........................................ ২৫
اسم منقوص، مقصور، أسماء خمسة ........................................ ২৫
১৪ নং সবক ........................................ ২৬
مَعْرِفة ও نَكِرَة ........................................ ২৬
১৬ নং সবক ........................................ ২৭
১৭ নং সবক ........................................ ২৯
(ষোল) প্রকার ইসম১৬ ........................................ ২৯
দ্বিতীয় অধ্যায় ........................................ ৩১
مركب مفيد غير مفيد ........................................ ৩১
১৮ নং সবক ........................................ ৩১
مَوْصُوْف ও صِفَة ........................................ ৩১
২১ নং সবক ........................................ ৩৫
مُضَافٌ ও مُضَافٌ إِلَيْه ........................................ ৩৫
২৫ নং সবক ........................................ ৩৮
مُبْتَدَأٌ ও خَبَرٌ ........................................ ৩৮
২৮ নং সবক ........................................ ৪০
اسم الإشارة ........................................ ৪০
৩০ নং সবক ........................................ ৪৩
اسم مُرَكَّب ........................................ ৪৩
৩৩ নং সবক ........................................ ৪৬
فَاعِل ও مَفْعُوْل ........................................ ৪৬
বাক্যের মধ্যে فاعل ও مفعول সহজে চেনার উপায়: ........................................ ৪৬
৩৪ নং সবক ........................................ ৪৭
حروف الجر ........................................ ৪৭

সূচীপত্র


৩৫ নং সবক ........................................ ৪৮
৩৭ নং সবক........................................৫১
نَائِبُ الْفَاعِلِ ........................................৫১
৩৮ নং সবক ........................................ ৫২
৪০ নং সবক ........................................ ৫৪
الفعل المتعدى ও الفعل اللازم (সকর্ম এবং অকর্ম ক্রিয়া)........................................ ৫৪
৪২ নং সবক........................................৫৬
جُمْلَةٌ(বাক্য) ........................................৫৬
তৃতীয় অধ্যায়........................................৫৯
৪৫ নং সবক........................................৫৯
مَبْنِيْ ও مُعْرَب ........................................৫৯
৪৬ নং সবক........................................৬০
৪৮ নং সবক........................................৬৩
مَبْنِي ........................................৬৩
৪৯ নং সবক........................................ ৬৪
المضمرات........................................ ৬৪
৫০ নং সবক........................................৬৫
مَعَانِى الضَّمَائِرِ ........................................৬৫
৫২ নং সবক........................................৬৮
أسماء الاستفهام ও أسماء الأفعال ........................................৬৮
৫৪ নং সবক........................................ ৭১
أسماء الكنايات ও أسماء الأصوات , أسماء الظروف ........................................৭১
৫৬ নং সবক ........................................৭৪
حَالَت এর اسم ........................................৭৪
৫৯ নং সবক........................................৭৭
(রফা বিশিষ্ট ইসম) মোট ৮ প্রকারمَرْفُوعَات ........................................৭৭
৬০ নং সবক........................................৭৭
(নসব বিশিষ্ট ইসম) মোট ১২ প্রকারمَنْصُوبَات ........................................৭৭
৬১ নং সবক........................................৭৯
رَفْع , نَصْب , جَر এর আলামত........................................৭৯
৬৫ নং সবক ........................................৮৩
إعراب এর جمع المؤنث السالم ও مُثَنّى........................................৮৩
৬৯ নং সবক ........................................৮৬
إعراب এর جمع المذكر السالم........................................৮৬
৭২ নং সবক........................................৮৯

أسماء الخمسة ........................................ ৮৯
৭৪ নং সবক ........................................ ৯২
اسم مَنْقُوْص ........................................ ৯২
৭৫ নং সবক ........................................ ৯৪
مضاف إلى ياء المتكلم এবং اسم مقصور ........................................ ৯৪
৭৬ নং সবক ........................................ ৯৬
غَيْرُ مُنْصَرِف ........................................ ৯৬
৮১ নং সবক ........................................ ১০০
تلخيص الإعراب ........................................ ১০০
৮২ নং সবক ........................................ ১০২
إعراب فعل المضارع ........................................ ১০২
৮৪ নং সবক ........................................ ১০৫
رَفْعُ فِعْلِ الْمُضَارِع ........................................ ১০৫
৮৫ নং সবক ........................................ ১০৭
نَصْبُ فعلِ الْمُضَارِع ........................................ ১০৭
৮৭ নং সবক ........................................ ১০৯
جَزْمُ فعل المضارع ........................................ ১০৯
৮৯ নং সবক ........................................ ১১১
مَعْمُوْل ও عَامِل ........................................ ১১১
৯৩ নং সবক ........................................ ১১৬
اَلْأَفْعَالُ النَّاقِصَةُ ........................................ ১১৬
৯৭ নং সবক ........................................ ১২১
مَفْعُول مُطْلَق ........................................ ১২১
৯৯ নং সবক ........................................ ১২৩
حال ........................................ ১২৩
১০১ নং সবক ........................................ ১২৫
بدل এবং تابع ........................................ ১২৫
১০৩ নং সবক ........................................ ১২৮
تَوْكِيْدٌ ........................................ ১২৮
১০৪ নং সবক ........................................ ১৩০
عَطْفٌ بَالْحُرُوْف والبَيَان ........................................ ১৩০
معانى حروف العطف ........................................ ১৩০
১০৬ নং সবক ........................................ ১৩২
حُرُوف غَيْرعَامِلَة ........................................ ১৩২
১০৭ নং সবক ........................................ ১৩২

সূচীপত্র

## শিক্ষক নির্দেশিকা

১. যথাসময়ে ক্লাসে আসা এবং যাওয়া।
২.প্রতিদিনের সবক নিজে ভালোকরে পড়ে আসা।
৩.ক্লাসে গিয়ে প্রথমেই গত দিনের সবক আদায় করা। (পাঁচ মিনিটে)
৪. আজকে যা পড়ানো হবে তা এক দুবার সকলকে মনোযযোগ দিয়ে পড়তে বলা। (পাঁচ মিনিট)
৫.আজকের সবক মুখে মুখে উচ্চারণ করিয়ে ভালোভাবে সকলকে বুঝিয়ে দেয়া। (পনের মিনিট)
৬.ক্লাসেই আজকের সবক সকলকে মুখস্থ করিয়ে দেয়া। (দশ মিনিট)
৭. কোনো ছাত্র তারকীব না পারলে তাকে কখনো তারকীব বলে না দেয়া। যে সবকটি ভুলে যাওয়া অথবা না বুঝার কারনে সে তারকীব পারল না তা তাকে স্বরণ করিয়ে দেয়া।
৮.প্রতি বৃহস্পতিবার বা কোনো বন্ধের পূর্বে, অন্য দিনের তুলনায় একটু বেশি পরিমাণে তামরীন দেয়া। তামরীন যত করানো যাবে ছাত্ররা ততই নাহু বুঝবে।
৯. কিতাবের প্রতিটি উদাহরণ অর্থসহ পড়ানো। অর্থের প্রতি ছাত্রদের মনোযোগ তৈরি করা।
১০.প্রতি মাসে নূন্যতম দশ মিনিটের দুটি পরীক্ষা নেয়া।
১১. এ কিতাবটি কমপক্ষে তিন বার পড়ানোর চেষ্টা করা।
১২.ছাত্রদের বয়স ও মেধানুযায়ি সবক বাড়ানো বা কমানোর পরিকল্পনা নিয়ে  ক্লাসে আসা।
১৩. কোনো বিষয়ে আরো পরামর্শের প্রয়োজন মনে করলে শেষ মোবাইল নম্বরে যোগাযোগ করা।

আমাদেরকে মনে রাখতে হবে যে, বারো মাসের মধ্যে বিভিন্ন উপলক্ষে প্রায় আড়াই মাস প্রতিষ্ঠান বন্ধ থাকে। বিভিন্ন প্রয়োজনে ছুটি নিতে হয় বছরে দুসপ্তাহ। একটি পরীক্ষা হলে দুসপ্তাহ ক্লাস বন্ধ থাকে। অতএব চারটি পরীক্ষা হলে প্রায় দুমাস ক্লাস বন্ধ থাকে। এখন ক্লাস বন্ধ থাকে ৩+২=৫ মাস। বাকি সাত মাসে জুমার কারণে প্রায় এক মাস ক্লাস বন্ধ থাকে। তাহলে মোট ক্লাস বন্ধ থাকে ৫+১=৬ মাস। এখন চিন্তা করে দেখুন! সবগুলো বিষয়ে ছাত্রদেরকে পরিপক্ক বানানোর সময় মাত্র ছয় মাস। তাহলে যথাসময়ে ক্লাসে আসা-যাওয়ার এবং উপযুক্ত পাঠদানের গুরুত্ত কেমন হওয়া হওয় উচিৎ!

## সম্পাদকীয়

حامدا ومصليا ومسلما

মাদরাসা শিক্ষা ব্যবস্থার সিলেবাসে যে সব বিষয়ে পাঠদান করা হয় তম্মধ্যে "আল্ কাওয়ায়িদুল আরাবিয়্যাহ" অন্যতম। এই কাওয়াইদ আমাদের দেশে প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চশিক্ষাস্তর সমূহে একই পদ্ধতিতে শিক্ষাদান করা হয়। যার ফলে এর বিষয়ে আশানুরূপ ফল লাভ করা যাচ্ছে না। একজন শিক্ষার্থী কাওয়ায়েদ মুখস্ত বলতে পারে। কিন্তু প্রয়োজনীয় ক্ষেত্রে সে তা প্রয়োগ করতে পারেনা।

তাই বিশেষজ্ঞদের মত হচ্ছে, মাধ্যমিক স্তরে ব্যবহারিক পদ্ধতিতে আরবী কাওয়ায়েদ শিক্ষা দিতে হবে। এ পদ্ধতিতে লেখা পুস্তকের সংখ্যা বাংলা ভাষায় খুবই নগন্য। তাই আরবী ভাষায় রচিত النحو الوظيفى مبادى العربية , جامع الدروس العربية , সহ অন্যান্য গুরুত্বপূর্ণ কিতাবের সহযোগিতা নিয়ে "النحو التدريبى" নামে অত্র পুস্তকটি রচনা করা হয়েছে, যা অনেক অনুশীলন সমৃদ্ধ। পুরা কিতাবটি আমি ভলো করে দেখেছি এবং প্রয়োজনীয় সংশোধন করে দিয়েছি। আশা করা যায় এর মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে আরবী কাওয়ায়েদের ভয় কেটে যাবে এবং তারা ভাষার মাঝে এর যথাযথ প্রয়োগ শিখতে সক্ষম হবে।

পরিশেষে মহান রাব্বুল আলামিনের দরবারে ফরিয়াদ! অল্লাহ লেখকের এ শ্রমসাধনাকে কবুল করে শিক্ষার্থীদেরকে এর দ্বারা যথাযথ উপকৃত করুন। এটি হোক সাদকায়ে জারিয়া। আমীন।

মুহাম্মদ নাসির উদ্দিন খান
সহকারী অধ্যাপক
দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা

## খাদেমের কথা

সকল প্রশংসা ঐ আলাহ তায়ালার নিমিত্তে যিনি মানুষ সৃষ্টি করেছেন, অতঃপর তাকে ভাষা শিখিয়েছেন। অগণিত দরূদ ও সালাম বর্ষিত হোক নবী কারীম (সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ও তাঁর সাথীদের ওপর যাঁরা ছিলেন সবচে বিশুদ্ধভাষী।

আলাহ তায়ালার দরবারে অসংখ্য শুকরিয়া যে, তিনি এ নগণ্য ও অনভিজ্ঞকে ইলমে দ্বীনের খেদমত করার সুযোগ দান করেছেন। এ কথা বলতে দ্বিধা নেই যে, নাহু সম্পর্কে কিছু লেখা বা বলার কোন যোগ্যতাই আমার নেই। কারণ ইলমে নাহু এতই বিশাল সমুদ্র যে, আমার মত ক্ষুদ্র জ্ঞানে এ সমুদ্র তীরে দাঁড়াবার হিম্মতও নেই। তবে আরবীকে ভালবাসি মন থেকে। কারণ, আরবী কুরআনের ভাষা, শরীয়তের ভাষা , রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর ভাষা। আরবী ভাষা দেখলেই মনটা উৎফুল্ল হয়ে ওঠে। যখন পড়তে শিখিনি, তখনও আরবী কিতাব খুলে তাকিয়ে থাকতাম। সে যা-ই হোক , আমি কোন অভিজ্ঞ ছাত্র বা শিক্ষক নই যে , সহজে একটি নাহুর কিতাব বুঝতে পারি। কোন নাহুর কিতাবই আমি ভাল করে বুঝতামনা। আমি যে সকল কারণে নাহু বুঝতে পারিনি,তা হল: -

১) প্রায় সকল নাহুর কিতাবই جملة এর আলোচনা দিয়ে শুরু হয়েছে। جملة এর সকল উপাদান ( مضاف – مضاف إليه , موصوف – صفة , مبتدأ – خبر ) পরে আলোচনা করা হয়েছে। এতে শুরুতেই এমন কিছু বিষয় সামনে আসে, যেগুলো না বুঝে মুখস্থ করতে হয়। যা আমার মতে অত্যন্ত কষ্ট করো।

২) অর্থ না জেনে (مضاف – مضاف إليه , موصوف – صفة , مبتدأ – خبر) এ বিষয়গুলো আয়ত্ব করা যায়না। কেননা এ পরিভাষাগুলো জানার পরেই একজন শিক্ষার্থী এ বিষয়গুলোর অর্থ করতে পারবে।

৩) إعراب এর অধ্যায়টি আমার কাছে খুবই অস্পষ্ট। কেননা, আমার জানা ছিল , رفع অর্থ পেশ। তাহলে رفع কেন الف বা واو দ্বারা হবে ?

৪) لازم / متعدى কিভাবে বুঝব ?

৫) كان এর আলোচনা এবং ظرف এর পূর্বে في এর ব্যবহার।

যার কাছেই যেতাম, এ পরিভাষাগুলো সহজে আমি বুঝতে পারতামনা। পরিশেষে আমার পরম শ্রদ্ধেয় শিক্ষক হযরত মাওলানা আব্দুল লতিফ শেখ দা.বা. (প্রধান মুহাদ্দিস, দারুন্নাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা) হুযুরের কাছে বললাম; হুযুর ! আমি তো নাহু বুঝিনা, কি করব ? হুযুর তখন এমন একটি পরামর্শ দিলেন, যা মানলে একজন অযোগ্য ছাত্রও সহজেই যোগ্য হতে পারে। আমিতো কামিলের ক্লাসেও ইবারত বিশুদ্ধভাবে পড়তে পারতামনা। রুমে বাংলা কিতাব দেখে দেখে পড়ে আসতাম। কিন্তু হুযুর যখন পরামর্শ দিলেন "*ফরিদ! তুমি অন্যজনকে পড়াও* "। এ কথার বাস্তবায়নে কোন যোগ্যতা ছাড়াই ছাত্রদের কয়েকজনকে অনেক অনুরোধ করে পড়ানো শুরু করলাম। আল্লাহ রাব্বুল আলামীন এ নালায়েককে ছাত্রদের খেদমতের বরকতে সুন্দর সুন্দর এমন কিছু সহজ নিয়ম দান করলেন, যা আমি কোন কিতাবে ইতোপূর্বে পাইনি। কোন উস্তাদের জবানেও শুনিনি। কায়েদাগুলো এতই সুন্দর ছিল যে , অর্থ জানা ব্যতিরেকেই প্রায় ৯০% مبتدأ – خبر . موصوف – صفة , مضاف – مضاف إليه , مفعول , حال , فاعل – مفعول , ইত্যাদি অতি ব্যবহৃত পরিভাষাগুলো অতি অল্প সময়ে আয়ত্ব করা একজন শিক্ষার্থীর জন্য আমার কাছে খুবই সহজ মনে হল।

কায়েদাগুলো বানিয়ে যখন আমার শ্রদ্ধাভাজন শিক্ষক মুহতারাম মাওলানা মুনিরুল ইসলাম (পাবনা হুযুর) কে দেখালাম, হুযুর আমাকে অনেক উৎসাহ দিলেন। এতে আমার মন উৎফুল হয়ে ইলমে নাহুর প্রতি আরো মনোযোগী হল। কিছু আরবী কিতাব কিনে পড়া শুরু করলাম। আরবদের লেখা কিতাব খুবই সহজ। পড়তে বড়ই আনন্দদায়ক। কিন্তু আমি নির্ভেজাল অযোগ্য। কি করি ? তাই বহু বিরক্ত করেছি, কষ্ট দিয়েছি, আমার শ্রদ্ধাভাজন ওস্তাদ মুহতারাম মাওলানা নাসিরুদ্দীন দা. বা. (কাশিয়ানী হুযুর) কে। অনেক মাসআলাহ

আলোচনা করতে করতে মাদরাসা থেকে হুযুরের বাসা পর্যন্ত চলে গিয়েছি। মুহতারাম অধৈর্য না হয়ে , বিরক্তি অনুভব না করে, খুবই মায়া করে, আপন ছেলের মত দীর্ঘ সময় ব্যয় করলেন এ অনভিজ্ঞকে বুঝাতে।

অনেক সময় এ মাদরাসার আসাতেযায়ে কেরামকে না পেলে মোবাইলের মাধ্যমে সাহায্যের প্রার্থনা পৌছে দিতাম আমার চির স্মরণীয় শিক্ষক টুমচর ইসলামিয়া সিনিয়র ফাযিল মাদরাসার সুযোগ্য অধ্যক্ষ মুহতারাম মাওলানা হারুন আল মাদানী দা. বা. এর নিকট। শত ব্যস্ততা সত্ত্বেও তিনি বলে দিতেন আমার প্রশ্নগুলোর উত্তর। এভাবে বাকি উস্তাদগণের নিকট হতেও অনেক উপকৃত হয়েছি। আল্লাহর বড়ই শুকরিয়া, আমার উস্তাদগণ আমাকে এতই ভালবাসেন যে, যিনি যতই ব্যস্ত থাকতেন না কেন, আমি প্রশ্ন করলে আমাকে সুন্দর করে বুঝিয়ে দিতেন। বিরক্ত হতেন না কেউ।

আমার জীবনকে যদি কিয়ামত পর্যন্ত দীর্ঘায়িত করা হয়, আর সারাজীবন আমার শিক্ষক মহোদয়গণের গোলামি করি, তাহলেও তাদের পাওনা পরিশোধ করা এ অধমের পক্ষে অসম্ভব। যেমনটি হযরত আলী (রা.) বলেছেন " যে আমাকে একটি অক্ষর শেখাল, সে যেন আমাকে ক্রয় করে ফেলল। সে ইচ্ছা করলে আমাকে বিক্রি করতে পারে বা নিজের গোলাম বানিয়েও রাখতে পারে।"

অনেক বছর ধরে আমার বড় একটা আশা ছিল, আল্লাহ যদি আমাকে একটি আমলী মাদরাসায় খেদমতের ব্যবস্থা করে দিতেন, তাহলে আমি প্রাণ ভরে আল্লাহর দীনের খেদমত করতাম। আল্লাহ অধমের এ আশাটুকু দারুন্নাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসার সুযোগ্য অধ্যক্ষ, শিক্ষানুরাগী, পরম শুভাকাঙ্ক্ষী আলহাজ্জ হযরত মাওলানা আ.খ.ম.আবুবকর সিদ্দীক (দা.বা.) এর মাধ্যমে পূরণ করলেন। হুযুর আমাকে এ বিশাল মাদরাসায় খেদমত করতে দেয়ায় আমার সকল উস্তাদের প্রতিই আমি চিরকৃতজ্ঞ।

কিন্তু আমার জীবন উন্নয়নের অবিচ্ছেদ্য অঙ্গ, অত্র মাদরাসার স্বনামধন্য প্রধান মুহাদ্দিস হুযুরের চির স্মরণীয় বরণীয় বাণী এবং ছাত্র জীবন উন্নয়নের যাদুর কাঠিসম মহা মূল্যবান পরামর্শ (*অন্যকে পড়াও*), আমার ভাল কর্মে উৎসাহদানকারী, চির কল্যাণকামী অতি সহযোগী ও জীবন গড়ার রূপকার মুহতারাম পাবনা হুযুরের উৎসাহ ও সহযোগিতা, আমার জীবন উন্নয়নের মাইল ফলক, অতি দরদী উস্তাদ কাশীয়ানী হুযুর - এর পূর্ণ আন্তরিকতামাখা ও মন জুড়ানো শিক্ষাদান, এবং আমার জীবনাকাশে অনবরত আলো বিচ্ছুরণকারী নক্ষত্রসম, আপন ছেলের মত দয়া-মায়া দিয়ে লালন-পালনকারী মুহতারাম হযরত মাওলানা হারুন আল মাদানী (দা.বা.) সহ এ সকল শিক্ষকের ভূমিকা বিশেষভাবে স্মরণীয়।

এ কিতাবটি সাজাতে গিয়ে যে সকল গবেষকের পরামর্শ ও পদ্ধতি অনুসরণ করা হয়েছে তাদের মধ্যে উল্লেকযোগ্য হলেন, সর্বমহলে সুপরিচিত, উস্তাযুল আসাতিযাহ ড. আনোয়ারুল কাবীর সাহেব, ছারছীনা দারুচ্ছুননাহ আলিয়া মাদরাসার সুযোগ্য মুফাস্সির, ছাত্রদের জীবন উন্নয়নে নিজেকে উৎসর্গকারী ও মাইলফলক হযরত মাওলানা আবু জাফর মুহাম্মদ ছালেহ্ (দা.বা.) (দুমকি হুযুর) এবং আমার শির তাজ ও জীবন পরিচালনায় বিশেষ মশাল হযরত মাওলানা আবুল বাশার (দা.বা.)।

আমি আন্তরিকভাবে কৃতজ্ঞতা জানাই ঐ সকল উপকারী বন্ধুদের প্রতি যারা, বহু কষ্ট করে ও ধৈর্য ধরে একনিষ্ঠ মন নিয়ে প্রুফ দেখে বইটিকে যথাসাধ্য নির্ভুল করার কাজে সহযোগিতা ও সুন্দর পরামর্শ দিয়েছেন।

পাঠক সমীপে আমার বিশেষ অনুরোধ, আমি নালায়েক বান্দাহ , তাই অনেক দিন ধরে বহু চেষ্টা করে ছাত্রদের বুঝের অনুকূলে এ খেদমত আন্জামের চেষ্টা করেছি। যথাযথ যোগ্যতার অস্তিত্ত যেহেতু এ অধমের মধ্যে পুরোপুরি নেই , সেহেতু যে কোন ভুল থেকে যাওয়া স্বাভাবিক। তাই অনুগ্রহ করে, আমাদেরকে ভুলগুলো ধরিয়ে দিলে ইনশাআল্লাহ সাদরে সংশোধনের চেষ্টা করবো।

সবশেষে দয়ালু মাওলার কাছে আমার আকুতি - আল্লাহ ! তুমি অধমের এ নগণ্য খেদমতকে কবুল করে নাও। যারাই তোমার পছন্দের আরবী ভাষা শিখতে চায়, তুমি তাদেরকে অতি সহজে তা বোঝার তাওফিক দান করো। আমীন !

বিনীত

## খাদেমের কথা

মুহাম্মাদ ফরিদ
উপাধ্যক্ষ
দারুননাজাত মাদরাসা কিতাব বিভাগ

## প্রথম অধ্যায়: مفرد (মুফরাদ)

## parts of speech

### ১ নং সবক

علم النحو এর পরিচয় : যে বিদ্যা অর্জন করলে আরবী বাক্যগঠন ও পঠন পদ্ধতি জানা যায় এবং শব্দের শেষ বর্ণের পরিবর্তনশীল অবস্থা জানা যায় তাকে علم النحو বলে।

علم النحو এর উদ্দেশ্য : আরবী ভাষা শুদ্ধরূপে লেখা, পড়া ও বলার যোগ্যতা অর্জন করা এবং শব্দগত ভুল থেকে বেঁচে থাকাই علم النحو এর উদ্দেশ্য।

علم النحو এর আলোচ্য বিষয় : كلمة ও كلام হলো علم النحو এর আলোচ্য বিষয়।

كلمة এর পরিচয় :. اَلْكَلِمَةُ لَفْظٌ وُضِعَ لِمَعْنًى مُفْرَدٍ অর্থাৎ অর্থবোধক একক শব্দকে كلمة বলে। এর অপর নাম مفرد । অর্থবোধক শব্দ দুই প্রকার

(১) مُفْرَدٌ

(২) مُرَكبٌ

### ২নং সবক

الكلمة তিন প্রকার : (ا) اِسْمٌ (ب) فِعْلٌ (ج) حَرْفٌ

اسم এর পরিচয় : اَلْاِسْمُ كَلِمَةٌ مَا دَلَّتْ عَلى مَعْنًى فِيْ نَفْسِه غَيْرِ مُقْتَرِنٍ بِزَمَانٍ .

অর্থাৎ যে كلمة সময়ের সাথে সম্পর্ক রাখা ব্যতীত নিজের অর্থ নিজে প্রকাশ করতেপারে তাকে اسم বলে। যেমন : ওমর, খালেদ, মাদরাসা, কলম, কাগজ, মানুষ। এ শব্দগুলোর অর্থের সাথে সময়ের কোন সম্পর্ক নেই। তাই এগুলো اسم ।

فعل এর পরিচয় : اَلْفِعْلُ كَلِمَةٌ مَا دَلَّ عَلى مَعْنًى فِيْ نَفْسِه مُقْتَرِنٍ بِزَمَانٍ .َ

অর্থাৎ যে كلمة সময়ের সাথে সম্পর্ক রেখে নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে, তাকে فعل বলে। যেমন : পড়ল , সাহায্য করল। এ শব্দগুলো নিজের অর্থ নিজেই প্রকাশ করেছে কিন্তু সময়ের সাথে সম্পর্ক রেখে অর্থ প্রকাশ করেছে। কেননা সময় ব্যতিত কখনই কোন কাজ করা যায়না। তাই , এগুলো فعل হয়েছে।

| |
|---|
| সহজে বলা যায় , যে কোন কাজকে فعل বলে। যেমন: পড়ল , সাহায্য করল। |

حرفএর পরিচয় : . اَلْحَرْفُ كَلِمَةٌ مَادَلَّ عَلى مَعْنًى فِيْ غَيْرِه

অর্থাৎ যে كلمة অন্যের সাথে মিলে অর্থ প্রকাশ করে তাকে الحرف বলে।

যেমন : . في . هل (কি , মধ্যে) এ শব্দগুলো নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে না বরং অন্যের সাথে মিলে অর্থ প্রকাশ করে। তাই এগুলো حرف ।

## ৩নং সবক

اسم চেনার কিছু সহজ উপায় :

১) যে আরবী শব্দটি حرف / فعل নয় তা-ই اسم হবে। যেমন: قَلَمٌ, مِنْضَدَةٌ

২) কোন শব্দের শুরুতে ال থাকা। যেমন : اَلْمُعَلِمُ , اَلْكِتَابُ

৩) কোন শব্দের শেষে تنوين ( ٌ ٍ ) থাকা। যেমন : عَامٌ تِلْمِيْذٌ

৪) কোন শব্দের শেষে ة (গোল তা) থাকা। যেমন : قَلَنْسُوَةٌ طَاوِلَةٌ

৫) কোন কিছুর নাম বুঝানো। যেমন : عُمَرُ عِرَاقٌ بَاكِسْتَانْ بَنْغلَادِيْشْ

৬) اِسْمُ الْفَاعِل اِسْمُ الْمَفْعُوْل اِسْمُ الْآلَة اِسْمُ الظرْف اِسْمُ التفْضِيْل এসকল বাহাছের রূপান্ত হওয়া। যেমন : نَاصِرٌ . مَظْلُوْمٌ . مِفْتَاحٌ . مَكْتَبٌ . أَعْلَمُ

فعل চেনার কিছু সহজ উপায় : -

আরবীতে فعل চেনার উপায় হল :

মীযান ও মুনশায়িব কিতাবদ্বয়ের اِسْمُ الْفَاعِل এর পূর্ব পর্যন্ত সমস্ত রূপান্তর فعل হবে। যেমন: نَصَرَ يَنْصُرُ أُنْصُرْ لَاتَنْصُرْ .

فعل চেনার আরো কিছু আলামত রয়েছে :

১) কোন শব্দের শুরুতে قد থাকা। যেমন : . قد نصر . قد أفلح

২) কোন শব্দের শুরুতে س বা سوف থাকা।

যথা: . سينصرن . سوف يفعلون

৩) কোন শব্দের শুরুতে لم থাকা। যেমন : . لم تكذب

৪) কোন শব্দের শুরুতে لن থাকা। যেমন : . لن يُخَادِعَ

حرف গুলো মুখস্থ করে নিতে হবে। যেমন নিম্নে বহুল ব্যবহৃত কিছু حرف উল্লেখ করা হল। যেমন : بِ وَ كَ إِنَّ أَنَّ لَعَلَّ لَمْ لِمَا لَا مَا لِ عَلى عَنْ فِيْ حَتى مِنْ إِلى أَوْ ثُمَّ أَمْ إِنْ أَنْ

নির্দিষ্ট ও অনির্দিষ্ট হওয়ার দিক থেকে اسم দুই প্রকার।

১) معرفة ২) نكرة

প্রথম অধ্যায়: مفرد (মুফরাদ)

নিম্নের اسم গুলো মুখস্থ করো।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| উহা | ذٰلِكَ | ইহা | هٰذِهٖ | ইহা | هٰذا |
| উহা | تِلْكَ | এরা , ইহারা | هٰؤُلَاءِ | উহারা,ওরা | أُولٰئِكَ |
| একটি দরজা | بَابٌ | একটি চেয়ার | كُرْسِيٌّ | একটি বই | كِتَابٌ |
| একটি দেয়াল | جِدَارٌ | একটি কলম | قَلَمٌ | একটি ঘর | بَيْتٌ |
| শুনে | يَسْمَعُ | ভদ্র | مُؤَدَّبٌ | একজন ছাত্র | تِلْمِيْذٌ |
| একটি ব্লাক বোর্ড | سَبُّوْرَةٌ | একটি রোলার | مِسْطَرَةٌ | কথা | كَلَامٌ |
| শিক্ষকগণ | أَسَاتِذَةٌ | একটি খাট | سَرِيْرٌ | শিক্ষক | أُسْتَاذٌ |
| পড়ে | يَدْرُسُ | বইসমূহ | كُتُبٌ | পাখা | مروحة |

**৪ নং সবক**

**التدريبات**

(১) নিম্নের বাক্যগুলো থেকে اسم ، فعل ، حرف গুলো খুঁজে বের করো।

هذا كتاب . ذلك كرسيٌّ. هذا قلمٌ. ذلك بابٌ. ذلك مصباحٌ. هذا جدارٌ. هذا بيتٌ . تلك مسطرةٌ . هذه مدرسةٌ. تلك سبورةٌ. محمودٌ تلميذٌ مؤدبٌ . يسمعُ كلامَ الأساتذةِ . يَذْهَبُ إِلى الْمَسْجِدِ لِلصَّلَاةِ. يَدْرُسُ كُتُبًا كَثِيْرَةً. يَسْكُنُ فِيْ سُكْنِ الطُّلَابِ بِمِصْرَ. يَجْلِسُ فِيْ صَفِّهِ أَمَامَ الْمُعَلِّمِ. إِنَّ الْمُعَلِّمِيْنَ نَاصِرُوْنَ لَهُ وَهُوَ مَنْصُوْرٌ بِالْمُدَرِّسِيْنَ الْكِرَامَ. مَتىَ سَأَلَه الْأُسْتَاذُ عَنِ الدَّرْسِ، ظَهَرَ جَوَابَه بِالْفَرْحِ . هَذَا الْمُتَعَلِّمُ لَايَفِرُّ مِنَ الْفَصْلِ. هذا الْمُتَعَلِّمُ يَحْمِلُ كُتُبًا وَقِرْطَاسًا على صَدْرِهِ .

(২) সঠিক / ভুল যাচাই কর:

ক) صَنْدُوْقٌ শব্দটি فِعْل

খ) بَكْرٌ শব্দটি حَرْف

গ) كَيْفَ শব্দটি اسم

ঘ) مَا শব্দটি فعل

ঙ) أَوْ শব্দটি اسم

চ) عَاصِمَةٌ শব্দটি فعل

ছ) قَرَأَ শব্দটি اسم

জ) يَذْهَبُ শব্দটি فعل

ঝ) بِالله এর মধ্যে ب বর্ণটি اسم

ঞ) তানবিন فعل এর আলামত।

ট) مَاضِى এর রূপান্তরগুলো فعل

ঠ) ال থাকলে حرف হবে।

(৩) এক কথায় উত্তর দাও:

ক) مُفْرَدٌ অর্থ কী ?

খ) مفرد এর অপর নাম কী ?

গ) كلمة কাকে বলে ?

ঘ) اسم এর একটি উদাহরণ দাও।

ঙ) فعل বলতে কী বুঝ ?

চ) "ছাত্রটি পড়ল"- এ বাক্যে فعل কোনটি ?

ছ) "তুমি মসজিদের দিকে যাও"- এ বাক্যে حرف কোনটি ?

জ) . اَلتُّفَاحَةُ عَلى الطَّاوِلَةِ - এ বাক্যে اسم কয়টি ?

ঝ) তানবিন কিসের আলামত ?

ঞ) مِرْوَحَةٌ শব্দটি اسم কেন ?

ত) يَذْهَبُ শব্দটি فعل কেন ?

থ) عَالِمٌ শব্দটি কি حرف ?

দ) فِيْ শব্দটি كلمة এর কোন প্রকার ?

ধ) نَصَرَ শব্দটি كلمة এর কোন প্রকার ?

(৪) শূন্যস্থান পূরণ কর:

ক) كِتَابٌ শব্দটি.....।

খ) ......... শব্দটি حرف

গ) اَلْأُسْتَاذُ শব্দটিতে ..... اسم এর আলামত।

ঘ) ذَهَبْتُ إِلى دَاكَا বাক্যে .... فعل

ঙ) لَاتَفْعَلْ শব্দটিতে .... حرف

চ) ذَهَبْتَ إِلى دَاكَا বাক্যে .... اسم

বড় প্রশ্ন

(৫) নিজের পক্ষ থেকে ১০টি করে حرف ، فعل ، اسم লিখ।

(৬) اسم কাকে বলে ? اسم এর আলামত গুলে উদাহরণসহ বর্ণনা করো।

(৭) فعلকাকে বলে ? فعل চেনার উপায় কী ? উদাহরণসহ বর্ণনা করো।

(৮) حرف কাকে বলে ? উদাহরণ দাও।

## ৫ নং সবক

## مُؤَنَّث ও مُذَكَّر

## Masculine & Feminine Gender

مذكر এর পরিচয়:

اَلْاِسْمُ الْمُذَكَّرُ هُوَ مَا دَلَّ عَلى ذَكَرٍ .

অর্থাৎ যে اسم দ্বারা পুরুষ জাতিকে বুঝায়, তাকে مذكر বলে।

যেমন: ছেলে, বাবা, ভাই, খালু।

مؤنث এর পরিচয়:

اَلْاِسْمُ الْمُؤَنَّثُ هُوَ مَا دَلَّ عَلى أُنْثى .

অর্থাৎ যে اسم দ্বারা স্ত্রী জাতিকে বুঝায় তাকে مؤنث বলে।

যেমন: মা , মেয়ে , রহিমা, আয়েশা।

সহজে مؤنث চেনার উপায় নিম্নে পেশ করা হল:

(ক) যে কোন মহিলার নাম হওয়া। যেমন: زينب

(খ) যে সকল শব্দ একমাত্র মহিলাদেরই বৈশিষ্ট্য। যেমন: . اَلْبِنْتُ . اَلْأُخْتُ . اَلْأُمُّ

(গ) যে কোন স্থানের নাম, দেশ, শহর , গোত্র - বংশ, দল ইত্যাদির নামসমূহ ।
যেমন: . بَنْغْلَادِيْش , بَاكِسْتَان , اَلْهِنْد , دَاكَا , قُرَيْش

(ঘ) দেহের জোড়া জোড়া অঙ্গগুলো। যেমন: . رَجُلٌ . عَيْنٌ . يَدٌ

(ঙ) কোন শব্দের শেষে গোল তা ( ة ) থাকা। যেমন: . مِرْوَحَةٌ . طَاوِلَةٌ

(চ) শব্দের শেষে اَلْأَلِفُ الْمَقْصُوْرَةُ বা اَلْأَلِفُ الْمَمْدُوْدَةُ হওয়া।

**বি.দ্র.** اسم এর শেষে همزة এর পূর্বে الف থাকলে তাকে الألف الممدودة বলে। (الف এর পূর্বে মূল তিন অক্ষর থাকতে হবে।) যেম: . حمراء কিন্তু حذاء . ماء শব্দ দুটি مؤنث নয় বরং مذكر হবে। কেননা এখানে الف এর পূর্বে তিন অক্ষর নেই।

اسم এর শেষে الف থাকলে তাকে الألف المقصورة বলে। যেমন:حُبْلى

কোন শব্দে مؤنث এর আলামত না থাকলে তা مذكر হবে।

## ৬ নং সবক

**مؤنث এর প্রকারভেদ:**

## مُذَكَّر ا مُؤَنَّث

مؤنث **দুই প্রকার: (১)** المؤنث الحقيقى **(২)** المؤنث غير حقيقى

المؤنث الحقيقى **এর পরিচয়: যে** مؤنث **এর বিপরীতে কোন** مذكر **প্রাণী আছে , তাকে** المؤنث الحقيقى **বলে।**
**যেমন:** امرأة **শব্দটি** مؤنث **- এর বিপরীত** مذكر **প্রাণী হলো** رجل **শব্দটি।** بنت **শব্দের বিপরীত** مذكر **প্রাণী হলো** ابن **শব্দটি।**

المؤنث غير عقيقى **এর পরিচয়: যে** مؤنث **এর বিপরীতে কোন** مذكر **প্রাণী নেই।**

**যেমন:** طاولة **শব্দটি** مؤنث **- কিন্তু এ শব্দটির বিপরীতে কোন** مذكر **প্রাণী নেই। অর্থাৎ কোন পুরুষ টেবিল নাই। তাই** طاولة **শব্দটি** المؤنث غير حقيقى **হয়েছে।**

**সহজে বুঝতে হলে মনে রাখতে হবে:** المؤنث الحقيقى **শুধু মাত্র প্রাণীদের ক্ষেত্রে হয়ে থাকে। যাদেরকে আমরা প্রাণী বলে থাকি তাদের ক্ষেত্রেই হবে। যেমন: গাছ একটি উদ্ভিদ, কিন্তু আমরা একে প্রাণী বলিনা। তাই উদ্ভিদ ও বস্তুবাচক কোন শব্দের** مؤنث **টি** مؤنث غير حقيقى **হবে।**

### التدريبات

**(১) নিম্নের শব্দগুলো থেকে** مذكر **ও** مؤنث **বের কর এবং** معرفة **ও** نكرة **আলাদা কর:**

تِلْمِيْذٌ . تِلْمِيْذَةٌ . طِفْلٌ . طِفْلَةٌ . دَاكَا . وَلَدٌ . جَادْبُوْر . ضَعِيْفٌ . صَنْدُوْقٌ . سَوْدَاءُ عصَا . مُجْتَهِدٌ . دَرَّاجَةٌ . مَشْهُوْرٌ . يَدٌ . نَافِذَةٌ . عَيْنٌ . سَيَّارَةٌ . حَقِيْبَةٌ . بَطْنٌ . بِنْتٌ صَدْرٌ . أُمٌّ . مَطَارٌ . مُؤَدَّبَةٌ . عاصِمَةٌ . سُوْقٌ . غُرْفَةٌ . قَلْبٌ . قِصَّةٌ . نُوْرٌ . كُرْسِيٌّ . أُخْتٌ . عَمٌّ . بِنْتٌ . عَمَّةٌ . أُمٌّ .

**(২) এক কথায় উত্তর দাও:**

ক) قلم **শব্দটি** مذكر **কেন ?**

খ) عَاشُوْرَاء **শব্দটি** مؤنث **কেন ?**

গ) الألف الممدودة **কাকে বলে ?**

ঘ) عَاصِمَةٌ **শব্দটি কি** مذكر **?**

ঙ) بِنْتٌ **শব্দটি** مؤنث **কেন ?**

চ) أُخْرى **শব্দটি** مذكر **না** مؤنث **?**

ছ) حاجي غنج **শব্দটি** مذكر **না** مؤنث **?**

জ) كُرْمى শব্দটি مؤنث কেন ?

ঝ) مؤنث কত প্রকার ?

ঞ) مؤنث غير حقيقى কাকে বলে ?

ট) প্রানহীনদের মাঝে কি مؤنث حقيقى হয় ?

ঠ) مؤنث حقيقى কাকে বলে ?

**৭ নং সবক**

(৩) সঠিক / ভুল যাচাই ক:

ক) مَاءٌ শব্দটি مؤنث

খ) كُوْبٌ শব্দটি مذكر

গ) رام غنج শব্দটি مذكر

ঘ) প্রতিটি গ্রামের নাম مؤنث

ঙ) وُثْقى শব্দটি مؤنث

চ) قَرْيَةٌ শব্দটি مذكر

ছ) حقيبة শব্দটি مؤنث حقيقى এর অন্তর্ভুক্ত।

জ) أُمٌّ শব্দটি مؤنث حقيقى নয়।

(৪) শূন্যস্থান পূরণ কর:

ক) هَاتِفٌ শব্দটি ....... ।

খ) ...... শব্দটি مذكر

গ) ...... مؤنث এর একটি আলামত।

ঘ) قَلَنْسُوَةٌ শব্দটি ........ ।

ঙ) الألف المقصورة টি ........ এর আলামত।

চ) مؤنث حقيقى ....... প্রকার।

বড় প্রশ্ন

(৫) উদাহরণ সহ مذكر ও مؤنث এর পরিচয় দাও।

(৬) مؤنث কত প্রকার ও কী কী ? উদাহরণসহ আলোচনা করো।

নিম্নের শব্দার্থগুলো মুখস্থ করো।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| একটি খাতা | كُرَّاسَةٌ | একটি টেবিল | طَاوِلَةٌ | একটি রুম | حُجْرَةٌ |
| একটি জানালা | نَافِذَةٌ | একটি তালা | قُفْلٌ | একটি চাবি | مِفْتَاحٌ |
| একটি বাক্স | صَنْدُوْقٌ | একটি ঘড়ি | سَاعَةٌ | একটি ছাতা | مِظَلَّةٌ |
| একটি চশমা | نَظَّارَةٌ | একটি গাড়ি | سَيَّارَةٌ | একটি সাইকেল | درَّاجَةٌ |
| কালো | سَوْدَاءُ | ভদ্র | مُؤَدَّبٌ | একটি লাঠি | عَصًا |
| একটি মেয়ে | بِنْتٌ | একটি ছেলে | اِبْنٌ | মা | أُمٌّ |
| পিতা | أَبٌ | বোন | أُخْتٌ | ভাই | أُخٌّ |
| চাচা | عَمٌّ | চাচী | عَمَّةٌ | দাদা | جَدٌّ |
| দাদী | جَدَّةٌ | মহিলা | اِمْرَأَةٌ | পুরুষ | رَجُلٌ |

## ৮ নং সবক

## مفرد , مثنى , جمع

## Singular & Plural

বচন হিসেবে اسم তিন প্রকার:

১) وَاحِدٌ    ২) تَثْنِيَةٌ    ৩) جَمْعٌ

واحد এর পরিচয়:

هو كل اسم دلّ على شيئٍ واحدٍ مذكّرًا كان أو مؤنّثًا.

অর্থ: পুরুষ বাচক হোক বা স্ত্রী বাচক হোক যে اسم একটি মাত্র জিনিসকে নির্দেশ করবে সেটি واحد

সুতরাং যে اسم দ্বারা একটি মাত্র ব্যক্তি বা বস্তুকে বুঝানো হয় তাকে واحد বলে। واحدএর অপর নাম হল مفرد যেমন: قلم অর্থ: একটি কলম।

مثنًّى এর পরিচয়:

مثنًّى: هو كُلُّ اسْمٍ دَلَّ عَلى شَيْئَيْنِ.

অর্থ: যে اسم দুটি জিনিসের প্রতি নির্দেশ করে সেটি تثنية ।

সুতরাং যে اسم দ্বারা দুটি বস্তু বা ব্যক্তিকে বুঝায় তাকে تثنية বলে। تثنية এর অপর নাম হল مثنى যেমন: قلمَانِ অর্থ: দুটি কলম।

جمع এর পরিচয়:

جمع: هو كُلُّ اِسْمٍ دَلَّ عَلى أَكْثَرَ مِنْ اِثْنَيْنِ.

অর্থ: যে اسم দুটির বেশি বস্তু বা ব্যক্তিকে বুঝায় তা جمع ।

সুতরাং যে اسم দ্বারা দু এর অধিক ব্যক্তি বা বস্তুকে বুঝায়, তাকে جمع বলে।

যেমন: أَقْلَامٌ অর্থ: অনেক কলম।

مُثَنّى এর গঠন:

সাধারণত اسم গুলো مفرد হয়। যেমন: مسلم

مفرد এর শেষে অতিরিক্ত ان বা ين (ى এর পূর্বে যবর থাকবে) যোগ করে مثنى গঠন করতে হয়।

যেমন: مُسْلِمٌ থেকে مُسْلِمَانِ ، مُسْلِمَيْنِ , قلم থেকে قَلَمَانِ ، قَلَمَيْنِ

مثنى এর نون সর্বদা যের বিশিষ্ট হয়।

## ৯ নং সবক

جمع এর প্রকারভেদ:

جمع তিন প্রকার - (১) جَمْعُ الْمُذَكَّرِ السَّالِمُ
(২) جَمْعُ الْمُؤَنَّثِ السَّالِمُ
(৩) جَمْعُ مُكَسَّر

جمع এর গঠন:

مفرد এর শেষে অতিরিক্ত ون বা ين (ى এর পূর্বে যের থাকবে) যোগ করে جمع المذكر السالم গঠন করতে হয়। যেমন: مسلم থেকে مسلمون، مسلمِين

مفرد এর শেষে অতিরিক্ত ات যোগ করে جمع المؤنث السالم গঠন করতে হয়।

যেমন: مُسْلِمَةٌ থেকে مُسْلِمَاتٌ , صَالِحَةٌ থেকে صَالِحَاتٌ

মনে রাখতে হবে: جمع المذكر السالم এর نون সর্বদা যবর বিশিষ্ট হয়।

مفرد এর حرف কমিয়ে বা বাড়িয়ে বা শুধু হরকত পরিবর্তন করে যে جمع গঠন করা হয় অর্থাৎ যেখানে واحد এর মূল ভিত্তি ঠিক থাকে না, তাকে جمع مكسر বলে। এ جمع চেনার কোন উপায় নেই। বরং মুখস্থ করে করে জেনে নিতে হবে। যেমন: قلم থেকে أقلام

নিম্নের جمع مكسر গুলো মুখস্ত করো।

| معنى | مفرد | جمع مكسر | معنى | مفرد | جمع مكسر |
|---|---|---|---|---|---|
| মানুষ | إِنْسَانٌ | أُنَاسٌ | বই | كِتَابٌ | كُتُبٌ |
| কলম | قَلَمٌ | أَقْلَامٌ | চেয়ার | كُرْسِيٌّ | كَرَاسِيٌّ |
| দরজা | بَابٌ | أَبْوَابٌ | দেয়াল | جِدَارٌ | جُدْرَانٌ |
| ঘর | بَيْتٌ | بُيُوْتٌ | খাট | سَرِيْرٌ | سُرُرٌ |
| পুরুষ | رَجُلٌ | رِجَالٌ | তালা | قُفْلٌ | أَقْفَالٌ |
| দেয়াল | جِدَارٌ | جُدْرَانٌ | মহিলা | اِمْرَأَةٌ | نِسَاءٌ |
| জ্ঞানী | عَالِمٌ | عُلَمَاءُ | বালতি | دَلْوٌ | دِلَاءٌ |

مفرد , مثنى , جمع

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বাগান | حَدِيْقَةٌ | حَدَائِقُ | আঙ্গুর | عِنَبٌ | أَعْنَابٌ |
| ছাত্র | طَالِبٌ | طُلَابٌ | ছাত্র | تِلْمِيْذٌ | تَلَامِيْذُ |
| শরীর | جِسْمٌ | أَجْسَامٌ | শহর | مَدِيْنَةٌ | مُدُنٌ |
| দেশ | بَلَدٌ | بُلْدَانٌ | গাছ | شَجَرٌ | أَشْجَارٌ |

## ১০ নং সবক

| معنى | مفرد | جمع المؤنث السالم | معنى | مفرد | جمع المؤنث السالم |
|---|---|---|---|---|---|
| চশমা | نَظَّارَةٌ | نَظَّارَاتٌ | ঘড়ি | سَاعَةٌ | سَاعَاتٌ |
| সাইকেল | دَرَّاجَةٌ | دَرَّاجَاتٌ | ছাতা | مِظَلَّةٌ | مِظَلَّاتٌ |
| শিক্ষিকা | مُدَرِّسَةٌ | مُدَرِّسَاتٌ | ব্লাকবোর্ড | سَبُّوْرَةٌ | سَبُّوْرَاتٌ |
| ব্যাগ | حَقِيْبَةٌ | حَقِيْبَاتٌ | খাতা | كُرَّاسَةٌ | كُرَّاسَاتٌ |
| টেবিল | طَاوِلَةٌ | طَاوِلَاتٌ | জানালা | نَافِذَةٌ | نَافِذَاتٌ |
| সত্যবাদী | صَادِقَةٌ | صَادِقَاتٌ | বন্ধ | مُغْلَقَةٌ | مُغْلَقَاتٌ |

| অর্থ | مفرد | جمع المذكر السالم | অর্থ | مفرد | جمع المذكر السالم |
|---|---|---|---|---|---|
| ভাল | طَيِّبٌ | طَيِّبُوْنَ | সৎ | صَالِحٌ | صَالِحُوْنَ |
| বিখ্যাত | مَشْهُوْرٌ | مَشْهُوْرُوْنَ | নতুন | جَدِيْدٌ | جَدِيْدُوْنَ |
| ভদ্র | مُؤَدَّبٌ | مُؤَدَّبُوْنَ | ছাত্র | طَالِبٌ | طَالِبُوْنَ |
| মেধাবী | ذَكِيٌّ | ذَكِيُّوْنَ | শিক্ষক | معَلِّمٌ | مُعَلِّمُوْنَ |
| খারাপ | شَرِيْرٌ | شَرِيْرُوْنَ | আন্তরিক | مُخْلِصٌ | مُخْلِصُوْنَ |

**মনে রাখতে হবে:** সব শব্দের جمع المذكر السالم হয় না। বরং যে শব্দগুলো দ্বারা দোষ - গুন বুঝায় বা যে শব্দগুলো اسم الفاعل , اسم المفعول اسم التفضيل এই তিন বহছের কোন এক বহছের শব্দ হবে , তখন এগুলো দ্বারা جمع المذكر السالم হতে পারে। যেমন: رجل শব্দটি দ্বারা جمع المذكر السالم হবে না। কেননা এই শব্দটি দোষ - গুন বা তিন বহছের

কোন  এক বহুছের শব্দও নয়। কিন্তু صالح শব্দের جمع المذكر السالم হবে , কেননা এ শব্দটি اسم الفاعل এর সিগাহ। তাই صالح এর جمع المذكر السالم হলো  صالحون

## ১১ নং সবক

### التدريبات

(১) নিম্নের বাক্যগুলো থেকে مفرد، مثنى، جمع، খুঁজে বের কর এবং معرفة ও نكرة আলাদা করো।

اَلرَّجُلُ مُؤَدَّبٌ . اَلرَّجُلَانِ مُؤَدَّبَانِ . اَلطَّالِبُوْنَ مُؤَدَّبُوْنَ . اَلْمُعَلِّمَاتُ مَاهِرَاتٌ . اَلْمَدْرَسَتَانِ مَشْهُوْرَتَانِ . اَلْمُعَلِّمُ مُجْتَهِدٌ . اَلْمُعَلِّمُوْنَ مُجْتَهِدُوْنَ . اَلصَّادِقَاتُ مَفْلِحَاتٌ . اَلطِّفْلَةُ صَغِيْرَةٌ . رَاشِدٌ مَعَلَّمٌ . اَلتِّلْمِيْذُ مَاهِرٌ . مُحَمَّدٌ قَوِىٌّ . اَلنَّافِذَاتُ مُغْلَقَاتٌ . اَلْبَابُ مغلقٌ . اَلطَّالِبُ مَشْهُوْرٌ . الفصل نَظِيْفٌ. المسلمات ذكيَّاتٌ . الكتابان كبيرانِ . العالِمُوْنَ مشهوروْنَ . الصَّالِحاتُ عَابِدَاتٌ . النَّافِذَتَانِ مُغْلَقَتَانِ .

(২) নিম্নের শব্দগুলোকে مثنى বানাও:

فِرَاشٌ . قَمِيْصٌ . لِبَاسٌ . مِنْدِيْلٌ . وِسَادَةٌ . قلنسوةٌ . عِمامَةٌ . حِذَاءٌ . قُفْلٌ . مِفْتَاحٌ . ساعةٌ . نظارةٌ . دَرَّاجَةٌ . صُنْدُوْقٌ . مِظَلَّةٌ . سَيَّارةٌ . كتاب .

(৩) নিম্নের শব্দগুলোকে جمع المذكر السالم বানাও:

طَالِبٌ . عَالِمٌ . فَائِزٌ . نَاصِرٌ . سَامِعٌ . حَامِدٌ . مَقْرُوْءٌ . مَنْصَوْرٌ . مَاهِرٌ . ضَعِيْفٌ . جَمِيْلٌ . جَدِيْدٌ . مشهورٌ . تاجرٌ . دَاخِلٌ . خارِجٌ . مَدْخُوْلٌ .

(৪) নিম্নের শব্দগুলোকে جمع المؤنث السالم বানাও:

طَالِبَةٌ . عَالِمَةٌ . فَائزةٌ . نَاصِرَةٌ . مَسْمُوْعَةٌ . مَمْدُوْحَةٌ . قَارِئَةٌ . مَنْصُوْرَةٌ . ماهِرَةٌ . ضَعِيْفَةٌ . جَمِيْلَةٌ . جدِيدةٌ . مشْهورةٌ . تَاجِرَةٌ . خارِجةٌ .

বড় প্রশ্ন

(৫) বচন হিসেবে اسم কত প্রকার ও কী কী ? প্রত্যেক প্রকারের সংজ্ঞা উদাহরণসহ  লেখ।

(৬) جمع এর গঠন নিয়ে উদাহরণসহ আলোচনা করো।

## ১২ নং সবক

(৩) এক কথায় উত্তর দাও:

ক) বচন হিসেবে اسم কত প্রকার ?

খ) مفرد এর শেষে কি বসালে مثنى হবে ?

গ) ون থাকা কিসের আলামত ?

ঘ) শেষে ات থাকলে কোন جمع হবে ?

ঙ) مثنى এর নূন সর্বদা কী হবে ?

গ) جمع এর নুনে যের হয় না যবর হয় ?

ঘ) جمع المذكر السالم কি যে কোন শব্দ থেকে গঠিত হবে ?

(৪) শূন্যস্থান পূরণ কর:

ক) مفرد এর শেষে ون থাকলে ............ হবে।

খ) جمع المؤنث السالم বানাতে হলে مفرد এর শেষে ...... যোগ করতে হবে।

গ) رِسَالَتَانِ শব্দটি ......... ।

ঘ) هُمْ جَيِّدُوْنَ বাক্যের মধ্যে .......... শব্দটি جمع المذكر السالم হবে।

ঙ) শেষে ات থাকলে ............ হবে।

চ) مثنى চেনার উপায় হল শেষে অতিরিক্ত ........... থাকা।

(৯) সঠিক / ভুল যাচাই কর:

ক) عَابِدَاتٌ শব্দটি جمع المؤنث السالم

খ) عَابِدُوْنَ শব্দটি مثنى

গ) ان দ্বারা جمع চেনা যায়।

ঘ) শেষে ات থাকা مثنى চেনার উপায়।

ঙ) শব্দের শেষে ان যোগ করলে جمع المذكر السالم গঠিত হয়।

## ১৩ নং সবক

## اسم منقوص، مقصور، أسماء خمسة

**اسم منقوص** এর পরিচয়: যে اسم এর শেষে ياء لازمة আছে এবং পূর্বে যের আছে। যেমন: قَاضِي . عَادِي .

**اسم مقصور** এর পরিচয়: যে আরবী শব্দের শেষে الف لازمة থাকবে এবং الف এর পর কোন همزة থাকবেনা। যেমন: اَلْهُدى. العصى. داكا.

**الأسماء الخمسة** তথা أبو. أخو. فو. حمو. ذو. এগুলোরই অপর নাম হলো الأسماء الستة অর্থাৎ ছয়টি اسم । আরবগণ هَنٌ শব্দটি ব্যবহার করেননা। তাই আমরাও এখানে هَنٌ শব্দটি উল্লেখ করিনি।

### التدريبات

ক) اسم منقوص কাকে বলে ?

খ) اسم منقوص এর উদাহরণ কী ?

গ) الأسماء الخمسة কতটি ?

ঘ) الأسماء الخمسة গুলো কী কী ?

ঙ) اسم مقصور কাকে বলে ?

চ) اسم مقصور এর উদাহরণ কী ?

ছ) كتابى শব্দটি কি اسم مقصور ?

জ) بشرى শব্দটি কোন প্রকার اسم ?

## ১৪ নং সবক

## نَكِرَة ও مَعْرفة

## Definite & Indefinite

معرفة এর পরিচয়:

اَلْمَعْرِفَةُ اِسْمٌ يَدُلُّ عَلى شَيْءٍ مُعَيَّنٍ .

অর্থাৎ যে اسم কোন নির্দিষ্ট কিছুকে বুঝায়, তাকে معرفة বলে।

نكرة এর পরিচয়:

اَلنَّكِرَةُ اِسْمٌ يَدُلُّ عَلى شَيْءٍ غَيْرِ مُعَيَّنٍ .

অর্থাৎ যে اسم কোন অনির্দিষ্ট কিছুকে বুঝায়, তাকে نكرة বলে।

معرفة সাত প্রকার:

১. ضَمِيرٌ
২. اِسْمُ الإِشَارَةِ
৩. اِسْمُ الْمَوْصُوْل
৪. عَلَمٌ
৫. ال যুক্ত শব্দ।
৬. পরের যেকোন একটির দিকে مضاف হওয়া।
৭. منادى نكرة مُعَيَّن হওয়া।

(১) ضمير: যা নামের পরিবর্তে ব্যবহৃত হয়। যেমন:-

| | | | | | |
|---|---|---|---|---|---|
| তাহারা (পু.) | هُمْ | তারা (দু জন) | هُمَا | সে (পু.) | هُوَ |
| তাহারা (স্ত্রী) | هُنَّ | তারা (দু জন) | هُمَا | সে (স্ত্রী) | هِيَ |
| তোমরা (পু.) | أَنْتُمْ | তোমরা (দু জন পু.) | أَنْتُمَا | তুমি (পু.) | أَنْتَ |
| তোমরা (পু.) | أَنْتُنَّ | তোমরা (দু জন স্ত্রী) | أَنْتُمَا | তুমি (স্ত্রী) | أَنْتِ |
| তোমার, তোমাকে (পু.) | كَ | আমরা | نَحْنُ | আমি | أَنَا |
| তোমার, তোমাকে (স্ত্রী) | كِ | তোমাদের,তোমাদেরকে (অনেক পু.) | كُمْ | তোমাদের, তামাদেরকে (দু জন) | كُمَا |
| আমার | يَ | তোমাদের,তোমাদেরকে (অনেক স্ত্রী) | كُنَّ | তোমাদের, তোমাদেরকে (দু জন) | كُمَا |
| তার (স্ত্রী) | هَا | তার (পু.) | ه | আমাদের | نَا |

## ১৫ নং সবক

هُوَ، هُمَا، هُمْ ، هِيَ ، هُنَّ ، أَنْتَ ، أَنْتُمَا ، أَنْتُمْ ، أَنْتِ ، أَنْتُنَّ ، أَنَا ، نَحْنُ ، كَ ، كُمَا ، كُمْ ، كِ ، كُنَّ ، يَ ، نَا ، ه ، هَا.

এবং تْ ব্যতিত فعل এর শেষের আলামতগুলোও ضمير হবে।

(৩) اسم الموصول: যে, যিনি, যাকে, যারা, যেগুলো ইত্যাদি অর্থে ব্যবহৃত اسم কে اسم الموصول বলে।

যেমন: - اَلَّذِىْ اَلَّذَانِ اَلَّذِيْنَ اَلَّتِىْ اَلَّتَانِ اَلاَّتِىْ.

(৪) اسم الإشارة: যা দ্বারা ইশারা করা হয়।

**যেমন:** - هذَا هذَانِ هذِه هَاتَانِ ذلِكَ تِلْكَ أُولئِكَ هؤُلَاءِ

**যেমন:** - . ذلك كتاب (এই একজন লোক) هذا رجل (ঐ একটি কিতাব)

(৫) ال যুক্ত শব্দ। যেমন:- القلم

উপরোক্ত প্রকারগুলো ব্যতিত বাকি اسم গুলো نكرة হবে।

(৬) উপরের কোন এক প্রকার معرفة এর পূর্বে কোন نكرة থাকা যেটি مضاف হবে।

**যেমন:** . كتاب ماجد - মাজেদের কিতাব। এখানে كتاب শব্দটি نكرة , কিন্তু ماجد শব্দটি معرفة - نكرة টি معرفة এর পূর্বে আসার কারণে كتاب শব্দটি এখন معرفة হয়েগেছে।

(৭) نَكِرَة معيَّنَة منادى অর্থাৎ حرف النداء এর পরে কোন শব্দ থাকা।

**যেমন:** يا رجل এখানে رجل শব্দটি نكرة কিন্তু يا হরফের পরে আসার কারণে معرفة হয়েগেছে।

فعلএবং حرف কখনো معرفة বা نكرة কোনটাই হয়না।

## ১৬ নং সবক

## التدريبات

১) নিম্নের শব্দগুলোর কোনটি معرفة এর কোন প্রকার বল:

اِبْرَاهِيْم . مَاجِد . عِرَاق . بَنْغْلَادِيْش . اَلَّذِىْ . اَلْبَيْت . هُوَ . كَشْمِيْر . اَلَّاتِىْ . هُنَّ . رَحِيْمَةُ . سَعْدِيَةُ. أَنَا . سُمَيَّةُ . مِصْر . كُمْ . اَلَّذِيْنَ . اَلْمدْرَسَةُ . اَلْحَدِيْثُ . فَاطِمَةُ . مُحَمَّد .

(২) নিম্নের শব্দগুলোর কোনটি معرفة এবং কোনটি نكرة বল:

هذا كتابٌ. ذلك قلمٌ. تِلْكَ حقيبةٌ. أولئكَ مُسْلِمُوْنَ. هؤلاءِ صَائِمَاتٌ . هُوَ بِلَالٌ. مَحْمُوْدٌ تَاجِرٌ. أنا مُعَلِّمٌ . أنتَ تِلْمِيْذٌ . عَائِشَةُ عَابِدَةٌ. طَاوِلَةُ الْمَدْرَسَةِ جَدِيْدَةٌ. أنتَ اَلَّذِىْ ذَاهِبٌ إِلى اَلْمَسْجِدِ. هُمُ اَلَّذِيْنَ قَارِئُوْنَ الْكِتَابَ. سَاعَةُ الصَّفِّ ثَمِيْنَةٌ. هُمَا اَلَّذَانِ نَاصِرَانِ الْمُسْلِمِيْنَ. أُخْتُكَ عَالِمَةٌ. اِبْنُهُمْ جَيِّدٌ. عَمُّكُمْ مُعَلِّمٌ. أُمُّهُمَا الَّتِىْ صَائِمَةٌ .

(৩) এক কথায় উত্তর দাও:

ক) أنت শব্দটি معرفة না نكرة ?

খ) كتاب শব্দটি কি معرفة ?

গ) من শব্দটি কি نكرة ?

ঘ) العالم শব্দটি معرفة এর কোন প্রকার ?

ঙ) هن শব্দটি معرفة কেন ?

চ) ماجد শব্দটি কি نكرة ?

ছ) الذين هم এখানে কোনটি اسم الموصول ?

জ) هذَا الْكِتَابُ مُفِيْدٌ এ বাক্যে কোন শব্দটি نكرة ?

ঞ) أَنْتَ طَبِيْبٌ এখানে কোন শব্দটি معرفة ?

(৪) শূন্যস্থান পূরণ কর:

ক) যে اسم নির্দিষ্ট বস্তু বা ব্যক্তিকে বুঝায় তাকে ......... বলে।

খ) كتاب শব্দের শুরুতে ال না থাকাতে ইহা .......।

গ) هما শব্দটি ........ হওয়ার কারণে معرفة

ঘ) معرفة এর ২য় প্রকার হল ........ ।

ঙ) اَلْوَلَدُ صَالِحٌ এখানে ....... نكرة

বড় প্রশ্ন

(৫) নিজের পক্ষ থেকে معرفة এর প্রতিটি প্রকারের জন্য ১০টি করে উদাহরণ দাও।

(৬) معرفة কাকে বলে ? معرفة কত প্রকার ও কী কী ? প্রত্যেকটি প্রকার উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(৭) نكرة কাকে বলে ? উদাহরণসহ লিখ।

## ১৭ নং সবক
## ১৬ (ষোল) প্রকার ইসম

إعراب গ্রহণ করা না করার দিক থেকে اسم দু'প্রকার। اسم غير متمكنة ও اسم متمكنة। اسم متمكنة আবার ১৬ প্রকার। যথা:

১. مُفْرَدٌ مُنْصَرِفٌ صَحِيْحٌ: এমন একবচন শব্দ যার শেষাক্ষরে حرف علة নেই এবং শব্দটি غير منصرف নয়। যেমন: أُسْتاذٌ

২. جَارِيْ مَجْرَيِ الصَّحِيْحِ: এমন একবচন শব্দ যার শেষাক্ষরে واو/ ياء হয়ে পূর্বে ساكن থাকে। যেমন: رَمْيٌ

৩. جَمْعٌ مُكَسَّر: যে جمع তার واحد এর ভিত্তি ভেঙ্গে جمع হয়েছে। যেমন: طُلَّابٌ، كُتُبٌ، فُصُوْلٌ

৪. غَيْرُ الْمُنْصَرِف: যে শব্দে নয়টি বিষয় থেকে দুটি বিষয় পাওয়া যায়। যেমন: أَحْمَدُ، مارية، عُمَرُ

৫. جَمْعُ الْمُذَكَّرِ السَّالِمُ: যে শব্দের শেষে অতিরিক্ত ون যুক্ত থাকে। যেমন: دارِسُوْنَ، مُفْلِحُون

৬. عِشْرُوْنَ – تِسْعُوْنَ: আরবী দশকের সংখ্যাগুলো তথা বিশ,ত্রিশ এভাবে নব্বই পর্যন্ত। যেমন: ثَلَاثُوْنَ، أَرْبَعُوْنَ خَمْسُوْنَ، سِتُّوْنَ

৭. أُولُوْا، ذَوُوْا: অধিকারীগণ, ওয়ালাগণ ইত্যাদি অর্থে এ শব্দ দুটি ব্যবহৃত হয়। যেমন: أُوْلُوْ الْعَظْمِ ذَوُوْالْعَقْلِ

৮. جَمْعُ الْمُؤَنَّثِ السَّالِمُ: যে শব্দের শেষে ات যুক্ত থাকে। যেমন: جَنَّاتٌ، صَالِحَاتٌ

৯. مُثَنًّى: যে কোনো দ্বিবচনের শব্দ। যেমন: شَيْخَانِ، جَنَّتَانِ

১০.كِلاَ، كِلْتَا: উভয়টি, দোনোটি ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। যেমন: كِلَاهُمَا، كِلْتَاهُمَا

১১.اِثْنانِ، اثْنَتانِ: দুই, দুজন ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। যেমন: اِثْنَانِ مَنَ الْكِتَابِ

১২.اِسْمٌ مَقْصُوْر: যে اسم এর শেষে ألف مقصورة زائدة থাকে। যেমন: هُدًى، رُمًى، حُبْلى

১৩. اَلْأَسْمَاءُ السِّتَّةُ: ছয়টি اسم; যথা: أَبٌ، أَخٌ، حَمٌ، هَنٌ، فُو، ذُو
যেমন: أَبُو هُرَيْرَةَ، أَخُوْكَ حَمُوْهُمْ، فُوْالْوَلَدِ ذُوْالْعِلْمِ

১৪. الْمُتَكَلِّمِ: غَيْرُ جَمْعِ المذَكر السالم مُضَافٌ إِلى يَاءِ جمع المذكر السالم নয় এমন শব্দ যদি ضمير এর ي এর পূর্বে আসে। যেমন: أُسْتَاذِيْ، كِتَابِيْ

১৫. اِسْمٌ مَنْقُوْصٌ: যে اسم এর শেষে ياء لازمة এবং পূর্বে যের থাকে। যেমন: القَاضِيْ، المَرَامِيْ

১৬. جَمْعُ المذَكر السالم مُضَافٌ إِلى يَاءِ الْمُتَكَلِّمِ: جمع المذكر السالم ضمير এর ي এর পূর্বে ব্যবহৃত হওয়া। طَالِبِيَّ، نَاصِرِيَّ

## দ্বিতীয় অধ্যায়

## غير مفيدওمركب مفيد

### ১৮ নং সবক

### صِفَة ও مَوْصُوْف

### Adjective (এজেকটিভ)

موصوف এর পরিচয়:

اَلْمَوْصُوْفُ هُوَمَا تُذْكَرُ له الصِّفَةُ .

অর্থাৎ যার দোষ বা গুণ বর্ণণা করা হয় তাকে مَوْصُوْفٌ বলে।

صفة এর পরিচয়:

اَلصِّفَةُ لَفْظٌ يَدُلُّ عَلى نَعْتٍ فِيْ اِسْمٍ .

অর্থাৎ যে শব্দ দ্বারা কোন দোষ বা গুণ বুঝায় তাকে صِفَةٌ বলে।

موصوف এবং صفة চেনার সহজ উপায়:

সাধারণত দুটি نكرة পাশাপাশি আসলে অথবা দুটি معرفة পাশাপাশি আসলে প্রথমটি موصوف এবং ২য় টি صفة হবে।

নিম্নের টেবিলটি বুঝতে চেষ্টা কর:

| | | | |
|---|---|---|---|
| تلميذ جديد/ التلميذ الجديد | مَوْصُوْف + صِفَة | نكرة + نكرة | معرفة + معرفة |

শব্দার্থগুলো মুখস্থ কর:

| | | | |
|---|---|---|---|
| তালা | قُفْلٌ | নতুন | جديد جديدةٌ |
| পতাকা | عَلَمٌ | সুন্দর | جميل جميلةٌ |
| ঘর | بَيْتٌ | ছোট | صغير صغيرةٌ |

| | | | |
|---|---|---|---|
| বাতি | مِصْبَاحٌ | পুরাতন | قديم قديمةٌ |
| বাগান | حَدِيْقَةٌ | বড় | كبير كبيرةٌ |
| পাখা | مِرْوحةٌ | ভাল | جيد جيدة |
| রুম | حُجْرَةٌ | লম্বা | طويل طَوِيْلَةٌ |
| ছাতা | مِظَلَّةٌ | ছাবি | مفتاحٌ |
| ঘড়ি | سَاعَةٌ | চশমা | نظارة |
| সাইকেল | دراجة | গাড়ি | سَيَّارَةٌ |
| বাক্স | صُنْدُوْقٌ | রোলার | مِسْطَرَةٌ |
| খাতা | كُرَّاسَةٌ | ব্লাকবোর্ড | سبُّوْرَةٌ |
| ব্যাগ | حقيبة | টেবিল | طَاوِلَةٌ |
| জানালা | نَافِذَةٌ | খাট | سَرِيْرٌ |
| পতাকা | عَلَمٌ | বাতি | مِصْبَاحٌ |

**১৯ নং সবক**

**মনে রাখতে হবে:** موصوف টি مذكر হলে صفة টিও مذكر হবে। موصوف টি مؤنث হলে صفة টিও مؤنث হবে। موصوف টি مفرد হলে صفة টিও مفرد হবে। موصوف টি مثنى হলে صفة টিও مثنى হবে। موصوف টি جمع হলে صفة টিও جمع হবে।

موصوف টি معرفة হলে صفة টিও معرفة হবে। موصوف টি نكرة হলে صفة টিও نكرة হবে।

মনে রাখতে হবে যে কোন শব্দ صفة হতে পারেনা। صفة হওয়ার জন্য শর্ত হল , শব্দটি দোষ বা গুনবাচক হতে হবে। সাধারণত اسم التفضيل , اسم المفعول , اسم الفاعل এবং فَعَّالٌ , فَعُوْلٌ , فَعِيْلٌ ওযনের যে কোন শব্দ হলে صفة হতে পারবে। যেমন: رجل مسجد এখানে দুটি نكرة পাশাপাশি আসা সত্তেও موصوف صفة হবেনা। কেননা, مسجد শব্দটি اسم التفضيل , اسم المفعول , اسم الفاعل এবং فَعَّالٌ , فَعُوْلٌ , فَعِيْلٌ ওযন থেকে কোন এক ওযনে আসেনি। তাই এ শব্দটি صفة হবেনা।

## التدريبات

(১) নিম্নের উদাহরণগুলো পড়ে এবং موصوف ও صفة বের করে এবং অনুবাদ কর:

علَمٌ جَمِيْلٌ. قُفْلانِ جيِّدانِ. المسجدُ الْكبِيْرُ. البَيْتَانِ الصَّغِيْرَانِ. مِصْبَاحٌ قديْمٌ. حديقة جميلة . مِروَحة جَيِّدةٌ. طَالِبُوْنَ صَالِحُونَ. مَدْرَسَة كبِيْرَةٌ. اَلْحُجْرَاتُ الصَّغِيْرَاتُ. معلِّمُوْنَ مَاهِرُوْنَ. سَاعةٌ قدِيْمَة. قلم طويْل. مِصْبَاحانِ كبِيْرَانِ. باب صغيرٌ . جِدارَانِ جيدان. طاولةٌ صغيرةٌ . حقيبة جميلة . كراستان قديمتَان. عابدون قديمون. الصندوق الجديد. دراجة كبيرة. سرير جميل. ساعة طويلة . نافذات صغيرات. علم كبير . قفل صغير . مصباحان قديمان. كتاب جميل. نظارة جيِّدة . مفتاح جميل. مروحة جيدة .

## ২০ নং সবক

(২) এক কথায় উত্তর দাও:

ক) موصوف কাকে বলে ?

খ) দোষ - গুণকে কী বলে ?

গ) نکرة এর পর نکرة আসলে , প্রথম نکرة কে কী বলে ?

ঘ) معرفة এর পর معرفة আসলে , ২য় معرفة কে কী বলে ?

ঙ) قرآن مجيد এখানে صفة কোনটি ?

(৩) সঠিক / ভুল যাচাই করো।

ক) نکرة এর পর نکرة আসলে ২য়টির নাম صفة

খ) দুটি معرفة পাশাপাশি আসলে প্রথমটি موصوف হবে।

গ) وَلَدٌ صَالِحٌ এখানে ولد শব্দটি صفة হবে।

ঘ) نکرة এর পর معرفة আসলে প্রথমটি موصوف হবে।

ঙ) معرفة এর পর نکرة আসলে ২য়টি صفة হবে।

চ) مُعَلِّم ماهِرٌ এর মধ্যে معلم শব্দটি موصوف হবে।

ছ) الْقُرْآنُ الْكَرِيْمُ এখানে একটিও موصوف নয়।

(৪) শূন্যস্থান পূরণ কর:

قلم .... عالم ...... طاولة .... القلمان ..... الكتابان ....... العالمون ...... كتـاب ..... معلمـون ......... دراجتان ...... المظلة ....... السيارتان .......

(৫) নিম্নের বাক্যগুলোকে আরবী কর:

ভাল ছাত্র। ভাল মাদরাসা। ভাল ছাতা। নতুন ছেলে। মেধাবী ছাত্র। সুন্দর চেয়ার। সুন্দর বাগান। নতুন মাদরাসা। লম্বা টেবিল। বড় বাগান। ছোট বাগান।নতুন সাইকেল। পুরাতন ঘড়ি। পুরাতন বাড়ি। ছোট বাক্স।নতুন জানালা। লম্বা পতাকা। লম্বা জানালা। ছোট ব্যাগ। সুন্দর খাট। ছোট গাড়ি। বড় গাড়ি। নতুন জানালা। ছোট জানালা।

## ২১ নং সবক

## مُضَافٌ إِلَيْه ও مُضَافٌ

## Possessive (পসেসিভ)

একটি اسم কে অন্য একটি اسم এর প্রতি সম্বন্ধ করাকে إِضَافَةٌ বলে।

الإضَافَةُ: هِيَ نسبةٌ بين لفظتين، تُنسبُ الأولى إلى الثانيةِ بغيةَ تعريفِها أو تخصيصِها.

অর্থ: الإضَافَةُ হলো দুটি لفظ এর মাঝে এমন সম্পর্ক যাতে প্রথমটি কে تعريف বা تخصيص করার জন্য দ্বিতীয়টির প্রতি সম্পর্কিত করা হয়।

সম্বন্ধকৃত اسم কে مُضَافٌ বলে এবং যার দিকে সম্বন্ধ করা হয় তাকে مُضَافٌ إِلَيْه বলে। যেমন: رَسُوْلُ اللهِ (আল্লাহর রাসূল)

আরবীতে مضاف এবং مضاف إليه চেনার সহজ উপায় হল:

প্রথমটি نكرة এবং ২য়টি معرفة হলে مضاف إليه – مضاف হবে।

مضاف إليه সাধারণত যের বিশিষ্ট হয়।

মনে রাখতে হবে: نكرة এর পরে معرفة থাকলে نكرة টি مضاف হবে এবং معرفة টি مضاف إليه হবে।

نكرة + معرفة = مضاف + مضاف إليه. مثال = كتابُ الْأُسْتَاذِ

বাংলাতে مضاف إليه ও مضاف চেনার সহজ উপায় হল:

দুই শব্দের মাঝে “র” বর্ণ থাকা। বাংলাতে مضاف إليه প্রথমে থাকে এবং পরে مضاف থাকে। “র” বর্ণের পূর্বের শব্দটি مضاف إليه হবে এবং পরের শব্দটি مضاف হবে। যেমন: রাশেদের কিতাব। এখানে রাশেদ এবং কিতাব দুটি শব্দ। উভয়ের মাঝে “র” বর্ণ আছে। তাই রাশেদ শব্দটি مضاف إليه এবং কিতাব শব্দটি مضاف হয়েছে।

নিম্নের উদাহরণগুলো পড় এবং অনুবাদ কর:

كتاب راشدٍ . كتابُ الْمُعَلِّمِ . قلمُ خالدٍ . بيتُ اللهِ . مسلمُ الدَّارِ.

**التدريبات**

## ২২ নং সবক

নিম্নের শব্দার্থগুলো মুখস্থ কর:

| | | | |
|---|---|---|---|
| ঘড়ি | ساعة | বোন | أُخْتٌ |
| হার | عِقْدٌ | বন্ধু | صَدِيْقٌ |
| দাদা | جَدٌّ | শত্রু | عَدُوٌّ |
| ধর্ম | دِيْنٌ | নাম | اِسْمٌ |
| বাজার | سُوْقٌ | বাজার | سُوْقٌ |

مُضَافٌ إِلَيْه ও مُضَافٌ

| | | | |
|---|---|---|---|
| দৃশ্য | مَنْظَرٌ | গ্রাম | قَرْيَةٌ |
| শহর | مَدِيْنَةٌ | ছেলে | وَلَدٌ |

(১) নিম্নের উদাহরণগুলো থেকে مضاف ও مضاف إليه বের করে অনুবাদ কর:

معلّمُ المدْرَسَةِ. ساعةُ بَشِيْرٍ. ساعةُ المدرسةِ. بَيْتُ مَحْمُوْدٍ . أَخُوْ مَاجِدٍ . أُخْتُ بِلَالٍ.كتابُ الْمَدْرَسَةِ . حَقِيْبَةُ الْوَلَدِ . مَسْجِدُ الْقَرْيَةِ . مِفْتاحُ الْقفْلِ. مِصْباحُ الْغُرْفَةِ . قلمُ الدَّكَّانِ . عِقْدُ آمِنَةَ . مُعَلّمةُ الْمَدرسةِ . وَلَدُ ماجِدٍ . طَرِيْقُ الْبَلَدِ . مَنْظَرُ الْقَرْيَـةِ. سوقُ الْقريةِ . سوق المدينةِ . اِسْمُهَا . كِتَابُكُمْ . مَنْظَرُهُنَّ . طَرِيْقُ السُّوقِ . مدِيْنَـةُ الرَّسـوْلِ . قريـة المدينـةِ . مصـباحُ الْمَدْرَسَةِ . عِقْدُ المرأة . صَدِيْقُ الْمَسْجِدِ عدُوُّ اللهِ . عدُوُّ الْمُسْلِمِ. مسجدُ المدرسةِ. مسجد القريةِ .

(২) مضاف বসিয়ে শূন্যস্থান পূরণ করো:

........ كم . .......... هن . .......... المدرسة . ......... المسجد . ....... فاطمــــــة. .......... الله . ............ كمـا . ............ المسـلم . .......ماجـد . ....... الكتـاب . ............ المعلم . ............ التلميذ .........هما . ....... القلنسوة . ........... ماجد . ............ المدينة .

(৩) مضاف إليه বসিয়ে শূন্যস্থান পূরণ করো:

ولد ........ ساعة ....... مسجد ....... معلم .......... قرية ...... مدينــة ...... تاجــر ........ اســم .......... عدو ......... صديق ....... كتــاب ..... غرفــة ........ قصــة ......... ســرير ....... قلنسوة ........ حديقة .... مصباح ...... سبورة ........ صندوق ..... تلميذ ........

## ২৩ নং সবক

(৪) এক কথায় উত্তর দাও:

ক) تلميذ الْمَدْرَسَةِ এখানে কোনটি مضاف ?

খ) نكرة এর পরে معرفة আসলে نكرة কে কী বলে ?

গ) ولد صالح এখানে কি مضاف আছে ?

ঘ) معلم المدرسة এখানে কোনটি مضاف إليه ?

ঙ) مضاف এবং مضاف إليه এর মধ্যে কোনটি প্রথমে আসে ?

চ) বাংলাতে مضاف ও مضاف إليه চেনার উপায় কী ?

ছ) "কলমের কালি" এখানে مضاف কোনটি ?

জ) "র" বর্ণের পরের শব্দটি কী হবে ?

ঝ) বাংলাতে مضاف إليه কি প্রথমে থাকে ?

(৫) সঠিক / ভুল নির্ণয় করো:

ক) আরবীতে مضاف إليه প্রথমে আসে।

খ) مضاف টি সাধারণত نكرة হয়।

গ) صَفْحَةُ الْكِتَابِ এখানে الكتاب শব্দটি مضاف হয়েছে।

ঘ) كتابٌ جديدٌ এখানে كتاب শব্দটি مضاف হয়েছে।

ঙ) طاولة المدرسةِ এখানে مضاف নেই।

চ) "মোবাইলের দোকান " এখানে মোবাইল শব্দটি مضاف হয়েছে।

ছ) "মাদরাসার শিক্ষক " এখানে শিক্ষক শব্দটি مضاف হয়েছে।

জ) বাংলাতে مضاف إليه পরে থাকে।

(৬) বাংলায় অনুবাদ করো।

ছাত্রের টুপি। শিক্ষকের টুপি। মসজিদের টুপি। দোকানের টুপি। বাজারের টুপি। টুপির দোকান। টুপির বাজার। টুপির ঘর। মাদরাসার ছাত্র। তোমার ছেলে। তাদের মেয়ে। মাদরাসার ছাত্র। তোমাদের

বালিশ। জুতার দোকান। ছাত্রের জুতা। শিক্ষকের জুতা। ছাত্রের বালিশ। বালিশের ঘর। তালার চাবি। তালার দোকান। মজজিদের জুতা। আল্লাহর ঘর। ঘরের দরজা। তালার চাবি। ব্যাগের কিতাব।

خَبَرٌ ও مُبْتَدَأٌ

## ২৫ নং সবক

## خَبَرٌ ও مُبْتَدَأٌ

## Subject & Predicate

مبتدأ এর পরিচয়: বাক্যে যাকে নিয়ে আলোচনা করা হয় তাকে مبتدأ বলে।

المُبْتَدَأُ: هو الاسْمُ الذِي وُضِعَ لِيُخْبَرَ عَنْهُ.

অর্থ: যাকে নিয়ে আসা হয় তার ব্যপারে খবর দেওয়ার জন্য তাকে مبتدأ বলে।

خبر এর পরিচয়: مبتدأ সম্পর্কে যা কিছু বলা হয় তাকে خبر বলে।

الخَبَرُ: مَا يُخْبَرُ بِهِ عَنِ المُبْتَدَأِ لِيُتَمِّمَ مَعْنَى الجُمْلَةِ.

অর্থ: বাক্যের অর্থ পরিপূর্ণ করার জন্য مبتدأ সম্পর্কে যে সংবাদ দেওয়া হয় তাই خبر ।

القاعدة

প্রথমে معرفة থাকলে معرفة টি مبتدأ হবে। مبتدأ এর পর যা থাকবে তা - ই خبر হবে। যেমন: معرفة + نكرة = مبتدأ + خبر

اَلْكِتَابُ رَفِيْقٌ .

মনে রাখতে হবে: مبتدأ এবং خبر উভয়টি যখন مفرد হবে তখন:

مبتدأ টি যদি مذكر হয় তাহলে خبر টিও مذكر হবে। مبتدأ যদি مؤنث হয় তাহলে خبر টিও مؤنث হবে।

مبتدأ টি مفرد হলে خبر টিও مفرد হবে।

مبتدأ যদি مثنى হয় তাহলে خبر টি ও مثنى হবে।

مبتدأ যদি جمع হয় তাহলে خبر টিও جمع হবে।

বাংলা ভাষায় مبتدأ ও خبر এর নিয়ম হল, যাকে নিয়ে আলোচনা করা হয় তাকে مبتدأ ধরা যায়। বাকি আলোচনাকে خبر ধরা যায়। যেমন: "কিতাবটি সুন্দর" এ বাক্যে "কিতাবটি" নিয়ে আলোচনা করা হয়েছে। তাই "কিতাবটি" مبتدأ হয়েছে। আর "সুন্দর" শব্দটি خبر হয়েছে। তাই আরবী করার সময় কিতাব শব্দটিকে প্রথমে নিয়ে আসতে হবে। বাকি অংশটুকু পরে যাবে। যেমন: . الكتاب جميل তেমনিভাবে আব্দুর রহমান ভাল ছেলে। এখানে কাকে নিয়ে আলোচনা করা হয়েছে? উত্তর আসবে আব্দুর রহমানকে নিয়ে। তাই আব্দুর রহমান শব্দটি مبتدأ হয়েছে। আর ভাল ছেলে এ অংশটুকু خبر হয়েছে।

## ২৬ নং সবক

### التدريبات

(১) নিম্নের উদাহরণগুলো পড় এবং مبتدأ ও خبر বের করে অনুবাদ করো:

| (ج) | (ب) | (الف) |
|---|---|---|
| جمع + جمع | مثنى + مثنى | مفرد + مفرد |
| الرجالُ صالِحُوْنَ | الكتابانِ جديدانِ | الكتابُ جديدٌ |

خَبَرٌ ও مُبْتَدَأٌ

| | | |
|---|---|---|
| القلمُ قديمٌ | القلمانِ قديمان | الطلابُ مَاهِرُوْنَ |
| خالدٌ تلميذٌ | هذانِ تلميذان | اوُلٰئِكَ أَصْدِقَاء |
| الأستاذ ماهرٌ | الأستاذانِ ماهران | هُمْ شُهَدَاء |
| الفيل كبيرٌ | الفيلانِ كبيران | اَلْعُلَمَاءُ مُفْلِحُوْنَ |
| الشجرة طويلةٌ | الشجرتانِ طويلتانِ | المؤْمِنَاتُ صَالِحَاتٌ |
| عائشة عالمةٌ | هاتانِ عالمتانِ | هُنَّ عالماتٌ |

(২) এক কথায় উত্তর দাও:

ক) مبتدأ কি প্রথমে থাকে ?

খ) معرفة প্রথমে আসলে معرفة কে কী বলে ?

গ) خبر কোথায় বসে ?

ঘ) هذه مدْرَسة এখানে خبر কোনটি ?

ঙ) আরবীতে مبتدأ চেনার উপায় কী ?

চ) مبتدأ এর পরে যা থাকে তাকে কী বলে ?

ছ) বাংলাতে مبتدأ ও خبر চেনার উপায় কী?

জ) مبتدأ সম্পর্কে যা বলা হয় তাকে কী বলে ?

ঝ) الفيل كبير এখানে كبير শব্দটি কী হয়েছে ?

ঞ) مضاف مضاف إليه প্রথমে আসলে কী হয় ?

ট) যুক্ত اسم প্রথমে আসলে কী হবে ?

ঠ) موصوف صفة প্রথমে আসলে কী হবে ?

(৩) خبر বসিয়ে শূন্যস্থান পূরণ করো:

هذا ..... القلنسوة ...... الكتاب ........ السوق .......... المدينة........ الأستاذ .......... الغرفة ........... التلميذ ........... الحديقتان..... المروحتان ........ الطاولات.......... المسجدان ............الرجل ...... التلاميذ ......... المعلمون ............ الطالبات ........... أنت ........ أنتم ............ كتابك ........... مسجدكم .............. تلميذ المدرسة ......... قلنسوة التلميذ .......... مدينة الرسول .......... مكتبة المدرسة ......... قميص الأستاذ .......... شهر رمضان ............ مروحة المسجد ........ تلميذ المعلم ............. قرية المدرسة ............. التلميذ الجديد ........ المروحة الكبيرة .......... القرية الجميلة ............ الرجلان العالمان ....... المدرستان المشهورتان ..... الكتابان الصغيران ........ المعلمون القديمون ...... الطالبون الماهرون ........ هذه.................

## ২৭ নং সবক

(৪) مبتدأ বসিয়ে শূন্যস্থান পূরণ করো:

....... مشهور . ........ مشهورة . ......... سمك . ........ قميص جديد . ...... دكان كبير . ..... سوق القرية . ....... كتابك . ....... مدرسة المدينة....... قميص الأستاذ . ........ مروحة المسجد . .............. مروحة قديمة ............ قلم ثمين . ........... بيت كبير . .............. سرير صغير ....... كبيران . ........كبيرات . .......... صالحات .

............ عالمون ........ جديدان . ...... قميصان . ........ مشهوران . ...........مشهورات........حقيبتان . ....... ثمينتان . .......... قديمتان . ....... غرفتان صغيرتان .

(৫) সঠিক / ভুল যাচাই করো:

ক) كتاب جميل এখানে كتاب শব্দটি مبتدأ হয়েছে।

খ) প্রথমে نكرة থাকলে مبتدأ হয়।

গ) خبر সর্বদা প্রথমে অসে।

ঘ) الرجل صالح এখানে صالح শব্দটি خبر হয়েছে।

ঙ) طاولة جديدة এখানে خبر , مبتدأ নেই।

চ) كتاب المدرسة এখানে প্রথমটি مبتدأ হয়েছে।

ছ) আরবীতে مبتدأ ও خبر চেনার কোন উপায় নেই।

জ) مبتدأ এর পরে مضاف مضاف إليه থাকলে خبر হবে।

ঝ) اسم الإشارة مشار إليه প্রথমে আসলে مبتدأ হবে।

ঞ) مبتدأ এর পরে مضاف مضاف إليه আসলে خبر হবেনা।

(৬) নিম্নের বাক্যগুলোকে আরবী করো।

ইহা একটি পাখা। তুমি একজন ছাত্র। ইহা একটি নতুন পাখা। উহা একটি পুরাতন মসজিদ। নতুন মসজিদটি বড়। ছোট মসজিদটি সুন্দর। নতুন ছাত্রটি অভিজ্ঞ। এ বড় দোকানটি প্রসিদ্ধ। মসজিদের ছোট পাখাটি ভাল। তোমার কিতাবটি ভাল কিতাব। আমাদের বাড়িটি সুন্দর বাড়ি। তোমরা মুসলমান। কিতাবটি নতুন। তোমার কিতাবটি সুন্দর। মাদরাসার পাখাটি বড়। পাখার দোকানটি বড়। শিক্ষকের টুপিটি সুন্দর। তোমার কলমটি নতুন। তোমাদের মাদরাসাটি প্রসিদ্ধ। উহা একটি বড় মসজিদ। বাজারের দোকানটি সুন্দর। বাগানের গাছটি বড়। ইহা তোমাদের বাজার। উহা তোমার বাড়ি। ইহা একটি নতুন কিতাব। ইহা তোমাদের নতুন মসজিদ।

(৭) مبتدأ ও خبر এর পরিচয় দিয়ে উদাহরণসহ আলোচনা করো।

(৮) নিম্নের বিষয়গুলো দিয়ে নিজে পক্ষ থেকে ১০টি করে جملة বানাও :

الكتاب . الأستاذ . المدرسة . الغرفة . المسجد . التلميذ .

## ২৮ নং সবক

## اسم الإشارة

اسم الإشارة এর পরিচয়: যে اسم দ্বারা কোন কিছুর দিকে ইশার করা হয়।

اسم الإشَارةِ : هو ما وضِع لمُعيَّن بالإِشارةِ إِليْهِ.

خَبَرٌ ও مُبْتَدَأٌ

অর্থ: ইশারার মাধ্যমে নির্দিষ্ট করতে যাকে গঠন করা হয়েছে তাকে اسم الإشارة বলে।

اسم الإشارة এর ব্যবহার :

| | | | |
|---|---|---|---|
| ইহা (মহিলা, কাছে) | هذه | ইহা (পুরুষ, কাছে) | هذا |
| উহা (মহিলা, দূরে) | تلك | উহা (পুরুষ, দূরে) | ذلك |
| এ দুজন মহিলা, কাছে) | هاتان | এ দুজন (পুরুষ , কাছে) | هذان |
| ঐ দুটো (মহিলা, দূরে) | تَانِكَ | ঐ দুটো (পুরুষ, দূরে) | ذَانِكَ |
| উহারা,ওরা (মহিলা, পুরুষ, দূরে) | أؤلئك | এরা (মহিলা, পুরুষ , কাছে) | هؤلاء |

**মনে রাখতে হবে :** جمع غير عاقل **(অর্থাৎ** جمع **এর শব্দটি যদি জ্বিন এবং মানুষ ব্যতিত অন্য কোন প্রানী বা বস্তুকে বুঝালে, তাকে** جمع غير عاقل **বলে) এর জন্য সাধারণত** تلك / هذه **এ দুটি** اسم الإشارة **ব্যবহৃত হয়।**

**যেমন:** هذه كتب **এ বাক্যটিতে** كتب **শব্দটি** جمع غير عاقل **তাই এখানে** هذه **ব্যবহার করা হয়েছে। এভাবে** طاولات **শব্দের পূর্বে** هذه **বসবে।**

**নিম্নের বাক্যগুলো দেখে দেখে** اسم الإشارة **এর ব্যবহার শিখে নাও।**

هذَا وَلَدٌ . ذلِكَ كِتَابٌ . هذِه طَاوِلَةٌ . تِلْكَ مِسْطَرَةٌ . هذَانِ تِلْمِيْذَانِ . هَاتَانِ طَاوِلَتَانِ . هذِه قَلَنْسُوَةٌ . هذَانِ رَجُلَانِ . أُولئِكَ طَالِبُوْنَ . هؤُلَاءِ طَاوِلَاتٌ . أَخَذْتُ هذِه الْحَقِيْبَةَ . نَظَرْتُ إِلى تِلْكَ الْمِرْوَحَةِ . هذَانِ الطَّالِبَانِ جَدِيْدَانِ . هَاتَانِ التُّفَّاحَتَانِ قَدِيْمَتَانِ . هَاتَانِ قَلَنْسُوَتَانِ جَمِيْلَتَانِ . هذَا الْكِتَابُ قَدِيْمٌ . هذَانِ الْكِتَابَانِ جَمِيْلَانِ . هذه غُرَفٌ . تلكَ حَدَائِقُ . هذه قُمُوْصٌ قَدِيْمَةٌ . تِلْكَ جُدْرَانٌ كَبِيْرَةٌ .

## ২৯ নং সবক

### التدريبات

(১)এক কথায় উত্তর দাও:

ক) একজন পুরুষ যদি কাছে থাকে তাহলে কোন اسم الإشارة ব্যবহার হবে?

খ) দূরে দুজন মহিলার দিকে ইশারা করতে কোন اسم الإشارة ব্যবহার হবে ?

গ) অনেক পুরুষ দূরে থাকলে কোন اسم الإشارة ব্যবহার হবে ?

ঘ) দুজন পুরুষ দূরে থাকলে কোন اسم الإشارة ব্যবহৃত হবে ?

ঙ) فاطمة শব্দের পূর্বে কোন কোন اسم الإشارة ব্যবহৃত হতে পারবে ?

চ) ذلك শব্দের পরে কোন শব্দ বসবে ?

ছ) مسلمون **শব্দের পূর্বে কোন** اسم الإشارة **বসতে পারবে ?**

জ) كتابان **শব্দের পূর্বে কোন** اسم الإشارة **ব্যবহৃত হবে ?**

ঝ) هاتان **শব্দের পরে কোন ধরণের শব্দ বসতে পারে ?**

(২) সত্য / মিথ্যা যাচাই করো:

ক) مذكر **এর** اسم الإشارة **হলো** هذا

খ) مثنى **এর জন্য** اسم الإشارة **হবে ,** . هؤلاء أولئك

গ) هاتان **শব্দের পরে** كتابان **শব্দটি ব্যবহার করা যাবে।**

ঘ) مساجد **শব্দের জন্য** أولئك **ব্যবহার করা যাবে।**

ঙ) بيوت **শব্দের পূর্বে** تلك **শব্দটি ব্যবহার করা যাবে।**

চ) هذه **শব্দ দ্বারা দূরে ইশারা করা হয়।**

ছ) هؤلاء **শব্দ দ্বারা কাছে ইশারা করা হয়।**

(৩) শূন্যস্থান পূরণ করো।

هذا ..... تلك ..... هاتان ..... هذان ....... أولئك .... ذانك ..... تانك ...... هـــذه

..... ..... رجل . ..... تفاحة . ..... طاولة . ..... كرسى ......كراسى . .....مســــــــلمات .

.....قلنسوات . ...... مروحات ....رجلان . .... صالحتان ....... جداران . ......ولدان صالحان

(৪) নিম্নের বাক্যগুলোকে আরবী করো:

উহা একটি কিতাব। এগুলো কিতাব। ঐটি ব্যাগ। এদুটি টেবিল। ঐদুটি মাদরাসা। ওরা মসলমান। এরা আলেম। এ দুজন ছাত্রী। ঐদুজন শিক্ষিকা।

(৫) اســم الإشــارة কাকে বলে? উদাহরণসহ আলোচনা করো।

## ৩০ নং সবক

## اسم مُرَكَّب

اسم الإشارة এর পর ال যুক্ত কোন اسم থাকলে তাকে مشارإليه বলে।

**যেমন:** هذا الكتاب এখানে الكتاب শব্দটি هذا শব্দের পরে এসেছে। তাই الكتاب শব্দটি مشار إليه হয়েছে।

ذلك الرجل . هؤلاء المسلمون .

**মনে রাখতে হবে :** اسم الإشارة এর পরে ال যুক্ত শব্দ আসলে অনুবাদের সময় টি , টা , গুলো, গুলা, খানা, খানি ইত্যাদি শব্দ থেকে যা উপযুক্ত তা বসাতে হয়। যেমন: هذا رجل এর অর্থ হলো এই একজন পুরুষ। কিন্তু هذا الرجل অর্থ হলো "এ লোকটি"। এভাবে هذه الطاولة অর্থ এ টেবিলটি।

اسم الموصول এর পরিচয়: যে اسم দ্বারা যে, যিনি, যারা, যার, যা ইত্যাদি বোঝায় তাকে اسم الموصول বলে।

اسم الموصول: هو الاسم الذي يفتقر إلى صلة و عائد.

**অর্থ:** যে اسم তার صلة এবং عائد এর প্রতি মুখাপেক্ষি তাকে اسم الموصول বলে।

**যেমন:** الذي، التي، الذين، ما، من

اسم الموصول এর পরে যা থাকে, তাকে صلة বলে। . الذين يؤمنون بالغيب

**মনে রাখতে হবে :**

مضاف ও مضاف إليه মিলে সর্বদা একটা হবে।

موصوف ও صفة মিলে সর্বদা একটা হবে।

اسم الإشارة ও مشار إليه মিলে সর্বদা একটা হবে।

مَوْصُوْل ও صِلَةٌ মিলে সর্বদা একটা হয়।

এ চারটি اسم এর নাম اسم مركب

এখন প্রশ্ন থাকে, এগুলোর দুটো মিলে কী হবে ? উত্তর হল, উভয়টা মিলে হয়তো مبتدأ বা خبر হবে। **যেমন:** . كتاب الأستاذ مُفِيْدٌ (শিক্ষকের কিতাবটি উপকারী।) এখানে كتاب الأستاذ শব্দ দুটি مضاف ও مضاف إليه হয়েছে। শুধু مضاف কখনো কিছুই হবেনা। مضاف ও مضاف إليه মিলে একটা হবে। যেমন এখানে مضاف ও مضاف إليه মিলে مبتدأ হয়েছে।

## ৩১ নং সবক

**মনে রাখতে হবে :**

مضاف ও مضاف إليه , موصوف ও صفة , اسم الإشارة ও مشار إليه এবং اسم الموصول ও صلة যদি বাক্যের প্রথমে আসে তাহলে দুইটা মিলে مبتدأ হবে।

আর এগুলো যদি مبتدأ এর পরে আসে , তাহলে خبر হবে।

যেমন: كتاب الأستاذ جديد (শিক্ষকের কিতাবটি নতুন) এখানে مضاف إليه ও مضاف প্রথমে আসার কারণে উভয়টা মিলে مبتدأ হয়েছে। আর جديد শব্দটি مبتدأ এর পরে আসার কারণে خبر হয়েছে।

তেমনিভাবে, الرَّجلُ الْعَالِم كبيرٌ (আলেম লোকটি বড়) এখানে الرجل العالم শব্দ দুটি معرفة এর পর আসার কারণে প্রথমটি موصوف ও দ্বিতীয়টি صفة হয়েছে। এখন موصوف ও صفة প্রথমে আসার কারণে দোনটি মিলে مبتدأ হয়েছে। আর كبير শব্দটি خبر হয়েছে।

একইভাবে, هذا الرجل عالم (এই লোকটি আলেম) এখানে هذا الرجل শব্দ দুটিতে هذا শব্দটি اسم الإشارة এবং এর পরে ال যুক্ত শব্দ الرجل শব্দটি مشار إليه হয়েছে। এখন مشار إليه ও اسم الإشارة প্রথমে আসার কারণে উভয়টি মিলে مبتدأ হয়েছে। আর عالم শব্দটি خبر হয়েছে।

একই নিয়মে, هو الَّذِىْ كتابُه جديد (সে - তো এমন যার কিতাবটি নতুন) এখানে هو শব্দটি ضمير এবং معرفة, প্রথমে আসার কারণে مبتدأ হয়েছে। আর الذى শব্দটি اسم الموصول এবং এর পরে যা থাকবে তাহাই صلة অতএব موصول ও صلة উভয়টি مبتدأ এর পরে আসার কারণে দোনটা মিলে خبر হয়েছে।

মনে রাখতে হবে : ضمير কখনো موصوف বা صفة কোনটাই হবেনা।

## التدريبات

(১) নিম্নের উদাহরণগুলো খেয়াল করে পড় এবং বল যুক্ত اسم কোনটি ?

المدرسةُ الْجَميلةُ كبيرةٌ . البيتُ الكبيرُ جديدٌ . التلميذُ الجديدُ صغيرٌ . كتابُ المدرسةِ جديدٌ . قلمُ التِّلْميذِ جميل . تلميذ المدرسةِ عالم . تلك التلميذةِ عالمةٌ . هذان العالمان ماهران . هاتانِ الطاولتانِ كبيرتانِ . هى المروحةُ التى قِيْمَتُهَا كثيرةٌ . هذا رجل عالم. هؤلاء عالمون كبيرُوْنَ . هذان تلميذان صغيران . هم طالبونَ صالحون . هذه مروحةٌ صغيرةٌ . التلميذ عالمٌ كبيرٌ . هذا كتابُ التلميذِ . هو تلميذُ المدرسةِ . المروحةُ أَمَامَ المسجدِ . هذه مروحةُ المسجدِ . هذه جدرانٌ كبيرةٌ . تلك حدائقُ جديدةٌ .

(২) এক কথায় উত্তর দাও:

ক) معرفة প্রথমে আসলে তাকে কী বলে ?

খ) كتاب جميل ইহা যুক্ত اسم এর কোন প্রকার ?

গ) দুটি معرفة পাশাপাশি আসলে , প্রথমটিকে কী বলে ?

ঘ) আরবীতে مضاف চেনার উপায় কী ?

ঙ) বাংলাতে موصوف প্রথমে আসে না - কি صفة প্রথমে আসে ?

চ) বাংলাতে مضاف إليه ও مضاف চেনার উপায় কী ?

ছ) مبتدأ এর পর যা থাকে , তাকে কী বলে ?

জ) مضاف এর অনুবাদ প্রথমে হবে না - কি مضاف إليه এর অনুবাদ হবে ?

ঝ) اسم الإشارة এর পরে ال যুক্ত শব্দকে কী বলে ?

ঞ) صفة ও موصوف প্রথমে আসলে কী হবে ?

## ৩২ নং সবক

(৩) সঠিক ও ভুল নির্ণয় করো:

ক) هذا ولد এখানে ولد শব্দটি مبتدأ হয়েছে।

খ) موصوف এর পরে صفة থাকে।

গ) "র" এর পরের শব্দকে مضاف বলে।

ঘ) বাংলাতে موصوف এবং صفة চেনার কোন উপায় নাই।

ঙ) আরবীতে صفة প্রথমে আসে।

চ) مضاف ও مضاف إليه প্রথমে আসলে خبر হয়।

ছ) مبتدأ এর পরে  موصوف ও صفة থাকলে তাকে مضاف বলে।

জ) موصوف ও صفة প্রথমে আসলে مبتدأ হবে।

(৪) শূন্যস্থান পূরণ করো:

ক) বাংলাতে مضاف ........ বসে।

খ) مضاف إليه আরবীতে .......... বসে।

গ) প্রথমে  موصوف ও صفة থাকলে তা ........... হবে।

ঘ) "আমার ঘর " এখানে ঘর শব্দটি ......... হয়েছে।

ঙ) "বড় বাড়ি" এখানে ......... শব্দটি صفة হয়েছে।

চ) هذا الرجل صالح এ বাক্যে .......... শব্দদুটি মিলে مبتدأ হয়েছে।

ছ) تلك مروحة قديمة এ বাক্যে موصوف صفة মিলে ......... হয়েছে।

জ) "ইহা নতুন বাড়ি" এ বাক্যে خبر কোনটি ?

(৫) যুক্ত اسم সম্পর্কে যা জান উদাহরণসহ লিখ।

(৬) আরবী করো:

ঐ লোকটি। এ ঘরটি। এ ছাত্র দুটি। এ দুজন ছাত্র। ওরা মুসলমান। ঐ মুসলমানগন সৎ। ইহা একটি মাদরাসা। এই মাদরাসাটি। উহা একটি কলম। ঐ কলমটি। এ দুটি কলম। এ কলম দুটি। এ ঘরটি বড়। ঐ কিতাবটি সুন্দর। এ বাড়িদুটি বড়। এ লোকগুলো মুসলমান। ওরা ছাত্র। কলমের দোকানটি নতুন। মসজিদের পাখাটি দামী পাখা। এ নতুন পাখা দুটি দামী। বড় বাড়িটি সুন্দর। এ ঘর দুটি বড়। ছোট ব্যগটি সুন্দর। করিমের টুপিটি ছোট। ছোট টুপিটি নতুন। বড় গাড়িটি পুরাতন। পুরাতন মসজিদটি প্রসিদ্ধ। ছেলেটি ভাল ছাত্র। লোকটি নতুন আলেম। মাদরাসার শিক্ষক ভাল লোক। মাদরাসার ছাত্ররা ভদ্র ছেলে। রহিমের পাখাটি দামী পাখা। ঐ বাড়িটি শিক্ষকের বাড়ি। এ গাড়িটি ফাতেমার গাড়ি। কক্ষগুলো মাদরাসার কক্ষ। ভদ্র ছেলেটি তোমার ছাত্র।

# ৩৩ নং সবক

## مَفْعُوْل ও فَاعِل

## Subject & Object

فاعل এর পরিচয়:

اَلْفَاعِلُ هُوَ اِسْمٌ مَرْفُوْعٌ أُسْنِدَ اِلَيْه فِعْلٌ مَبْنِيٌّ لِلْمَعْلُوْمِ .

অর্থাৎ এমন একটি اسم যা فعل معروف এর পরে আসে এবং উক্ত فعل টি ঐ اسم দ্বারাই সম্পাদিত হয়। যেমন: فَتَحَ مَاجِدٌ نَافِذَةً. (মাজেদ জানালা খুললো) এ বাক্যে ماجد ইসেমটি فتح - ফেলে মারুফের পরে এসেছে এবং এ اسم দ্বারাই فتح ফেলটি সংঘটিত হয়েছে। তাই ماجد শব্দটি فاعل হয়েছে।

مفعول এর পরিচয়:

مَا وَقَعَ عَلَيْه فِعْلُ الْفَاعِلِ فَهُوَ مَفْعُوْلٌ به .

অর্থাৎ যার উপর কাজ পতিত হয় , তাকে مفعول বলে।

যেমন: . فتح ماجد نافذةً - (মাজেদ জানালা খুললো) এ বাক্যে نافذة শব্দটি مفعول হয়েছে। কেননা, মাজেদের খোলার কাজটা জানালার উপর পড়েছে।

নিম্নের فعل গুলো মুখস্থ করো:

| | | | |
|---|---|---|---|
| খোলা | فَتَحَ يَفْتَحُ | পড়া | دَرَسَ يَدْرُسُ |
| বসা | جَلَسَ يَجْلِسُ | যাওয়া | ذَهَبَ يَذْهَبُ |
| মারা | ضَرَبَ يَضْرِبُ | খাওয়া | أَكَلَ يَأْكُلُ |
| তালাশ করা | طَلَبَ يَطْلُبُ | সাহায্য করা | نَصَرَ يَنْصُرُ |

**<u>বাক্যের মধ্যে فاعل ও مفعول সহজে চেনার উপায়:</u>**

فاعل ও مفعول কে সহজে বের করার জন্য ১৪ ছিগাহকে দু'ভাগে ভাগ করা হয়েছে। যথা:

১) দুই ছিগাহ । যথা : واحدمذكر غائب ও واحد مؤنث غائب (فَعَلَتْ + فَعَلَ )

২) বাকী বার ছিগাহ। যথা : نَصَرْتَ , يَنْصُرُوْنَ

*≈এ নিয়মগুলো পড় এবং নিম্নের অনুশীলনী থেকে অনুশীলন করো:*

দুই ছিগার পূর্বে কোন اسم না থাকলে পরের اسم টিই হবে فاعل

যেমন: - نَزَلَ مُعَلِّمٌ

বার ছিগার আলামতটি সর্বদা فاعل হবে। যেমন: . نَصَرْتُ عَابِدًا . تَنْصُرُوْنَ الرَّجُلَ

দুই ছিগার পূর্বে কোন اسم থাকলে পরের اسم টি مفعول হবে।

যেমন: . اَلتِّلْمِيْذُ دَرَسَ كِتَابًا

مَفْعُوْل ও فَاعِل

বাকি বার ছিগার পরের اسم সর্বদা مفعول হবে। যেমন: - دَرَسْتُ كِتَابًا

فاعل এর পরেও مفعول থাকে। যেমন:. أَكَلَ الطِّفْلُ مَوْزًا

فعل এর পর কোন ضمير আসলে , ضمير টি مفعول হবে। . اَلْمَوْزُ أَكَلَه الطِّفْلُ

*≈এ নিয়ম দুটি পড় এবং নিম্নের অনুশীলনী থেকে অনুশীলন করো:*

فاعل টি مذكر হলে فعل টিও مذكر হবে। فاعل টি مؤنث হলে فعل টিও مؤنث হবে। যেমন: قَرَأَتْ فَاطِمَةُ الْقُرْآنَ . قَرَأَ الطَّالِبُ الْقُرْآنَ .

فاعل টি اسم ظاهر হলে , (فاعل টি فعل এর পরে আসলে) فاعل টি جمع / تثنية হলেও فعل টি সর্বদা واحد হবে।

যেমন = **التلميذان** الى المسجد يدرس **التلاميذ** كتابا . يذهب

## ৩৪ নং সবক

## حروف الجر

## Preposition

**حروف الجر** এর পরিচয়: যে **حروف** গুলো اسم কে জার (جرّ) প্রদান করে সেগুলোকে حروف الجر বলে।

حروف الجر: الحروف التي تجر الاسم.

অর্থ: যে হরফগুলো اسم কে জার প্রদান করে।

معانى الحروف الجارة

| | | | |
|---|---|---|---|
| শপথ | ت | দ্বারা, কারণে, সাথে, নিয়ে, শপথ, সম্পর্কে | ب |
| জন্য/ কারণে/ যেন | ل | যেমন,মত | ك |
| থেকে | منذ | শপথ | و |
| ব্যতিত | خلا | থেকে | مذ |
| ব্যতিত | حاشا | বহু / কম / প্রায় | رب |
| ব্যতিত | عدا | থেকে / কিছু / মধ্যে | من |
| থেকে / সম্পর্কে | عن | মধ্যে | فى |
| পর্যন্ত / এমনকি | حتى | উপরে | على |
| | | দিকে | إلى |

حرف الجر এর পরের শব্দকে مجرور বলে। جر এবং مجرور মিলে বাক্যে উল্লেখিত فعل এর সাথে متعلقان হয়। যদি فعل উল্লেখ না থাকে তাহলে একটি فعل ধরে নিতে হবে। যেমন: ذهب تلميذ إلى المدرسة এখানে إلى المدرسة অংশটি جر এবং مجرور মিলে متعلقان হয়েছে ذهب ফেলের সাথে।

الكتاب فى الحقيبة এখানে فى الحقيبة অংশটি جر এবং مجرور মিলে متعلقان হয়েছে একটি উহ্য فعل এর সাথে, যাকে আমরা মনে মনে ধরে নিয়েছি। তা হল ثابت যার অর্থ "আছে"।

## ৩৫ নং সবক

### التدريبات

(১) এক কথায় উত্তর দাও।

ক) ১৪ ছিগাহকে কত ভাগে ভাগ করা হয়েছে ?

খ) نَصَرْتُ ফেলটি কত ছিগার অন্তর্ভুক্ত ?

গ) দুই ছিগার পূর্বে কোন اسم না থাকলে পরের اسم টি কি হবে ?

ঘ) বার ছিগার পরের اسم টি সর্বদা কি হবে ?

ঙ) فعل এর পরের ضمير টি কি হবে ?

চ) فاعل টি مذكر হলে فعل টি কি হবে ?

ছ) فعل টি কখন مؤنث হবে ?

জ) سَمِعْتُ هَذا এখানে فاعل কোনটি ?

ঝ) قَرَأْنا هذا الْقُرْآنَ এখানে مفعول কোনটি ?

(২) নিম্নের বাক্যগুলো থেকে فاعل ও مفعول বের করো।

ذَهَبَ الْمُعَلِّمُ الْمَاهِرُ إلى الْمَدْرَسَةِ . نَصَرْتُ ذلِكَ التِّلْمِيْذَ الْعَابِدَ . اَلْمُعَلِّمُ الْجَدِيْدُ قَرَأَ كتابًا كَبِيْرًا . اَلتِّلْمِيْذُ الْقَدِيْمُ أَكَلَ طَعَامًا لَذِيْذًا . اَلرَّجُلُ الصَّالِحُ جَعَلَ الْمَدْرَسَةَ الْكَبِيْرَةَ . اَلْوَلَدُ الصَّغِيْرُ يَنْصُرُ أُمَّه . اَلْوَلَدُ فَتَحَ نَافِذَةً صَغِيْرَةً . فَتَحَتُ بَابَ الْمَسْجِدِ الْكَبِيْرِ . يَفْتَحُ الْمُؤَذِّنُ نافِذةَ الْمَسْجِدِ الْجَمِيْلِ . أَكَلْنَا رُزًا قَلِيْلًا . نَنْصُرُ الْمُسْلِمِيْنَ اَلصَّالِحِيْنَ. أَفْتَحُ كِتَابًا كَبِيْرًا. تَنْصُرِيْنَ وَلَدًا صَغِيْرًا . تَفْتَحْنَ كِتَابًا كَبِيْرًا . جَلَسَ الْأُسْتَاذُ عَلى الْكُرْسِيِّ .

(৩) সঠিক / ভুল নির্ণয় করো।

ক) هذا كتاب এখানে كتاب শব্দটি فاعل

খ) جَعَلْنَاه এখানে ه যমিরটি فاعل হয়েছে।

গ) বার ছিগার পরের اسم টি مفعول হবে।

مَفْعُوْل ও فَاعِل

ঘ) فاعل টি مذكر হলে فعل টিকে مؤنث নিতে হয়।

ঙ) نَظَرْتُ إِلى الْمَدْرَسَةِ এখানে কোন فاعل নেই।

চ) نَصَرَ مَاجِدٌ بَكْرًا এখানে ماجد শব্দটি مفعول হয়েছে।

## ৩৬ নং সবক

(৪) শূন্যস্থান পূরণ করো।

ক) .......... এর পূর্বে কোন اسم না থাকলে পরের اسم টি فاعل হবে।

খ) বার ছিগার পরের اسم টি সর্বদা .......... হবে।

গ) দুই ছিগার পূর্বে কোন اسم থাকলে পরের اسم টি ......... হবে।

ঘ) نَصَرْتُمْ تِلْمِيْذًا এখানে ......... فاعل হয়েছে।

ঙ) اَلرَّجُلُ ذَهَبَ إِلى الْمَدْرَسَةِ এখানে ........ ضمير টি فاعل হয়েছে।

চ) أَكَلْتُ هذَا الطَّعَامَ এ বাক্যে هذا الطعام শব্দদুটি মিলে ......... হয়েছে।

ছ) نَصَرْنَ تِلْمِيْذًا এবাক্যে ......... শব্দটি فاعل হয়েছে।

জ) اَلطَّالِبُوْنَ نَصَرُوْا رَجُلًا এ বাক্যে .......... শব্দটি مفعول হয়েছে।

ঞ) قَرَأْتُمُ الْقُرْآنَ الْكَرِيْمَ এ বাক্যে فاعل হলো .........শব্দটি।

শূন্যস্থানে فاعل বসাও :

فتح ....... نافذة . نصرتْ ...... عالما . ضرب ..... سارقا . قعد ..........جلستْ .... على السرير . ذهب ..... إلى المدرسة الجديدة . أكلتْ .... تفاحة .

শূন্যস্থানে مفعول বসাও :

نصرتُ ....... الرجل نصر ....... ضربتْ عائشة ........ أكلتما ............التلميذان يدرسان .... قرأتن ....... مريم درست ....... ماجد ضرب ..... نصر المعلمون ....... الأولاد يضربون ......... الرجال ينصرون .........قتلتم ......... المسلمون يقاتلون ........ التلاميذ يقرئون ..................التلميذة تدرس ....... المعلمة قرأتْ ......... المعلمات يسمعن ............

(৫) নিম্নের বাক্যগুলোকে আরবী করো:

আমি তোমাকে সাহায্য করেছি। তোমরা মাদরাসায় গিয়েছ। মসজিদের দরজাটি বড়। ছেলেগুলো ফিরল। রহিমা জানালাটি খুলল। খালিদ কিতাব পড়বে। ছাত্ররা শিক্ষকের কথা শুনছে। মাদরাসার ছাত্ররা কুরআন পড়ে। ভদ্র লোকটি সত্য বলেছে। লোকগুলো চোরকে মেরেছে।

(৬) فاعل ও مفعول এর পরিচয় দিয়ে উদাহরণসহ আলোচনা করো।

## ৩৭ নং সবক
## نَائِبُ الْفَاعِل
## Representative Subject

نائب الفاعل **এর পরিচয়:**

যে مفعول টি فاعل এর স্থানে বসে , তাকে نائب الفاعل বলে।

نائب الفاعل: هو الاسم الذي يَحُلُّ مَحَلَّ الفَاعِلِ عِنْدَ حَذْفَه من الجُمْلَةِ.

**অর্থ:** যে اسم বাক্যে কর্তার অনুপস্থিতিতে তার স্থলাভিষিক্ত হয় তাই نائب الفاعل ।

نائب الفاعل এর অপর নাম হলো مفعول ما لم يسم فاعله অর্থাৎ এমন مفعول যার فاعل জানা নেই।
বার ছিগাহ مجهول হলে , বার ছিগার আলামতটি نائب الفاعل হবে।
**যেমন:** ضُرِبَ السَّارِقُ . ضُرِبْتُ . نُصِرْتُمْ এখানে ضرب ফেলটি مجهول তাই এর পরের اسم তথা السارق শব্দটি نائب الفاعل হবে। তেমনিভাবে, ضُرِبَتْ ফেলটি مجهول তাই ضُرِبَتْ এর আলামত তথা ت শব্দটি نائب الفاعل হয়েছে। একইভাবে نُصِرتُمْ ফেলটি مجهول তাই نُصِرْتُمْ এর আলামত تم শব্দটি نائب الفاعل হয়েছে।

**মনে রাখতে হবে :**

مؤنث টিও الفعل المجهول হলে مؤنث টি نائب الفاعل হবে। مذكر টিও الفعل المجهول হলে مذكر টি نائب الفاعل হবে।

**যেমন:** نُصِرَ الرَّجُلُ . نُصِرَتْ فَاطِمَةُ এখানে الرجل শব্দটি الفعل المجهول এর পরে আসার কারণে نائب الفاعل হয়েছে। نائب الفاعل টি তথা الرجل শব্দটি যেহেতু مذكر তাই فعل টিও مذكر হয়েছে। তেমনিভাবে, فاطمة শব্দটিও نائب الفاعل হয়েছে। তাই فاطمة নায়েবুল ফায়েলটি مؤنث হওয়ার কারণে الفعل المجهول টিও مؤنث হয়েছে।

نائب الفاعل **বানানোর নিয়ম :** কোন مفعول به কে نائب الفاعل বানাতে হলে প্রথমত فاعل কে বাদ দিতে হবে এবং مفعول به অনুযায়ী فعل নিতে হবে।

নিম্নের উদাহরণগুলো বুঝতে চেষ্টা করো:

| | |
|---|---|
| يُضْرَبُ السارقُ | يَضرِب الرجلُ سارقًا |
| حُفِظَ القرآنُ | حَفِظْنَا القرآنَ الكريمَ |
| أُخِذَتِ الطاولةُ | أَخَذَ التلميذُ الطاولةَ |
| نُصِرَتِ التلميذةُ | نَصَرَ المخلصونَ التلميذةَ |

## ৩৮ নং সবক

## التدريبات

(১) এক কথায় উত্তর দাও:

ক) مفعول টি فاعل এর স্থানে আসলে مفعول কে কী বলে ?

খ) একটি اسم কখন نائب الفاعل হবে ?

গ) বার ছিগার আলামত কখন نائب الفاعل হবে ?

ঘ) خُلِقَ الْإِنْسَانُ ضَعِيْفًا. এখানে نائب الفاعل কোনটি ?

ঙ) نائب الفاعل টি কি الفعل المجهول এর পূর্বে থাকে না-কি পরে থাকে ?

চ) نائب الفاعل চেনার সহজ উপায় কয়টি ও কী কী ?

ছ) نَصَرَ التِّلْمِيْذُ مُعَلِّمًا . এখানে نائب الفاعل কি আছে ?

জ) نائب الفاعل টি مذكر হলে الفعل المجهول টি কী হবে ?

ঝ) কখন الفعل المجهول টি مؤنث হয় ?

ঞ) ضُرِبَتْ سَارِقَةٌ . এখানে ضربت ফেলটি مؤنث কেন ?

ট) ماجد শব্দের পূর্বে فعل مجهول টি مذكر হবে না-কি مؤنث হবে ?

(২) নিম্নের বাক্যগুলো থেকে نائب الفاعل বের করো:

نُصِرَ التِّلْمِيْذُ . أُكِلَ الطَّعَامُ . أَنْتُمْ نَصَرْتُمْ . نَحْنُ مَا ضُرِبْنَا . جُعِلَتِ الْمَدْرَسَةُ . فُتِحَ الْبَابُ . يُفْتَحُ الْبَابُ . فُتِحَتِ النَّافِذَةُ . نُظِرَتِ الطَّاوِلَةُ . ضُرِبَ هذَا الرَّجُلُ . نُصِرَتْ تِلْكَ الْمَرْأَةُ . تُنْصَرُ هذه التلميذَةُ . تُفْتَحُ نَافِذَةُ الْمَسْجِدِ . يُجْعَلُ مَسْجِدُ الْقَرْيَةِ. جُعِلَتْ مَدْرَسَةُ الْمَدِيْنَةِ . قُرِأَتْ سُوْرَةُ الْقُرْآنِ . تُقْرَأُ آيَةُ الْقُرْآنِ . قُرِأَ ذلِكَ الْجُزْءُ . تُلِيَتْ تِلْكَ الْآيَةُ الْكَرِيْمَةُ . فُتِحَتْ مَدْرَسَةٌ جَمِيْلَةٌ . نُصِرَ تِلْمِيْذٌ جَدِيْدٌ . يُنْصَرُ الْمُجَاهِدُوْنَ الْعَابِدُوْنَ .تُنْصَرُ الْمُسْلِمَتَانِ الْمُخْلِصَتَانِ . أُكِلَ طَعَامٌ لَذِيْذٌ . يُؤْكَلُ هذَا الْمَوْزُ الْجَدِيْدُ . تُؤْكَلُ تِلْكَ التُّفَّاحَةُ الْقَدِيْمَةُ . قُطِعَتْ هَاتَانِ التُّفَّاحَتَانِ الْكَبِيْرَتَانِ. قُطِعَ هذَا الثَّوْبُ الْجَدِيْدُ .

(৩) সঠিক / ভুল নির্ণয় করো:

ক) الفعل المجهول এর পরের اسم কে فاعل বলে।

খ) বার ছিগাহ مجهول হলে বার ছিগার আলামতটি مفعول হবে।

গ) ذَهَبَ رَجُلٌ إِلَى الْمَسْجِدِ এ বাক্যে কোন نائب الفاعل নেই।

ঘ) أَكَلْنَا هذَا এখানে একটি نائب الفاعل আছে।

ঙ) تُنْصَرُوْنَ এখানে واو বর্ণটি نائب الفاعل হবে।

চ) نائب الفاعل চেনার কোন উপায় নেই।

ছ)مجهول فعل এর পরের اسم টি نائب الفاعل হবে।

জ) বার ছিগার পরের শব্দটি সর্বদা نائب الفاعل হবে।

## ৩৯ নং সবক

(৪) শূণ্যস্থান পূরণ করো:

ক) ......... এর পরের اسم টি نائب الفاعل হবে।

খ) أَكَلَتْ عَائِشَةُ تُفَّاحَةً এখানে কোন ........... নেই।

গ) أَنْتُمْ ضُرِبْتُمْ এ বাক্যে ........... শব্দটি نائب الفاعل হবে।

ঘ) أَنْتَ تُنْصَرِيْنَ এ বাক্যে ى বর্ণটি ........... হবে।

ঙ) قُرِأَ الْكِتَابُ এখানে ........... শব্দটি نائب الفاعل হয়েছে।

চ) هُنَّ لَايُضْرَبْنَ এ বাক্যে نائب الفاعل হলো ......... শব্দটি।

ছ)معروف فعل এর পরের اسم টি .......... হবেনা।

জ) نائب الفاعل টি مذكر হলে .......... টিও مذكر হবে।

ঝ) যখন ........... مؤنث হবে, তখনمجهول فعل টিও مؤنث হবে।

(৫) নিম্নের বাক্যগুলো দিয়ে نائب الفاعل তৈরী করো:

نَصَرْتَ تِلْمِيْذًا . يَنْصُرُ الْمُعَلِّمُ تِلْمِيْذًا. يَقْرَأُ الْعَالِمَانِ الْقُرْآنَ . يَأْخُذُ التَّلَامِيْذُ سَارِقًا. اَلطَّالِبُ أَخَذَ الْمِنْضَدَةَ الصَّغِيْرَةَ . تَطْلُبُوْنَ عَالِمًا . طَلَبَ التِّلْمِيْذَانِ سَبُّوْرَةً . قَرَأْتُمْ قِصَّةً عَجِيْبَةً . تَنْصُرُ فَاطِمَةُ عَائِشَةَ. تَطْلُبُ زَيْنَبُ مَرْيَمَ. أخذْتُمَا رِسَالَةً . يَطْلُبُ مَاجِدٌ مِرْوَحَةً . يَضْرِبُ الْمَاهِرَانِ الرَّجُلَ الشِّرِّيْرَ . طلبتم قصة جميلةً .

(৬) নিম্নের বাক্যগুলোকে আরবী করো:

রহিমকে সাহায্য করা হল। লোকগুলোকে সম্মান করা হল। মাদরাসাটি বানানো হল। কিতাবটি পড়া হল। চিঠিটি লেখা হল। তালা দুটি নেওয়া হল। মাজলুমদেরকে সাহায্য করা হল। দরজাটি খোলা হল। জানালা দুটি ধরা হল। ছোরকে মারা হল। কাপড়টি কাটা হল।

(৭) نائب الفاعل এর পরিচয় দাও এবং উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(৮) نائب الفاعل টি مذكر / مؤنث হলে الفعل المجهول টি কেমন হবে, তা উদাহরণসহ আলোচন করো।

## ৪০ নং সবক
## الفعل المتعدى ও الفعل اللازم (অকর্মক এবং সকর্মক ক্রিয়া)
## Intransitive & Transitive Verb

فعل لازم এর পরিচয়: যে فعل তার فاعل দ্বারা পূর্ণতা লাভ করে তাকে فعل لازم বলে। যেমন: سَقَطَ الْوَلَدُ . (ছেলেটি পড়ে গেল)

الفعل الازم: هو الفعل الذي لا يَحْتَاجُ إلى المفْعول لإتمام معنى الجملة.

অর্থ: যে فعل বাক্যের অর্থ পরিপূর্ণের জন্য মাফউলের মুখাপেক্ষি নয়।

فعل متعدى এর পরিচয়: যে فعل তার فاعل দ্বারা পূর্ণতা লাভ করে না বরং مفعول به এর প্রয়োজন হয় ,তাকে فعل متعدى বলে। যেমন: دَرَسَ بَكْرٌ كِتَابًا . (বকর কিতাব পড়ল)

الفعل المتعدي: هو الفعل الذي يَحْتَاجُ إلى المفْعُول لإِتْمَامِ معْنَى الجُمْلَةِ.

অর্থ: যে فعل বাক্যের অর্থ পরিপূর্ণের জন্য মাফউলের মুখাপেক্ষি তাই الفعل المتعدي ।

لازم ও متعدى চেনার সহজ উপায়:

فعل এবং فاعل কে একত্র করার পর কী বা কাকে দ্বারা প্রশ্ন করা সম্ভব হলে ঐ فعل টি فعل متعدى হবে। যেমন: نصر بكر - এ বাক্যে কী বা কাকে দ্বারা প্রশ্ন করা যায়। বকর কী সাহায্য করল ? অথবা বকর কাকে সাহায্য করল ? তাই , نصر ফেলটি فعل متعدى হবে।

আর প্রশ্ন করা সম্ভব না হলে فعل টি لازم হবে।

যেমন: سقط الولد (ছেলেটি পড়ে গেল) এখন যদি প্রশ্ন করা হয় যে, ছেলেটি কী পড়ে গেল ? ছেলেটি কাকে পড়ে গেল? একটি প্রশ্নও করা যায়না। তাই سقط ফেলটি فعل لازم হবে।

এ ক্ষেত্রে একটি বিষয় মনে রাখতে হবে, কী বা কাকে এ শব্দ দুটি দ্বারা প্রশ্ন করতে হবে এবং فعل ও فاعل কে একত্র করে প্রশ্ন করতে হবে। অন্যথায় لازم ও متعدى বুঝা যাবেনা।

নিম্নের মাসদারগুলো মুখস্থ কর এবং لازم ও متعدى সনাক্ত করো:

| | | | |
|---|---|---|---|
| বসা | قَعَدَ يَقْعُدُ قُعُوْدًا | ভয় করা | خَافَ يَخَافُ خَوْفًا |
| পড়া | قَرَأَ يَقْرَأُ قِرَاْءَةً | শ্রবন করা | سَمِعَ يَسْمَعُ سَمْعًا |
| ধরা | أَخَذَ يَأْخُذُ أَخْذًا | হত্যা করা | قَتَلَ يَقْتُلُ قَتْلًا |
| ঘুমান | نَامَ يَنَامُ نِيَامًا | পড়ে যাওয়া | سَقَطَ يَسْقُطُ سُقُوْطًا |
| ফিরে আসা | رَجَعَ يَرْجِعُ رُجُوْعاً | আদেশ করা | أَمَرَ يَأْمُرُ أَمْرًا |

## ৪১ নং সবক

### التدريبات

(১) এক কথায় উত্তর দাও:

ক) কোন فعل এর مفعول به এর প্রয়োজন হয় ?

খ) فعل لازم এর কি مفعول به এর প্রয়োজন হয় ?

গ) فعل متعدى কাকে বলে ?

ঘ) فعل لازم এর পরিচয় কী ?

ঙ) فعل متعدى চেনার সহজ উপায়টি কী ?

চ) فعل لازم চেনার সহজ উপায় কী ?

ছ) ضرب الرجل سارقا এ বাক্যে কি কোন فعل لازم আছে ?

জ) رجع ফেলটি কি لازم ?

(২) সঠিক / ভুল যাচাই করো:

ক) أكل ফেলটি متعدى ।

খ) الضرب মাসদারটি لازم ।

গ) "যোবায়ের গেল" এ বাক্যে কোন لازم নেই।

ঘ) শুধু فعل কে , কী বা কাকে দ্বারা প্রশ্ন করা গেলে متعدى হবে।

ঙ) فعل এবং فاعل কে একত্র করার পর, কে বা কাকে দ্বারা প্রশ্ন করা গেলে فعل متعدى হবে।

চ) فعل এবং فاعل একত্র করার পর কী বা কাকে দ্বারা প্রশ্ন করা না গেলে فعل لازم হবে।

ছ) فعل لازم এর জন্য مفعول به আবশ্যক।

(৩) উপযুক্ত اسم বসিয়ে শূন্যস্থান পূরণ করো:

سمع التلميذ ........ نام ......... الكفَّار يخافون .......... الرجال يضربون ........ قتلنا ........

المسلمون يأخذون ......... النساء يقرأن ........... الأطفال يخافون ......... سقط ........... التلاميذ يسمعون ....... نخاف ......... قرأتم ..........

(৪) নিজের পক্ষ থেকে ৫০ টি جملة فعلية বানাও।

(৫) فعل لازم এবং فعل متعدى এর উদাহরণ দিয়ে পরিচয় দাও।

## ৪২ নং সবক

## جُمْلَةٌ (বাক্য)

## Sentence

جملة এর পরিচয়:

اَلْمُرَكَّبُ الْمُفِيْدُ هُوَ مَا بِهِ يُفْهَمُ طَلَبٌ أَوْ خَبَرٌ .

অর্থাৎ যে শব্দ সমষ্টি দ্বারা কোন সংবাদ বা কোন কিছু তালাশ বুঝায় , তাকে جملة বা مُرَكَّبٌ مُفِيْدٌ বলে।

যেমন: الكتاب مفيد অর্থ কিতাবটি উপকারী। এ বাক্য দ্বারা বই সম্পর্কে একটি খবর বুঝা যায়। আবার যদি বলা হয় , তোমার নাম কী ? তাহলে এ বাক্য দ্বারা তালাশ বুঝা যায়।

কিন্তু যদি বলা হয় , তোমার টুপি। ভাল টুপি। তাহলে এ জাতীয় শব্দ সমষ্টি দ্বারা কোন খবর বা তলব বুঝা যায়না। তাই এ গুলো বাক্য হতে পারেনা। বরং বাক্যের অংশ হতে পারে। এগুলোকে مركب مفيد বলা যাবেনা।

جملة এর প্রকারভেদ :

جملة দুই প্রকার:

جملة إنشائية — جملة خَبَرِيَّةٌ

যে جملة দ্বারা কোন খবর বুঝায় , তাকে جملة خبرية বলে।

যে جملة দ্বারা কোন খবর বুঝায় না এবং তা সত্য-মিথ্যার কোন অবকাশ রাখেনা, তাকে جملة إنشائية বলে।

جملة خبرية দুই প্রকার:

جملةٌ اِسْمِيَّةٌ — جملةٌ فِعْلِيَّةٌ

যে جملة এর শুরুতে فعل থাকে তাকে جملة فعلية বলে।

যেমন: ضَرَبَ اللهُ مَثَلًا . نَصَرْنَا التَلَامِيْذَ .

যে جملة এর শুরুতে اسم থাকে তাকে جملة اسمية বলে।

যেমন: هذَا كِتَابٌ . كِتَابُ الْأُسْتَاذِ جَدِيْدٌ .

## ৪৩ নং সবক

جملة إنشائية এর প্রকারভেদ :

جملة إنشائية দশ প্রকার:

১) الأَمْرُ (আদেশ সূচক বাক্য) যেমন: اطلب كتابا (কিতাব তালাশ করো।)

২) النَهِيْ (নিষেধ সূচক বাক্য) যেমন: لاتطلب الشر (খারাপ তালাশ করবেনা) নিষেধ দ্বারা কোন কাজ বা কোন কিছু থেকে বিরত থাকাকে চাওয়া হয়।

৩) اِسْتِفْهَام (প্রশ্নবোধক বাক্য) যেমন : ما اسمك (তোমার নাম কী ?)

৪) تَمَنِّيْ (অসম্ভব বা সম্ভব বিষয়ের আশা সূচক বাক্য)

যেমন: لَيْتَ السَّمَاءَ أَخَذْتُهَا (হায়! যদি আকাশ ধরতে পারতাম!)

৫) تَرَجِّيْ (সম্ভব বিষয়ের আশা সূচক বাক্য)

যেমন: . لَعَلَّ التِّلْمِيْذَ مُؤَدَّبٌ (সম্ভবত ছাত্রটি ভদ্র)

৬) عُقُوْدٌ (চুক্তিমূলক বাক্য) যেমন: . بعت هذا (ইহা বিক্রয় করলাম।)

৭) عَرْضٌ (আকাঙ্ক্ষা সূচক বাক্য) যেমন: .ألا تقرأ معنا فتكون ماهرا (ওহে! তুমি যদি আমাদের সাথে পড়তে ! তাহলে তুমি অভিজ্ঞ হতে !)

৮) نِدَاءٌ (আহবান সূচক বা দোয়ামূলক বাক্য)

যেমন: . رَبِّ أَنْزِلْنِيْ مُنْزَلًا مُبَارَكًا وَأَنْتَ خَيْرُ الْمُنْزِلِيْنَ (হে আহ! তুমি আমাকে সম্মানজনক অবস্থানে রাখ।)

৯) قَسَمٌ (শপথমূলক বাক্য) যেমন: . أُقْسِمُ بِاللهِ ! أَقْرَأُ كِتَابًا

(আমি আল- াহর শপথ করে বলছি ! আমি কিতাব পড়ব।)

১০) تَعَجُّبٌ (আশ্চর্যবোধক বাক্য)

যেমন: ! مَاأَجْمَلَ صَوْتَكَ ( তোমার কণ্ঠ কি সুন্দর !)

جملة এর আরেকটি প্রকার আছে। তা হলো شِبْهُ جُمْلَة - অর্থাৎ ظرف (مضاف+مضاف إليه) এবং جار ও مجرور মিলে সর্বদা شبه جملة হবে। যেমন: . الكتاب فى الحقيبة এখানে الكتاب শব্দটি مبتدأ হয়েছে। فى الحقيبة অংশটি شبه جملة হয়ে خبر হয়েছে। যাহা 'مُتَعَلِّقَانِ হবে তাহাই شبه جملة হবে। যেমন: فوق الشجر .......

## ৪৪ নং সবক

### التدريبات

(১)এক কথায় উত্তর দাও:

ক) جملة এর অপর নাম কী ?

খ) جملة কাকে বলে ?

গ) مركب مفيد কত প্রকার ?

ঘ) جملة خبرية কাকে বলে ?

ঙ) جملة طلبية কাকে বলে ?

চ) جملة خبرية কত প্রকার ?

ছ) جملة طلبية কত প্রকার ?

জ) . اِذْهَبْ إلى المسجد - এ বাক্যটি কোন جملة ?

ঞ) جملة فعلية কাকে বলে ?

ট) বাক্যের প্রথমে اسم থাকলে , বাক্যটি কোন جملة হবে ?

ঠ) নিষেধসূচক বাক্য কোন جملة এর অন্তর্ভুক্ত ?

ড) তুমি কোথায় যাও - বাক্যটি কোন جملة ?

ঢ) . هذا تلميذ এ বাক্যটি কোন جملة ?

(২) সঠিক / ভুল যাচাই করো:

ক) কোন সংবাদ বুঝালে তাকে جملة خبرية বলে।

খ) নিষেধ বুঝালে তাকে جملة فعلية বলে।

গ) استفهام - جملة خبرية এর প্রকার।

ঘ) বাক্যের প্রথমে فعل থাকলে , তাকে جملة اسمية বলে।

ঙ) موصوف صفة মিলে جملة طلبية হবে।

চ) পাখিটি কী সুন্দর ! - এ বাক্যটি جملة طلبية এর অন্তর্ভুক্ত।

(৩) নিম্নের جملة গুলো পড় এবং কোনটি কোন প্রকারের جملة তা বল :

أنا تلميذ. أنت ذهبت إلى المدرسة. المسلمون يسجدون لله. اقرأ كتابك. انصر المسلمين. لاتصادق الرجل الشرير. نقاتل الكفار لله. ألا لاتنام فأنت ماهر. اشريت هذا الكتاب .أين تذهب ؟ لاتذهب إلى مكان الشر . ننصر الناس. المسجد الكبير جديد. كيف حالك ؟

## তৃতীয় অধ্যায়
## মু'রাব-মাবনী

### ৪৫ নং সবক
### مَبْنِيْ ও مُعْرَب

معرب এর পরিচয়:

هُوَالْاِسْمُ الَّذِىْ يَتَغَيَّرُ شَكْلُ آخِرِهِ بِتَغَيُّرِ مَوْقَعِهِ فِيْ الْجُمْلَةِ .

অর্থাৎ বাক্যের বিভিন্ন স্থানে আসার কারণে যে اسم এর শেষে পরিবর্তন হয় তাকে الاسم المعرب বলে।

যেমন: هذا ماجدٌ . كتابُ ماجدٍ . رأيتُ ماجدًا . এ বাক্যগুলোতে ماجد শব্দটি বিভিন্ন স্থানে আসার কারণে শব্দটির শেষে বিভিন্ন রকম হরকতের পরিবর্তন হয়েছে , তাই ماجد শব্দটি معرب হয়েছে।

مبنى এর পরিচয়:

هُوَالْاِسْمُ الَّذِىْ لَا يَتَغَيَّرُ شَكْلُ آخِرِهِ بِتَغَيُّرِ مَوْقَعِهِ فِيْ الْجُمْلَةِ .

অর্থাৎ বাক্যের বিভিন্ন স্থানে আসার কারণে যে اسم এর শেষে পরিবর্তন হয় না তাকে الاسم المبنى বলে।

যেমন: هذا الكتاب . كتاب هذَا . رأيت هذَا . এ বাক্যগুলোতে هذا শব্দটি বিভিন্ন স্থানে এসেছে কিন্তু هذا শব্দটির শেষে হরকতের কোন পরিবর্তণ হয়নি , তাই هذا শব্দটি مبنى হয়েছে।

اسم এর إعراب এর আলামত ছয়টি : যবর , যের , পেশ , واو , الف , ياء

যে كلمة কোন শব্দের শেষে رَفْعٌ , نَصْبٌ , جَرٌّ দেয় , তাকে عامل বলে।

যেমন: حروف الجر এক ধরণের عامل - بِالله এখানে الله শব্দের শেষে যের দিয়েছে ب শব্দটি। তাই ب শব্দটি عَامِلٌ হয়েছে।

معرب ও مبنى চেনার সহজ উপায়:

নিম্নের বিষয়গুলো مبنى হয়:

الفعل الماضى এর ছিগাহগুলো مبنى যেমন: فَعَلَ . اِجْتَنَبَ .

الأمرللحاضر এর ছিগাহগুলো مبنى যেমন: اِقْرَأْ . اُكْتُبْ .

সমস্ত حرف মাবনি। যেমন: حَتّىٰ . فِيْ . عَنْ .

فعل مضارع এর الجمع للمؤنث الغائب এবং الجمع للمؤنث الحاضر এ দুই সিগাহ مبنى যেমন: يَفْعَلْنَ تَفْعَلْنَ

فعل مضارع এর সাথে نون التوكيد যুক্ত হলে مبنى হবে।

যেমন: لَيَفْعَلَنَّ

ضمير গুলো مبنى যেমন: هُوَ . هُنَّ . أَنْتَ . كَ .

اسم الإشارة গুলো مبنى যেমন: هذَا . تِلْكَ .

اسم الموصول গুলো مبنى যেমন: الذى .

أسماء الأفعال গুলো (অর্থাৎ যে اسم গুলো فعل এর অর্থ দেয়) مبنى

যেমন: سرعان অর্থ দ্রুত করলো।

১১ থেকে ১৯ পর্যন্ত আরবী সংখ্যাগুলো مبنى হয়। যেমন: أَحَدَ عَشَرَ . خَمْسَةَ عَشَرَ . سَبْعَةَ عَشَرَ . تِسْعَةَ عَشَرَ .

বাকি সমস্ত اسم গুলোর অধিকাংশই معرب । তাহলে, আমরা বুঝলাম, যে اسم টি উপরের কোন একটিও হবেনা, সেটিই معرب হবে। উপরের কোন একটি হলেই তা مبنى হবে।

## ৪৬ নং সবক

### التدريبات

(১) এক কথায় উত্তর দাও:

ক) كتاب শব্দটি معرب না - কি مبنى ?

খ) الرجل শব্দটি معرب কেন ?

গ) هؤلاء শব্দটি مبنى কেন ?

ঘ) تلك سبورة এখানে কোন শব্দটি معرب ?

ঙ) هذا على الطاولة এখানে কতটি مبنى আছে ?

চ) معرب ও مبنى চেনার কোন উপায় আছে কি ?

ছ) তোমার পাশে কি কোন معرب আছে ?

জ) كراسة শব্দটি معرب না - কি مبنى ?

ঝ) حرف গুলো কি معرب হবে ?

ঞ) نصرت শব্দটি مبنى কেন ?

ট) দুটি مبنى এর উদাহরণ দাও।

ঠ) الأمر للحاضر এর ছিগাহগুলো কি معرب ?

ড) اسم এর إعراب এর আলামত কয়টি ও কি কি ?

ঢ) عامل কাকে বলে ?

ন) يفعل শব্দটি কি معرب ?

ত) ننصر শব্দটি কি مبنى ?

থ) فعل مضارع কখন مبنى হয় ?

(২) নিম্নের বাক্যগুলো থেকে معرب ও مبنى বের করো:

تلك قلنسوةٌ . هذا قلمٌ جميلٌ . ذلك الكتابُ جديدٌ . أَكَلَ التِّلْمِيْذُ مَوْزًا . اَلْقُرْآنُ عَلى الطَّاوِلَـةِ . اَلْحَـدِيْثُ كَـلَامُ الرَّسُـوْلِ . اَلْقُرْآنُ كَلَامُ اللهِ . خَدِيْجَةُ تَذْهَبُ إِلى الغُرْفةِ هذِه مَدْرَسَةٌ مَشْهُوْرَةٌ . أَنْتَ مُعَلِّمٌ مَاهِرٌ . أَنْتُمْ طَالِبُوْنَ جَدِيْدُوْنَ . هُوَ رَجُلٌ قَدِيْمٌ . مَدِيْنَةُ الرَّسُوْلِ مَشْهُوْرَةٌ . نَحْنُ مُسْلِمُوْنَ . اَلْكِتَابُ الَّذِىْ على السَّرِيْرِ جَمِيْلٌ . تَقْـرَؤُوْنَ الْكِتَـابَ . أُولئِـكَ النَّسَـاءُ الَّاتِـىْ يَذْهَبْنَ إِلى الْبَيْتِ طَيِّبَاتٌ . هذَانِ كَتَابَانِ جديـدانِ .هَـاتان طَاولتـان قَـدِيْمَتَان . اَلْقَلَنْسُـوَتَانِ جَمِيْلَتَـانِ . اَلطَّالِبَـاتُ يَأْكُلْـنَ تُفَّاحَةً . لَيَقْرَأَنَّ خَالِدٌ الدَّرْسَ الْأَوَّلَ . الْمُؤْمِنَاتُ تَنْصُرْنَ أَوْلَادَهُنَّ . تَطْلُبُ الْمَرْأَةُ عَائِشَةَ .

## ৪৭ নং সবক

(৩) সঠিক / ভুল নির্ণয় করো:

ক) كتاب শব্দটি معرب

খ) حتى المسجد এখানে المسجد শব্দটি مبنى

গ) ضمير গুলো সর্বদা معرب হবে।

ঘ) هن শব্দটি مبنى

ঙ) ২১ সংখ্যাটি مبنى

চ) ১২ সংখ্যাটি معرب

ছ) ثَلثَةَ عَشَرَ সংখ্যাটি معرب

জ) الرَّجُلُ عَالِمٌ এখানে কোন مبنى নেই।

ঞ) সমস্ত সংখ্যা معرب হবে।

ট) اسم এর إعراب এর কোন আলামত নেই।

ঠ) যে اسم এর শেষে পরিবর্তন হয় তাকে مبنى বলে।

ড) اسم এর শেষে যদি কোন পরিবর্তন না হয় তাহলে শব্দটি مبنى হবে।

ঢ) معرب ও مبنى এর মাঝে মূল পার্থক্য হল শব্দের শেষের পরিবর্তন।

(৪) শূন্যস্থান পূরণ করো।

ক) اسم এর إعراب এর চিহ্ন ........... টি।

খ) ضمير গুলো সর্বদা .......... হবে।

গ) الذى **শব্দটি** .......... হবে।

ঘ) هذا رجل **এখানে** .......... **শব্দটি** معرب

ঙ) الرجل عالمٌ **এখানে একটি** ..........ও নেই।

চ) هذا قلمএখানে ........ **শব্দটি** مبنى

ছ) أحد عشر সংখ্যাটি ...........

জ) **১২** সংখ্যাটি ......... হবে।

ঝ) أنتم **শব্দটি** .......... এর অন্তর্ভুক্ত।

ঞ) আরবী ভাষায় ........... এর সংখ্যা বেশি।

(৫) معرب ও مبنى কাকে বলে। উদাহরণ দিয়ে আলোচনা করো।

***প্রিয় শিক্ষার্থী বন্ধুরা ! সামনের অধ্যায়টি বুঝতে হলে পূর্বের সকল অধ্যায় ভালভাবে অবশ্যই বুঝে নিতে হবে। অন্যথায় সামনের কোন পড়া তুমি বুঝবেনা।***

## ৪৮ নং সবক

### مَبْنِی

নিম্নের كلمة গুলো সর্বদা مبنی হবে।

(১) فعْل مَاضى এর সকল রূপান্তর যেমন: فَعَلَ . فَعَلَا . فَعَلُوْا . فَعَلَتْ .

(২) فعل مضارع এর দুটো সিগাহ।

যথা : الجمع للمؤنث الحاضر ও الجمع للمؤنث الغائب

(৩) فعل مضارع এর সাথে যখন نون التوكيد মিলিত হয় তখন فعل مضارع এর সিগাহগুলো مبنى হয়। যেমন: يفعل শব্দটি معرب কিন্তু لَيَفْعَلَنَّ শব্দটি مبنى – কেননা এর শেষে نون التوكيد যুক্ত হয়েছে।

(৪) اَلْأَمْرُ لِلْحَاضِرِ এর সিগাহগুলো مبنى যেমন: افعل استنصر ا جتنبوا

(৫) أَسْمَاءُ الْإِشَارَاتِ এর আলোচনা পূর্বে করা হয়েছে।

(৬) اَلْمُضْمَرَات যেমন: هو هما هم أنت أنما أنتم

(৭) أَسْمَاءُ الْمَوْصُوْلَات যেমন: الذى الذان الذين التى التان الاتى

(৮) أَسْمَاءُ الْأَفْعَال যেমন: هيهات حى مه

(৯) أَسْمَاءُ الْإِسْتِفْهَام যেমন: كم من ما متى

(১০) أسماء الظُّرُوْف যেমন: قبل بعد حيث قط

(১১) أسماء الْكِنَايَات যেমন: كذا كيت

(১২) أسماء الْأَصْوَات যেমন: بخ نخ غاق

## ৪৯ নং সবক

## المضمرات

## Pronoun

الْمُضْمَرُ এর পরিচয়:

اسم কে বোঝানোর জন্য তার পরিবর্তে যা ব্যবহৃত হয় তাই ضمير ।

الْمُضْمَرُ: هو ما وُضِعَ لِمُتَكَلِّمٍ أو مُخَاطَبٍ أو غَائِبٍ.

অর্থ: যাকে গঠন করা হয়েছে বক্তা, শ্রোতা বা অনুপস্থিত কাউকে বোঝাতে।

ضمير সর্বমোট ২২ টি। যথা : -

هو هما هم هى هن أنت أنتما أنتم أنت أنتن انا نحن ك كما كم ك كن ى نا ه ها

ضمير যদি কোন শব্দের পূর্বে আসে তাহলে তা الضمير المنفصل হবে।

যেমন: هو نَصَرَنِيْ

আর যদি শব্দের পরে থাকে তাহলে তা اَلضَّمِيْرُ الْمُتَّصِلُ হবে।

যেমন: نَصَرْتُه

বার সিগার ضمير গুলো সর্বদা اَلْمَرْفُوْعُ الْمُتَّصِلُ হবে।

যেমন: أَجَعَلْتُمْ سِقَايَةَ الْحَاجِّ .

দুই সিগার পরে ضمير সর্বদা اَلْمَنْصُوْبُ الْمُتَّصِلُ হবে।

যেমন: اَلْمُعَلِّمُ يُدَرِّسُهُمْ .

ضمير এ هو . هى . انت . انا . نحن. গুলো সর্বদা مرفوع مُنْفَصِل হবে।

ك . كما . كم . ك . كن . ى . نا . ه . ها . এগুলোকে منفصل করতে হলে এগুলোর পূর্বে সর্বদা إيا ব্যবহার করতে হয়। যেমন: اياك نعبد –

ضمير যখন رفع এর স্থানে আসে তখন ضمير টি مرفوع হবে।

যেমন: رَأَيْتُهُمْ لِيْ سَاجِدِيْنَ . এখানে ت বর্ণটি فاعل হয়ে رفع এর হালতে আছে। তাই ইহা ضمير مرفوع হয়েছে।

যখন نصب এর স্থানে আসে তখন منصوب হবে।

যেমন: رأيتهم لى ساجدين এখানে هم যমীরটি مفعول হয়ে نصب এর হালতে আছে। তাই هم যমীরটি ضمير منصوب হয়েছে।

যখন جر এর স্থানে আসে তখন مجرور হবে। যেমন: رأيتهم لى ساجدين এখানে لى এর ى বর্ণটি حرف الجر এর পরে আসার কারণে جر এর হালতে আছে। তাই ى যমীরটি ضمير مجرور হয়েছে।

মনে রাখতে হবে إيا যুক্ত ضمير সর্বদা منصوب منفصل হবে।

## ৫০ নং সবক

## مَعَانِى الضَّمَائِر

| مَجْرُوْرٌ | مَنْصُوْبٌ | مَرْفُوْعٌ |
|---|---|---|
| তার ,উহার। ه | তাকে,উহাকে। ه<br>তাকেই, উহাকেই। اياه | هو / هى<br>সে,উহা,তাহা। |
| তাদের , উহাদের।<br>هم / هم / هن | তাদেরকে। هما / هم/ هن<br>তাদেরই ,তাদেরকেই। إياهم / إياهن / إياهما | তারা هما هم/ هن |
| তোমার। ك | তোমাকে , আপনাকে। ك<br>তোমাকেই, তোমারই। إياك | তুমি। أنتَ / أنتِ |
| كم / كن/كما<br>তোমাদের। | তোমাদেরকে। كم/ كما<br>তোমাদেরকেই إياكما / اياكم | তোমরা। أنتما |
| আমার। ى | | তোমরা। أنتم / أنتن |
| আমাদের। نا | نى<br>আমাকে।<br>আমাকেই, আমারই إياى | আমি, আমরা أنا نحن |
| | | আমাদেরকে। نا<br>আমাদেরকেই إيانا |

## الأسماء الموصولات

## Relative Pronoun

معانى الأسماء الموصولات :

| | | | |
|---|---|---|---|
| যারা, যেগুলো (পুরুষ) مثنى | الذان | যে, যার, যাকে (পুরুষ) مفرد | الذى |
| যারা, যেগুলো (মহিলা) مثنى | التان | যে, যিনি, যাহা (মহিলা) مفرد | التى |
| যারা, যেগুলো(মহিলা) جمع | الاتى | যারা, যাদের,যাদেরকে (পুরুষ) جمع | الذين |
| যে , যিনি , যাহারা | أى أية | যে , যিনি , যারা | من ,ما |

## ৫১ নং সবক

### التدريبات

(১) নিম্নের বাক্যগুলো থেকে বিভিন্ন প্রকারের ضمير ও اسم الموصول বের করো:

أنتم طالبون. أخذتُ كتابى. هذا كتابه. قلمهم ذلك. مروحتهنَّ على طاولتهما. حقيبتنا فى دُكَّانهم. نصرتم أولئك الرجال. التلميذ الذى يصدق صالح. هن مسلمات. ضربتكم. مسطرتكما جميلة . الرجال الذين فتحوا بلدانا عابدون. نصرنا إياك.

كرسيكن جديد. إياكم ننصر. مصباحى فى حقيبتها. أولادهم فى مسجدنا. المرأة التى صلت عصرا صالحة. لانضرب إياكم. الطالبتان التان درستا الحديث الشريف مجتهدتان. التلاميذ يذهبون إلى المدرسة. هم أولادكم. الطاولة التى أخذتها صغيرة .

(২) এক কথায় উত্তর দাও:

ক) مبنى মোট কত প্রকার ?

খ) ضمير মোট কতটি ?

গ) كم যমিরটি مجرور হলে এর অনুবাদ কী হবে ?

ঘ) "তোমাকে " কোন ضمير এর অনুবাদ ?

ঙ) "তাকেই" কোন ضمير এর অনুবাদ ?

চ) الضمير المنفصل চেনার উপায় কী?

ছ) শব্দের পরে ضمير থাকলে তা কোন ضمير হবে ?

জ) ضمير কখন مرفوع হবে ?

ঝ) الذى শব্দটি কোন প্রকারের مبنى হবে ?

ঞ) ك যমীরটি منصوب হলে এর অর্থ কী হবে ?

ট) كما যমীরটি مجرور হলে এর অর্থ কী হবে ?

ঠ) কোন ضمير শব্দের পূর্বে থাকলে তাকে কোন ضمير বলে ?

ড) কোন ضمير যদি مضاف إليه হয়, তাহলে তা কোন ضمير হবে ?

ঢ) اللاتى ইহা কোন প্রকারের اسم ?

ন) অনেক পুরুষের জন্য কেন اسم الموصول ব্যবহার হবে ?

ত) দুজন মহিলার জন্য কেন اسم الموصول ব্যবহার হবে ?

থ) التى কখন ব্যবহার হবে ?

(৩) সঠিক / ভুল নির্ণয় করো:

ক) إيا যুক্ত ضمير গুলো সর্বদা الضمير المتصل হবে।

খ) ضمير যখন مفعول হবে তখন তা الضمير المنصوب হবে।

গ) ضمير যখন مضاف إليه হবে তখন তা الضمير المرفوع হবে।

ঘ) কোন ضمير যদি نائب الفاعل হয় তাহলে তা الضمير المجرور হবে।

ঙ) عليه এখানে ه যমিরটি الضمير المجرور المنفصل হয়েছে।

চ) أنتم طالبون এখানে أنتم যমীরটি الضمير المرفوع المتصل হয়েছে।

ছ) هن যমীরটি শব্দের পরে আসলে الضمير المنفصل হবে।

জ) نصرت এখানে কোন ضمير নেই।

(৪) শূন্যস্থান পূরণ করো:

ক) بيتكم এখানে ضمير টি ............

খ) ضمير মোট .......... টি।

গ) إيا যুক্ত ضمير সর্বদা ......... হবে।

ঘ) শব্দের পরে ضمير আসলে তা ............. হবে।

ঙ) هو رجل এখানে ......... শব্দটি ضمير হয়েছে।

চ) كتاب الذى نصرك এ বাক্যে ....... শব্দটি اسم الموصول হবে।

(৫) ضمير এর প্রকার চেনার সহজ উপায়গুলো উদাহরণসহ লিখ।

(৬) اسم الوصول সম্পর্কে যা জান লিখ।

## ৫২ নং সবক

## أسماء الاستفهام ও أسماء الأفعال

## Noun Verb & Interrogative Pronoun

أسماء الأفعال এর পরিচয়: যে اسم গুলো فعل এর মত অর্থ দেয় সেগুলোকে أسماء الأفعال বলে।

اسم الفعل: هو كلمة مَبْنِيَّةٌ تَدُلُّ على معنى الفعل، تَعْمَلُ عمَلَه، ولا تَقْبَلُ علاماتِه

অর্থ: اسم الفعل হচ্ছে এমন শব্দ যা فعل এর মত আমল করে এবং অর্থ দেয় কিন্তু فعل এর আলামত গ্রহন করে না।

নিম্নে কিছু اسماء الأفعال উল্লেখ করা হল:

নিম্নের اسم গুলো الفعل الماضى এর অর্থে ব্যবহৃত হয়।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| দ্রুত চলে গেল | سَرْعَانَ | পৃথক হল | شَتَّانَ | দূরে চলে গেল | هَيْهَاتَ |
| বিলম্ব করেছে | بطان | দ্রুত করেছে | سكان | দ্রুত করেছে | ستان |

নিম্নের اسم গুলো الفعل للأمر এর অর্থে ব্যবহৃত হয়।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ধর | دُوْنَكَ | ছেড়ে দাও | بَلْهَ | অবশ্যই কর | عَلَيْكَ |
| ধর | هَا | ছেড়ে দাও | رُوَيْدَ | আস | هيهل |
| অগ্রসর হও | امامك | কবুল কর | امين | আস | حى |
| তাড়াতাড়ি কর | هيا | আসো | هيت / هلم | থাম | مه |

নিম্নের اسم গুলো أمر এর অর্থে ব্যবহৃত হয়:

أف......اتَفَجَّر আমি বিরক্ত হচ্ছি।

কোন বিষয়ে প্রশ্ন করার জন্য যে اسم ব্যবহৃত হয় সেগুলোকে أسماء الاستفهام বলে।

أسماء الاستفهام: هو اسمٌ يُؤْتَى بِهِ لطَلَبِ إزالةِ الإبهامِ عن تساؤلٍ مَا.

অর্থ: যে اسم কে আনা হয় যে কোন বিষয়ে প্রশ্ন করে তার অস্পষ্টতা দূর করতে।

নিম্নে কিছু أسماء الاستفهام উল্লেখ করা হল।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কী ? | مَاذَا | কখন ? | مَتَى | কোথায় ? | أَيْنَ |
| কে ? | مَنْ ذَا | কোথায় ? | أَيَّانَ | কেমন ? | كَيْفَ |
| কে ? | مَنْ | কোথা হতে ? | أَنَّى | কত ? | كَمْ |
| কেন ? | لِمَاذَا /لِمَ | কী ? | ما / ماذا | কোনটি ? | أَيٌّ |

**মনে রাখতে হবে :** هل ও أ এ দুটি حرف الاستفهام - এগুলো কখনো তারকীবে خبر / فاعل / مبتدأ ইত্যাদি কিছুই হবেনা।

## ৫৩ নং সবক

### التدريبات

**(১) নিম্নের বাক্যগুলো থেকে أسماء الأفعال ও أسماء الاستفهام খুঁজে বের করো:**

كَيْفَ حَالُكَ ؟ بَلْهَ هذَا التلميذَ . أَنّٰى لَكِ هذَا ؟ دُوْنَكَ ذلِكَ الْكِتَابَ . عَلَيْكَ أَنْ تَجْلِسَ فِيْ الْمَسْجِدِ . أَيَّانَ تَفِرُّوْنَ أنتمْ ؟ مَاذَا أَكَلْتَ ؟ كَمْ كتابًا فِيْ يَدِكَ ؟ رُوَيْدَ الرجُلَ. مَا اِسْمُكَ ؟ هَيْهَلْ إِلَى الْإِسْلَامِ . مَنْ دَرَسَ هذَا الْكِتَابَ ؟ شَتَّانَ بَكْرٌ عَنْ صَدِيْقَيْهِ . هَا تِلْكَ الْمِرْوَحَةَ . رُوَيْدَ ذلِكَ السَّارِقَ . سَرْعَانَ الرَّجُل.

**(২) এক কথায় উত্তর দাও:**

ক) دونك কোন ধরনের مبنى ?

খ) سرعان **শব্দের অর্থ কী ?**

গ) ' أ ' **শব্দটি কি** اسم الفعل ?

ঘ) رويد **শব্দটি কি** اسم الاستفهام ?

ঙ) بله ও شتان **এখানে** اسم الاستفهام **কোনটি ?**

চ) الذى ذهب **এখানে কি কোন** اسم الاستفهام **বা** اسم الفعل **আছে ?**

ছ) هيهل **শব্দটি** কোন ধরনের اسم ?

জ) هيهات **শব্দের অর্থ কি ?**

ঞ) كيف **শব্দটি** কোন ধরনের اسم ?

**(৩) সঠিক ভুল নির্ণয় করো:**

ক) الكتاب مفيد **এখানে কোন** مبنى **নেই।**

খ) مه **শব্দটি** اسم الاستفهام

গ) كم **শব্দটি** معرب

ঘ) مَنْ **শব্দটি** اسم الفعل **হিসেবে ব্যবহৃত হয়।**

ঙ) هل **শব্দটি** اسم الاستفهام

চ) أين **শব্দটি** اسم الفعل **হয়।**

ছ) متى **ইহা** اسم الاستفهام

জ) ها **শব্দটি** اسم الفع **হবে।**

(৪) أسماء الأفعال কাকে বলে ? উদাহরণসহ আলোচনা করো।

(৫) أسماء الاستفهام কাকে বলে ? উদাহরণসহ আলোচনা করো।

## ৫৪ নং সবক

## أسماء الكنايات ও أسماء الأصوات , أسماء الظروف

## Adverbs

أسماء الظروف এর পরিচয়: যে সকল اسم দ্বারা স্থান বা সময় বুঝায় সেগুলোকে أسماء الظروف বলে।

الظرف: هو اِسمُ مَنْصُوبٍ يَدُلُّ عَلى زَمَانِ وُقُوعِ الحَدَثِ أَوْ مَكَانِهِ.

অর্থ: এমন নসব যুক্ত اسم যা কাজ সংঘটিত হওয়ার সময় বা স্থান কে বোঝায়।

নিম্নে কিছু أسماء الظروف উল্লেখ করা হল :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| যখন | إِذْ | যখন | إِذَا | কখন / যখন | مَتى |
| কখন | أَيَّانَ | গতকাল | أَمْسِ | থেকে | مُذْ |
| যাবৎ / অবধি | مُنْذُ | কখনো | قَطُّ | কখনো | عَوْضُ |
| পূর্বে | قَبْلُ | পরে | بَعْدُ | যেখানে | حَيْثُ |
| সম্মুখে | قُدَّامُ | নিচে | تَحْتَ | উপরে | فَوْقُ |

### اسماء الأصوات

أسماء الأصوات এর পরিচয়: যে সকল শব্দ দ্বারা মানুষ, পশু বা পাখির আওয়াজকে নকল করা হয়, তাকে أسماء الأصوات বলে।

নিম্নে কিছু أسماء الأصوات উল্লেখ করা হল :

দুঃখ ও বেদনা প্রকাশের আওয়াজ : . أح أح . أف . أه أه . وا . واى

আনন্দ প্রকাশের আওয়াজ : . واه واه .

উট বসানোর আওয়জ : . نخ نخ

কাকের আওয়াজ : . غاق غاق

### أسماء الكنايات

যে اسم দ্বারা কোন অস্পষ্ট সংখ্যা বা বক্তব্যের দিকে ইঙ্গিত করা হয় তাকে أسماء الكنايات বলে।

**أسماءُ الكنايةِ** :هيَ ألفاظٌ مبهَمَةٌ يُكنّى بها عن مُبهَمٍ من عدَدٍ أو حديثٍ أو فعلٍ.

অর্থ: এটি এমন কিছু অস্পষ্ট শব্দ যা দিয়ে অস্পষ্ট সংখ্যা, কাজ বা বিষয়ের প্রতি ইঙ্গিত করা হয়।

أسماء الكنايات পাঁচটি।

১) كم ২) كذا ৩) كيت ৪) ذيت ৫) كأيٍّ/كأين

كم . كذا দ্বারা অস্পষ্ট সংখ্যার প্রতি ইঙ্গিত করা হয়।

যেমন: . كم كتابٍ اشتريته - আমি অনেক কিতাব ক্রয় করেছি।

عندك كذا كذا كتابا তোমার কাছে এত এত কিতাব আছে।

كيت . ذيت দ্বারা অস্পষ্ট বক্তব্যের প্রতি ইঙ্গিত করা হয়।

যেমন: سمعت كيت و ذيت - আমি এমন এমন শুনেছি।

## ৫৫ নং সবক

### التدريبات

(১) নিম্নের বাক্যগুলো থেকে أسماء الظروف ,أسماء الأصوات ,أسماء الكنايات বের কর:

ذَهَبْتُ إِلى داكا أَمْسِ. أَكَلْتَ بَعْدَكَ. قالَ الرجلُ أُحْ أُحْ . أَيَّانَ تَرْجِعُ. وإِذْ قُلْنَا . كَمْ حِمَارٍ رَأَيْتَه . أَشَارَ الْوَلَدُ إِلى إِبْلِه بَخْ بَخْ. إِذَا جَاءَ . رَأَيْتَ كَيْتَ ذَيْتَ . هذَا التلميذُ جَيِّدٌ مِنَ حيْثُ الْقِرَاأَةِ . أَرْجِعُ مَتى تَرْجِعُ . صَرَخَ الْغُرَابُ غَاقَ غَاقَ . أَمْسِ دَرَسْنَا الْكِتَابَ . إِذَا جَاءَ المعلم . كَمْ رَجُلٍ دَرَسَ الْقُرْآنَ . قَرَأْتُ كَيْتَ ذَيْتَ .

(২) এক কথায় উত্তর দাও:

ক) بخ بخ কোন প্রকারের مبنى ?

খ) قَطُّ শব্দটি কোন প্রকারের مبنى ?

গ) واه কোন প্রকারের اسم ?

ঘ) أسماء الكنايات কতটি ?

ঙ) أمس শব্দটি কি أسماء الأصوات এর একটি ?

চ) كم শব্দটি مبنى এর কোন প্রকার ?

ছ) حيث শব্দটি কি أسماء الظروف এর একটি ?

জ) كذا কোন প্রকারের مبنى ?

(৩) সঠিক / ভুল নির্ণয় করো:

ক) أسماء الكنايات ৫টি।

খ) كم শব্দটি أسماء الأصوات এর একটি।

গ) حيث শব্দটি اسم الظرف

ঘ) فوق শব্দটি اسم الظرف নয়।

ঙ) كذا ইহা أسماء الكنايات এর একটি।

(৪) اسماء الأصوات কাকে বলে ? أسماء الأصوات কতটি ও কী কী ? উদাহরণসহ আলোচনা করো।

(৫) أسماء الكنايات কাকে বলে ? أسماء الكنايات কতটি ও কী কী ? উদাহরণসহ আলোচনা করো।

(৬) أسماء الظروف কাকে বলে ? أسماء الظروف কতটি ও কী কী ? বিস্তারিত আলোচনা করো।

## ৫৬ নং সবক
## حَالَت এর اسم

اسم এর হালাত তিনটি : رَفْعٌ , نَصْبٌ , جَرٌّ

নিম্নের اسم গুলো رفع এর হালতে থাকে।

فَاعِل نَائِب الفَاعل مُبْتَدَأ خَبَر

নিম্নের اسم টি نصب এর হালাতে থাকে।

مَفْعُول بِه

منصوبات এর বাকি প্রকারগুলো সামনের درس গুলোতে আলোচনা করা হবে إن شاء الله -

جَرٌّ এর স্থান ২টি :

حرف الجَارّ এর পরের اسم এবং مضاف إليه

মনে রাখতে হবে : নিম্নে অধিক ব্যবহৃত কিছু حرف الجر উল্লেখ করা হল :

بِ . كَ . حَتّى . إِلى . عَلى . فِيْ . مِنْ . عَنْ .

যে اسم টি رفع এর হালতে থাকে তাকে مَرْفُوْعٌ বলে।

যে اسم টি نصب এর হালতে থাকে তকে مَنْصُوْبٌ বলে।

যে اسم টি جر এর হালতে থাকে তাকে مَجْرُوْرٌ বলে।

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা! رفع . نصب . جر চেনা খুবই সহজ বিষয়। তুমি ঘাবড়ে যাবার কোন কারণ নেই। তুমি শুধু মনে রাখবে , فاعل , نائب الفاعل , مبتدأ , خبر সর্বদা رفع এর হালতে থাকবে। তাই এগুলো সর্বদা مرفوع হবে।

মনে রাখতে হবে : رفع মানে কোন اسم এর এমন একটি অবস্থা, যা দ্বারা সে فاعل হয় বা مبتدأ হয় বা خبر হয় বা نائب الفاعل হয়। অতএব একথাগুলো মনে রাখলেই যথেষ্ট হবে যে, فاعل ,نائب الفاعل ,مبتدأ ,خبر এই اسم গুলো رفع এর হালতে থাকবে। এভাবে বাকিগুলো বুঝে নিবে।

## ৫৭ নং সবক
### التدريبات

(১) এক কথায় উত্তর দাও।

ক) اسم এর হালত কয়টি ও কী কী ?

খ) مبتدأ কোন হালতে থাকে ?

গ) مرفوع কাকে বলে ?

ঘ) কোন اسم টি نصب এর হালতে থাকে ?

ঙ) مضاف إليه কোন হালতে থাকে ?

চ) إلى الله এখানে الله শব্দটি কোন হালতে আছে ?

ছ) مجرور কাকে বলে ?

জ) منصوب কাকে বলে ?

ঝ) هذا كتاب এখানে هذا শব্দটি কোন হালতে আছে ?

ঞ) نائب الفاعل কোন হালতে থাকে ?

(২) নিম্নের বাক্যগুলো থেকে مرفوع . منصوب . مجرور বের করো:

الكتابُ جديدٌ . القلمُ قديمٌ . التفاحةُ لذيذةٌ . التلميذُ مشهورٌ . نصرتُ تلميذًا. أَكَلْنَا رُزًّا . تَأْكُلِيْنَ خُبْزًا . فَتَحَتْ عَائِشَةُ نَافِذَةً . زَيْنَبُ ذَهَبَتْ إِلى الْحُجْرَةِ . مَرْيَمُ أَكَلَتْ طَعَامًا. كِتَابُ الْمُعَلِّمِ عَلى الطَّاوِلَةِ . هذَا الْكِتَابُ كَبِيْرٌ . اَلْمُعَلِّمُ الْكَبِيْرُ جَدِيْدٌ . ذَهَبْتُمَا إلى الْمَسْجِدِ الْجَمِيْلِ. أَكَلْتُنَّ خُبْزًا صَغِيْرًا . بَابُ الْمَدْرَسَةِ الْقَدِيْمَةِ صَغِيْرٌ. أَنْتَ نَصَرْتَ ذلِكَ الْمُعَلِّمَ الْمَاهِرَ . سُوْقُ الْقَرْيَةِ صَغِيْرٌ. جَلَسَ الْأُسْتَاذُ عَلى الْكُرْسِيِّ الْقَدِيْمِ . نَظَرْتُمْ إِلى الْمَدْرَسَةِ الْجَمِيْلَةِ . خَالِدٌ قَرَأَ الْحَدِيْثَ الشَّرِيْفَ . اَلتِّلْمِيْذَانِ أَخَذَا الْقُرْآنَ الْكَرِيْمَ . اَلْوَلَدُ الصَّالِحُ نَصَرَ مُعَلِّمَه . مُعَلِّمُ الْمَدْرَسَةِ الْقَدِيْمَةِ مَاهِرٌ .

## ৫৮ নং সবক

(৩) সঠিক / ভুল নির্ণয় করো।

ক) مضاف إليه সর্বদা منصوب হবে।

খ) مفعول সর্বদা منصوب হবে।

গ) أكلتم رزا এখানে কোন مرفوع নেই।

ঘ) نصرنا التلميذ এখানে نا শব্দটি منصوب হয়েছে।

ঙ) أولئك مسلمون এখানে مسلمون শব্দটি رفع এর হালতে আছে।

চ) একটি اسم যখন خبر হবে তখন তা جر এর হালতে থাকে ।

ছ) حرف الجر এর পরের শব্দটি সর্বদা رفع এর হালতে থাকে ।

জ) نائب الفاعل টি رفع এর হালতে থাকে।

ঝ) قرأتَ القرآن এখানে কোন جر এর হালত নেই।

ঞ) একটি اسم যখন مبتدأ হবে তখন তা منصوب হবে।

(৪) শূণ্যস্থান পূরণ করো:

ক) مبتدأ সর্বদা .......... এর হালতে থাকে।

খ) ........... সর্বদা منصوب হবে।

গ) نصروا এখানে ........... শব্দটি مرفوع হয়েছে।

ঘ) ........... جر এর হালতে থাকে।

ঙ) نائب الفاعل সর্বদা ................ হয়।

চ) فتحنا نافذة এখানে ......... শব্দটি نصب এর হালতে আছে।

ছ) إلى اللهِ مَرْجِعُكُمْ এখানে ............. শব্দটি مجرور হয়েছে।

জ) خبر সর্বদা ............ এর হালতে থাকে ।

ঝ) القرآن كتابُ اللهِ এখানে ............. শব্দটি جر এর হালতে আছে।

ঞ) هذَا كتابُنَا এখানে هذا শব্দটি .............. এর হালতে আছে।

(৫) اسم এর হালত কয়টি ও কী কী ? উদাহরণসহ আলোচনা করো।

(৬) যে কোন বিষয়ে তুমি ১৫ লাইন আরবী লেখ।

## ৫৯ নং সবক

## مَرْفُوعَات (রফা বিশিষ্ট ইসম) মোট ৮ প্রকার

**مرفوعات** = যে اسم গুলো رفع এর إعراب পায়।

১. مبتدأ = বাক্যের শুরুতে থাকা মূল আলোচ্য শব্দ। যেমন: التِّلْمِيْذُ مُؤَدَّبٌ

২. خبر = مبتدأ এর পরবর্তি অংশ। যেমন: الأُسْتَاذُ مُخْلِصٌ

৩. فاعل = যে কাজ করে।যেমন: كَرُمَ الصَّامِتُ

৪. نائب الفاعل = যে مفعول টি فعل مجهول এর পরে فاعل এর স্থানে বসে। যেমন: فُهِمَ الدَّرْسُ

৫. خَبَرُإِنَّ وَأَخَوَاتِهَا = إِنَّ ও তার সমজাতীয়দের خبر। যেমন: إِنَّ التِّلْمِيْذَ جَادٌّ.

৬. اِسْمُ كَانَ وَأَخَوَاتِهَا = كان ও তার সমজাতীয়দের مبتدأ। যেমন: كَانَ الأُسْتَاذُ مُخْلِصًا

৭. اِسْمُ مَا وَ لَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ = لَيْسَ এর অর্থের সাথে সাদৃশ্যপূর্ণ অর্থাৎ সাধারণ না বোধকের অর্থ দেয় এমন ما এবং لا এর مبتدأ। যেমন: لاَ مُجْتَهِدٌ رَاسِبًا / مَا الْمُتَعَلِّمُ كَاسِلاً

৮. خَبَرُ لَا التي لِنَفْيِ الْجِنْسِ = জাতীবাচক নাবোধক لا এর خبر । যেমন: لا عَاصِيَ ثَابِتٌ مِنَ الطُّلاَّبِ

## ৬০ নং সবক

## مَنْصُوبَات (নসব বিশিষ্ট ইসম) মোট ১২ প্রকার

**منصوبات** = যে اسم গুলো نصب এর إعراب পায়

১. مَفْعُوْلٌ بِه : যার ওপর কোনো কাজ পতিত হওয়া বোঝায়। যেমন: حَفِظْتُ الْحَدِيْثَ

২. مَفْعُوْلٌ مُطْلَق : পূর্বে উল্লিখিত فعل এর مصدر। যেমন: أُكْرِمُ النَّاسَ إِكْرَامًا

৩. مفعول فِيْه : যে مفعول দ্বারা স্থান বা সময় বোঝায়। যেমন: أَتَهَجَّدُ لَيْلاً

৪. مفعول لَه : যে مفعول দ্বারা কাজ সংঘটিত হওয়ার কারণ বোঝায়। যেমন: أَدْرُسُ الْفِقْهَ رِضَاءً لِلّٰهِ

৫. مفعول مَعَه : "সাথে" অর্থ দেয় এমন واو এর পরবর্তি শব্দ। যেমন: أَقْرَأُ الْقُرْآنَ وَ الْقَارِئَ

৬. حَال : যে শব্দ দ্বারা ক্রিয়া সংঘটিত হওয়ার অবস্থা বোঝায়। যেমন: أَخْدُمُ الْأُسْتَاذَ مُخْلِصًا

৭. تَمْيِيْز : যে শব্দ পূর্বের শব্দ বা বাক্যের সন্দেহ দূর করে। যেমন: لِيْ أَرْبَعُوْنَ طَالِبًا

৮. مُسْتَثْنى : إِلَّا বা এ জাতীয় শব্দের পরের শব্দ। যেমন: قَرَأْتُ الصَّفْحَةَ إِلاَّ سَطْرًا

৯. اسمُ إنَّ وأَخَوَاتِهَا : إِنَّ ও তার সমজাতীয়দের مبتدأ। যেমন: إِنَّ التَّقْلِيْدَ وَاجِبٌ

**১০.** كَانَ وَأَخَوَاتِهَا**: খবরُ كَانَ** : كان **ও তার সমজাতীয়দের** خبر । **যেমন:** كَانَ الأُسْتَاذُ مُخْلِصًا

**১১.** مَا وَ لَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ**: খবরُ** مَا **এবং** لا **এর** خبر **এর** لَيْسَ **এর অর্থের সাথে সাদৃশ্যপূর্ণ** ما **এবং** لا **এর** خبر । **যেমন:** مَا

لاَ مُجْتَهِدٌ رَاسِبًا / الْمُتَعَلِّمُ كَاسِلاً

**১২.** اسم لَا الَّتِيْ لِنَفْيِ الْجِنْسِ : **জাতীবাচক নাবোধক** لا **এর** مبتدأ । **যেমন:** لا عَاصِيَ ثَابِتٌ مِنَ الطُّلاَّبِ

## مَجْرُورَات (জার বিশিষ্ট ইসম) মোট ২ প্রকার

**مجرورات:** যে اسم গুলো جر এর إعراب পায়

**১.** مَجْرُوْر: حرف الجار **এর পরের** اسم । **যেমন:** فِيْ قَلْبِ الطَّالِبِ تَوَاضُعٌ.

**২.** مُضَافٌ إِلَيْهِ: مضاف **এর পরবর্তি শব্দ** । **যেমন:** غُرْفَةُ الطُّلاَّبِ نَظِيْفَةٌ

## ৬১ নং সবক
## رَفْع , نَصْب , جَر এর আলামত

এ তিনটির আলামত পড়ার পূর্বে মনে রাখতে হবে : مبنى এর মধ্যে কখনো إعراب এর কোন আলামত প্রকাশ পাবেনা। এ আলামতগুলো শুধু معرب এর জন্য প্রযোজ্য।

رفع এর আলামত তিনটি: الضمة ( ُ ) واو . الف .

نصب এর আলামত চারটি: ِ َ كَسْرَة فَتْحَة الف . ى .

جر এর আলামত তিনটি: فتحة كسرة ِ ى

শব্দ رفع এর হালতে আসলে তথা مبتدأ / خبر / فاعل / نائب الفاعل হলে رفع হবে পেশ مفرد / جمع مكسر দ্বারা। যেমন: هذا كتابٌ এ বাক্যে كتاب শব্দটি خبر হওয়ার কারণে رفع এর হালতে আছে। আর كتاب শব্দটি যেহেতু مفرد তাই , এর رفع হবে পেশ দ্বারা। الف দ্বারা নয়, واو দ্বারাও নয় । ইহাই رفع এর আলামতের ব্যবহার। পক্ষান্তরে , هذا শব্দটি مبتدأ
হওয়ার কারণে رفع এর হালতে আছে বটে কিন্তু رفع এর কোন আলামত هذا শব্দে প্রকাশ পাবেনা। কারণ هذا শব্দটি اسم الإشارة হওয়ার কারণে ইহা مبنى

তেমনিভাবে, مفرد শব্দের نصب হবে فتحة (যবর) দ্বারা।

যেমন: . أَخَذْتُ كِتَابًا এ বাক্যে أخذت শব্দটি বার ছিগার একটি ছিগাহ। তাই এর পরের اسم টি مفعول হয়েছে। আর مفعول সর্বদা نصب এর হালতে থাকে। كتابا শব্দটি যেহেতু مفرد তাই এর نصب হবে فتحة দ্বারা। যের দ্বারা নয়, ى দ্বারা নয় , الف দ্বারা নয়।

একইভাবে , مفرد এর جر হবে যের দ্বারা।

যেমন: هذا كتابُ بَكْرٍ এ বাক্যে كتاب শব্দটি مضاف হয়েছে এবং بكر নামটি مضاف إليه হয়েছে। مضاف إليه যেহেতু جر এর হালতে থাকে , তাই بكر শব্দটি جر এর হালতে আছে। بكر শব্দটি যেহেতু مفرد তাই بكر শব্দটির جر হবে كسرة (যের) দ্বারা। যবর দ্বারা নয় , ى দ্বারাও নয়। একইভাবে , جمع مكسر এর মধ্যে একই إعراب হবে।

মনে রাখতে হবে :

এক যবর, এক যের, এক পেশকে হরকত বলে।
দুই যবর, দুই যের, দুই পেশকে তানভীন বলে।
মহিলাদের নামের শেষে কখনো তানভীন হবেনা, হরকত হবে।
مضاف এর শেষে কখনো তানভীন হবেনা, হরকত হবে।

جر , نصب , رفع এর আলামত

ال যুক্ত শব্দের শেষে কখনো তানভীন হবেনা, হরকত হবে।

فعل এবং حرف এ কখনো তানভীন হবেনা।

## ৬২ নং সবক

নিম্নের টিবিলের মাধ্যমে বুঝতেচেষ্টা করো:

| اسم | حالة | إعراب |
|---|---|---|
| مفرد / جمع مكسر | رفع | الضمة الظاهرة |
| مفرد / جمع مكسر | نصب | الفتحة الظاهرة |
| مفرد / جمع مكسر | جر | الكسرة الظاهرة |

**নিম্নের উদাহরণগুলো পড় এবং رفع , جر , نصب এর আলামত কীভাবে প্রকাশ পেল তা ভালভাবে বুঝতে চেষ্টা করো।**

التلميذُ ماهرٌ . الكتابُ جديدٌ . هذه كُتُبٌ . ذَهَبَ الرجلُ إلى المدرسةِ . نَصَرَ بكرٌ ماجدًا . قَرَأَ الطَّالِبُ الْجَدِيْدُ كتابًا جديدًا . فَتَحَتْ فَاطِمَةُ كِتَابَهَا. جَلَسَ مَحْمُوْدٌ على الكرسيِ . فَرِحَ الولدُ . وَقَفَ التلميذُ . يَطْلُبُ كَرِيْمٌ مِرْوَحَتَه . تَطْلُبُ عائشةُ اِبْنَهَا .بِعْتُ أَقْلَامًا كثيرةً . اَلْأَفْيَالُ جَسِيْمَةٌ . سَقَطَ الْأَوْلَادُ .

**بيان الإعراب** :

الكتاب مفيد .

الكتاب : مُبْتَدَأٌ مَرْفُوْعٌ وَعَلَامَةُ رَفْعِه اَلضَّمَّةُ الظَّاهِرَةُ لِأَنَّه مُفْرَدٌ .

مفيد : خَبَرٌ مرفوع وعلامة رفعه الضمة الظاهرة لأنه مفرد .

فرح تلميذ المدرسة .

فرح : فِعْلٌ مَاضٍى مَبْنِيٌّ .

تلميذ : فاعل مرفوع وعلامة رفعه الضمة الظاهرة لأنه مفرد .

المدرسة : مضافٌ إليه مجرور وعلامة جره الكسرة الظاهرة لأنه مفرد .

المسطرة الجديدة فى الغرفة القديمة .

المسطرة : مبتدأ مرفوع وعلامة رفعه الضمة الظاهرة لأنه مفرد .

الجديدة : صِفَةُ الْمَرْفُوْعِ مَرْفُوْعَةٌ وعلامة رَفْعِه الضمة الظاهرة لأنه مفرد .

فى : حرف جر مبنى .

الغرفة : مجرور بفى وعلامة جره الكسرة الظاهرة لأنه مفرد .

رفع , نصب , جر এর আলামত

القديمة : صفة المجرورِ مجرورةٌ وعلامة جرِه اَلْكَسْرَةُ الظاهرةُ لأنه مفرد .

## ৬৩ নং সবক

### التدريبات

(১) নিম্নের বাক্যগুলো থেকে رفع , نصب , جر এর আলামত খুঁজে বের করো:

يَنْظُرُ الْمُعَلِّمُ إلى الْمَسْجِدِ . فَرِحَ تلميذُ المدْرَسةِ . كتابُ الأُسْتَاذِ جديدٌ . التُّفَّاحَةُ عَلى الطَّاوِلَةِ. اَلْمِسْطَرَةُ الْجَدِيْدَةُ فِيْ الْغُرْفَةِ الْقَدِيْمَةِ . أَخَذْنا كِتَابًا قَدِيْمًا . نَنْصُرُ مسلمًاعَابِدًا. اَلْمُعَلِّمُ الْمَاهِرُ يَقْرَأُ الْقُرْآنَ الْكَرِيْمَ. تِلْمِيْذُ الْمِدْرَسَةِ ولدٌ صالِحٌ . فَتَحَتْ زَيْنَبُ نَافِذَةَ الْحُجْرَةِ . مَرْيَمُ نَصَرَتْ اِمْرَأَةً صَالِحَةً . سَقَطَتْ الْمِرْوَحَةُ الْجَدِيْدَةُ . بابُ المدرسةِ القديمةِ جميلٌ . هذا الْمُعلِّمُ على السريرِ الواسعِ . مروحةُ الأستاذِ على الطاولةِ الصغيرةِ . قلنسوةُ الولدِ جميلةٌ . ذَهَبَ غُلَامُ الرجلِ إلى السوقِ الكبيرِ. رأيتُ كُتُبًا. أَقْرَأُ قَصَصًا كَثِيْرَةً . اَلْأَقْلَامُ كَبِيْرَةٌ .

(২) এক কথায় উত্তর দাও:

ক) رفع এর আলামত কয়টি ?

খ) نصب এর আলামত কয়টি ?

গ) طاولة শব্দের رفع হবে কী দ্বারা ?

ঘ) إلى السوق এখানে جر হবে কী দ্বারা ?

ঙ) مروحة শব্দটি مضاف إليه হলে এর جر হবে কী দ্বার্ ?

চ) مبتدأ তে কখন পেশ হবে ?

ছ) رجل শব্দটি فاعل হলে رفع এর আলামত কী হবে ?

জ) একটি শব্দ رفع এর হালতে আছে কি - না তা বুঝবে কীভাবে ?

ঝ) কোন শব্দ যদি فاعل হয় এবং مفرد হয় তাহলে তার إعراب কী হবে ? ঞ) مفرد শব্দ حرف الجر এর পরে আসলে কোন إعراب হবে ?

(৩) নিম্নের বাক্যগুলোকে নিজের পক্ষ থেকে হরকত দাও:

المدرسة جميلة. كتاب المدرسة جميل. سوق القرية جديد . هذه طاولة المدرسة. هاتان مروحتان قديمتان. ولد المعلم عالم كبير . غرفة المسجد الكبير واسعة. تلك المسطرة القديمة جديدة. حجرة المعلم كبيرة . نصرت زينب بكرا . التلميذ ضرب سارقا كبيرا . ضرب السارق . فتحت غرفة المعلم . جعل المسجد المبير. مريم طبخت لحما كثيرا . ضربتن على طهورهن . سرقت هذه المروحة الصغيرة.نصرتما فقيرا كبيرا . الرجلان جلسا على الكرسى الكبير .

## ৬৪ নং সবক

(৪) সঠিক / ভুল নির্ণয় করো:

ক) تلميذ শব্দের جر এর আলামত হবে পেশ।

খ) طاولة শব্দের رفع প্রকাশ পাবে الف দ্বারা।

গ) مروحة الغرفة এখানে الغرفة শব্দের শেষে যের হবে।

ঘ) رجل الحجرة عالم এখানে رجل শব্দে যের হবে।

ঙ) مفرد শব্দের نصب হবে ى দ্বারা।

চ) تلك مروحة এখানে تلك শব্দের رفع হবে পেশ দ্বারা।

ছ) أنت رجل এখানে পেশ দেওয়ার মত কোন শব্দ নেই।

জ) جَلَسْتُ عَلى هذَا এখানে هذا শব্দের جر হবে যবর দ্বারা।

ঝ) مبنى গুলোর نصب হবে যবর দ্বারা।

ঞ) المعلم শব্দটিতে কখনো جر এর إعراب হবেনা।

(৫) শূন্যস্থান পূরণ করো:

ক) قلم শব্দটির رفع হবে ...... দ্বারা।

খ) هذا مروحة এখানে ....... শব্দে إعراب এর কোন আলামত প্রকাশ পাবেনা।

গ) مصباح المدرسة এখানে المدرسة শব্দের হরকত হবে ..........।

ঘ) أخدنا كافرا এ বাক্যে .......... শব্দটিতে نصب এর আলামত হয়েছে যবর দ্বারা।

(৬) নিম্নের বাক্যগুলোতে ভুল থাকলে , ভুলের কারণ বর্ণনা করে শুদ্ধ করে লিখ :

التلاميذَ يذهب إلى المسجدَ. رأيتُ رجلٍ. هذا كتاباً . الكتابَ جديدٌ. كتابُ المعلمَ كبيرٌ . نصرتَ تلميذٌ ذكيٌّ. طلب المسلمَ رجلٌ صالِحٌ . تلك قلنسوةَ ماجدٍ. التلميذِ يُكْرِمُ الأستاذُ . قُرِأَ الدرسَ .هذا كتابُ . الكتابٌ قديمٌ. قلمٌ زيدٍ جديدُ .

(৭) اسم এর হালত কয়টি ও কী কী ? উদাহরণসহ আলোচন করো।

(৮) رفع , نصب , جر এর আলামত কয়টি ও কী কী? مفرد এর মধ্যে إعراب এর আলামত আলোচনা করো।

## ৬৫ নং সবক

## إعراب এর جمع المؤنث السالم ও مُثَنّى

مثنى যদি رفع এর হালতে আসে , তাহলে رفع এর আলামত হবে الف দ্বারা। পেশ দ্বারা নয় , واو দ্বারা নয়। যেমন: التلميذان جيلان এ বাক্যে التلميذان শব্দটি مبتدأ হয়ে رفع এর হালতে এসেছে। التلميذان শব্দটি যেহেতু مثنى তাই , এ শব্দটির رفع এর আলামত হয়েছে الف - جيلان শব্দটিও خبر হওয়ার কারণে رفع হালতে এসেছে। তাই এর رفع এর আলামত হয়েছে الف দ্বারা।

মনে রাখতে হবে : مثنى এবং جمع এর শেষের نون টি অতিরিক্ত। তাই এদের শেষের نون টি শেষ বর্ণ হিসেবে দেখা হবেনা।

একইভাবে , مثنى যদি نصب বা جر এর হালতে আসে তাহলে, مثنى এর نصب এবং جر হবে ي এবং তার পূর্বে যবর দ্বারা।

যেমন: أخذت كتابَيْنِ . دُكَّانُ الْكِتَابَيْنِ.

নিম্নের উদাহরণগুলো ভালভাবে বুঝতে চেষ্টা করো:

الكتابانِ جديدانِ . الطالبانِ قديمانِ . ذهبَ الرجلانِ إلى البيتِ الكبيرِ . نصرَ التلميذانِ رجلَيْنِ . طلبتُ قلمَيْنِ جديدَيْنِ . قَمِيْصُ الْمُعَلِّمَيْنِ ثَمِيْنٌ .

جمع المؤنث السالم যদি رفع এর হালতে আসে তাহলে , رفع এর আলামত হবে পেশ দ্বারা। যেমন: المسلماتُ صالحاتٌ . এ বাক্যে المسلمات শব্দটি مبتدأ হওয়ার কারণে رفع এর হালতে এসেছে। তাই المسلماتُ শব্দের رفع হবে পেশ দ্বারা। صالحاتٌ শব্দটিও একই রকম।

جمع المؤنث السالم যদি نصب অথবা جر এর হালতে আসে তাহলে نصب এর আলমত এবং جر এর আলামত হবে যের দ্বারা। যেমন: رأيت قلنسواتٍ এ বাক্যে قلنسواتٍ শব্দটি جمع المؤنث السالم - যা مفعول হওয়ার কারণে نصب এর হালতে আছে। তাই قلنسواتٍ শব্দের نصب হবে যের দ্বারা। যবর , ى বা الف দ্বারা নয়।

একইভাবে , دكان القلنسواتِ كبير . এ বাক্যে القلنسواتِ শব্দটি مضاف إليه হওয়ার কারণে جر এর হালতে আছে। আর قلنسوات শব্দটি যেহেতু جمع المؤنث السالم তাই এর جر হবে যের দ্বারা। ى দ্বারা নয়। যবর দ্বারা নয়।

## ৬৬ নং সবক

নিম্নের টেবিলের মাধ্যমে বুঝতে চেষ্টা করো:

| إعراب | حالة | اسم |
|---|---|---|
| الضمة الظاهرة | رفع | جمع المؤنث السالم |
| الكسرة الظاهرة | نصب | جمع المؤنث السالم |

إعراب এর جمع المؤنث السالم ও مثنى

| | | |
|---|---|---|
| جمع المؤنث السالم | جر | الكسرة الظاهرة |
| مثنى | رفع | الألف |
| مثنى | نصب | الياء قبلها فتحة |
| مثنى | جر | الياء قبلها فتحة |

নিম্নের উদাহরণগুলো ভালভাবে বুঝতে চেষ্টা করো।

المسلماتُ صالحاتٌ . أخذتُ مروحاتٍ جديداتٍ . نَصَرْتُ تلميذاتٍ ذَكيَّاتٍ. قرأتُ الرِّسَالَاتِ الْقَدِيْمَاتِ . اَلتُّفَّاحَاتُ عَلى الطَاوِلَاتِ الصَّغِيْرَاتِ . دُكَّانُ الْمِرْوَحَاتِ كَبِيْرٌ . جَلَسْتُ عَلى الْمِنْضَدَاتِ الصَّغِيْرَاتِ .

**মনে রাখতে হবে :** كلا **এবং** كلتا **এ শব্দ দুটি** مثنى **এর মত** إعراب **পাবে। শব্দ দুটির অর্থ হলো "উভয় , দোনটা"** । **যেমন:** ذهب الرجلان كلاهما **অর্থাৎ দোনজন পুরুষ গিয়েছে।** . رأيت الرجلين كليهما

## ৬৭ নং সবক

### التدريبات

(১)এক কথায় উত্তর দাও:

ক) جمع المؤنث السالم এর ক্ষেত্রে رفع এর আলামত কী হবে ?

খ) كتاب الصائمات এখানে الصائمات শব্দে কোন হরকত হবে ?

গ) نصب এর আলামত কখন যের দ্বারা হয় ?

ঘ) مثنى যদি رفع এর হালতে আসে, তাহলে رفع এর আলামত কী হবে ?

ঙ) رجلان শব্দটি যদি مضاف إليه হয়, তাহলে শব্দটিতে কোন إعراب হবে ?

চ) نصب এর আলামত কখন ى পূর্বে যবর দ্বারা হয় ?

ছ) رفع এর আলামত কখন الف হবে ?

জ) جر এর আলামত কখন ى পূর্বে যবর দ্বারা হবে ?

(২) সঠিক / ভুল নির্ণয় করো:

ক) قلنسوات শব্দটিতে جر এর আলমত হবে যের দ্বারা।

খ) قلنسوتان শব্দটি مضاف إليه হলে এর إعراب হবে ى পূর্বে যবর দ্বারা।

গ) كتابان শব্দটি فاعل হলে এর إعراب এর আলামত হবে واو দ্বারা।

ঘ) مثنى কোন শব্দ نائب الفاعل হলে এর إعراب এর আলমত হবে الف

ঙ) هن مؤمنات এ বাক্যে مؤمنات শব্দে যের হবে।

চ) بِعْتُ سَاعَاتٍ এ বাক্যে بعت শব্দটি نصب এর হালতে আছে।

إعراب এর جمع المؤنث السالم ও مثنى

ঞ) قلمان শব্দটি حرف الجر এর পরে আসলে قلمان এর الف টি ى হবে।

(৩) নিম্নের বাক্যগুলো থেকে جمع المؤنث السالم এবং مثنى এর إعراب বের করো:

ذَهَبَتِ الطالبَاتُ إلى المدرستَيْنَ الجديدتَيْنِ. هذِه ساعاتٌ كبيْرَاتٌ . اَلْأُمَّهَاتُ صَائِمَاتٌ. نُصِرَتِ الطَّالِبَتَانِ . ضُرِبَ السَّارِقَانِ . المعلِّمَانِ يَقْرَآنِ كتابَيْنِ. دَرَسْنَا كتابَيْنِ قَدِيْمَيْنِ. أنتم أخَذْتُمْ سَبُّوْرَاتٍ كَبِيْرَاتٍ . غُرْفَةُ الْمُعَلِّمَاتِ مَحْفُوْظَةٌ . صَفْحَةُ الرسَالَاتَ صَغِيْرَةٌ . اَلسَّاعَاتُ عَلى السَّبُّوْرَاتِ الْكَبِيْرَاتِ. سُقِطَتِ الْمِرْوَحَاتُ الْقَدِيْمَاتُ مِنَ السَّقْفِ . الطِّفْلُ عَلى الطَّاوِلَاتِ الْجَمِيْلَاتِ. ضُرِبَ الْقَاتِلَانِ الصَّغِيْرَانِ

## ৬৮ নং সবক

(৪) নিম্নের বাক্যগুলোতে ভুল থাকলে ভুলের কারণ বর্ণনা করে শুদ্ধ করে লিখ :

أكلَتِ الصائماتِ الكبيراتَ خبزا . هذان رجلين . نصرتُ صالحاتً . نصرتْ العالماتِ مشهوراتٍ الطفلَ . خَرَجَ الرجُلَيْنِ مِنَ الْغُرْفَتَانِ . ذَهَبَتِ الْعَابِدَاتَ إلى الْبَابَانِ . الأقلامَ على الصفحاتُ . عَلِمْتُ قِصَّتَانِ عَجِيْبَتَانِ . يَنْصُرُ الْمُسْلِمَيْنِ الصَّالِحَيْنِ رَجُلًا . اَلْعَالِمَانِ مَاهِرَيْنِ . وَجَدْتُمْ مُسْلِمَانِ صَالِحَانِ . هَاتَانِ حَقِيْبَتَيْنِ .

(৫) শূন্যস্থান পূরণ করো:

ক) مثنى এর رفع হবে ........ দ্বারা।

খ) كبيران শব্দটির جر এর আলামত হবে ......... ।

গ) قائمات শব্দটি نائب الفاعل হলে , শব্দটির শেষের হরকত হবে ........।

ঘ) ناصران শব্দটি مضاف إليه হলে , الف টি ...... হয়ে যাবে।

ঙ) وجدت ساعات এ বাক্যে ساعات শব্দের শেষের হরকত হবে ........ ।

চ) دكان القلمَيْنِ এখানে ..... শব্দটি جر হয়েছে ى দ্বারা।

(৬) নিম্নের বাক্যগুলোকে আরবী করো:

ভাল ছেলে দুজন মাদরাসায় যায়। মাদরাসার পাখা দুটি নতুন। শিক্ষিকাদের রুমটি বড়। মসজিদ দুটির বাতিগুলো ছোট। রহিমের বাড়ির জানালাগুলো সুন্দর। মুসলিম মহিলাদের বাড়িটি প্রসিদ্ধ। মহিলা রোযাদারগণ খাবার খেয়েছে। মুজাহিদ মহিলাদের সন্তানরা সাহসী। ইবাদতকারীনীগন বাসায় গিয়েছে। দুজন সতী ছাত্রী দুজন লোককে সাহায্য করেছে। রুম দুটির জানালাগুলো নতুন। মাদরাসার শিক্ষক দুজনের ছাত্র দুজন চোর দুজনকে মেরেছে। দুজন খারাপ লোক প্রহাহৃত হয়েছে। নতুন ছাত্রদেরকে পড়ানো হয়েছে। গল্প দুটি লেখা হয়েছে।

(৭) مثنى ও جمع المؤنث السالم এর পরিচয় দিয়ে إعراب এর আলামত বর্ণনা করো।

## ৬৯ নং সবক

## إعراب এর جمع المذكر السالم

مبتدأ / خبر / فاعل / نائب الفاعل যদি السالم جمع المذكر অর্থাৎ এর হালতে আসে رفع যদি جمع المذكر السالم এগুলোর কোন একটি হয়, তাহলে رفع হবে واو দ্বারা। যেমন: المسلمُوْنَ صَالِحُوْنَ এ বাক্যে المسلمون শব্দটি مبتدأ হওয়ার কারণে رفع এর হালতে এসেছে। আর رفع হয়েছে واو দ্বারা। এ واو বর্ণটি হল رفع এর আলামত। صَالِحُوْنَ শব্দটিও একই রকম।

جمع المذكر السالم যদি جر / نصب এর হালতে আসে, তাহলে نصب এবং جر এর আলামত হবে ى পূর্বে যের দ্বারা।

যেমন: نَصَرْتُ الْمُسْلِمِيْنَ এ বাক্যে المسلمين শব্দটি مفعول হওয়ার কারণে نصب এর হালতে আছে। আর এ শব্দটি جمع المذكر السالم হওয়ার কারণে এর نصب হয়েছে ى পূর্বে যের দ্বারা।

নিম্নের টিবিলের মাধ্যমে বুঝতেচেষ্টা করো:

| إعراب | حالة | اسم |
|---|---|---|
| الواو | رفع | جمع المذكر السالم |
| الياء قبلها كسرة | نصب | جمع المذكر السالم |
| الياء قبلها كسرة | جر | جمع المذكر السالم |

মনে রাখতে হবে : أولو শব্দটি এবং عشرون থেকে تسعون পর্যন্ত দশকের সংখ্যাগুলোর إعراب হবে جمع المذكر السالم এর মত। اولو শব্দটির অর্থ হলো "ওয়ালাগণ" যেমন: أولو العلم অর্থ: জ্ঞানওয়ালাগণ। أولو البيت অর্থ: বাড়িওয়ালাগণ।

إعراب এর উদাহরণ :

هم أولو العلم . هم عشرون رجلا . نصرت أولى العلم . وجدت عشرين تلميذا . كتاب أولى العلم جديد . ذهبت إلى عشرين معلما .

## ৭০ নং সবক

### التدريبات

(১)এক কথায় উত্তর দাও:

ক) طالبون শব্দটি مبتدأ হলে এর رفع এর আলামত কী হবে ?

খ) جمع المذكر السالم এর جر এর আলামত কী হবে ?

গ) نصب এর আলামত কখন ى পূর্বে যের দ্বারা হয় ?

ঘ) عشرون **শব্দটি** مفعول **হলে** এর إعراب **কী হবে ?**

ঙ) ثلثون **শব্দটি** مضاف إليه **হলে** إعراب **কী হবে ?**

চ) رفع এর আলামত কখন واو দ্বারা হবে ?

ছ) حرف الجر এর পরে কোন শব্দ আসলে ى পূর্বে যের দ্বারা إعراب হবে ?

জ) কোন ধরণের শব্দ نائب الفاعل হলে واو দ্বারা إعراب হবে ?

ঞ) رأيت مسلمُوْنَ এ বাক্যে কী ভুল আছে ?

(২) সঠিক / ভুল যাচাই করো।

ক) مثنى **শব্দ** رفع এর হালতে আসলে رفع **হবে** واو দ্বারা।

খ) فاعل যদি جمع المذكر السالم **হয় তাহলে,** إعراب **হবে** ى দ্বারা।

গ) تسعون **শব্দটি** مفعول **হলে** تسعون **শব্দের** واو **টি** الف **হবে।**

ঘ) طالبون **শব্দটি** مضاف إليه **হলে , শব্দটির উচ্চারণ হবে** طالبَين

ঙ) جمع المؤنث السالم এর رفع **হবে** واو দ্বারা।

চ) مخلصون **শব্দটি** جر এর হালতে আসলে إعراب **হবে** ى দ্বারা।

(৩) নিম্নের বাক্যগুলো থেকে جمع المذكر السالم বের করে إعراب বর্ণনা করো।

اَلْمُسْلِمُوْنَ صَائِمُوْنَ. هَاؤلاء طالبون صالحون. يَخْرُجُ الْمُؤْمِنُوْنَ مِنَ الظُّلُمَاتِ إلى النُّوْرِ. رَأَيْتُ الْمُؤْمِنِيْنَ عَلى الْكُرْسِيِّ. نَصَرْتُ الْمُسْلِمِيْنَ الْمَظْلُوْمِيْنَ. طُلِبَ الْعَاقِلُوْنَ. ضُرِبَ السَّارِقُوْنَ الْكَبِيْرُوْنَ. ظَلَمَ الْكُفَّارُ عَلى الْمُخْلِصِيْنَ. اَلْفُجَّارُ يَقْتُلُ الْمُؤْمِنِيْنَ الْعَادِلِدِيْنَ . كَلَامُ الصَّالِحِيْنَ صِدْقٌ. بَيْتُ الصَّائِمِيْنَ كَبِيْرٌ . غُرْفَةُ الْمُعَلَّمِيْنَ الْجَدِيْدِيْنَ نَظِيْفَةٌ. مَسْجِدُ الْعَابِدِيْنَ كَبِيْرٌ. نُصْرَةُ اللهِ عَلى الْمُسْلِمِيْنَ الْمُخْلِصِيْنَ.

**৭১ নং সবক**

(৪) নিম্নের বাক্যগুলোতে ভুল থাকলে ভুলের কারণ বর্ণনা করে বিশুদ্ধ করে লিখ।

الطالبوْن ماهرِيْنَ . تِلْمِيْذُ الْمُعَلِّمانِ شَرِيْفٌ. مسجد الْمُسْلِمانِ الْعَابِدان كَبِيْرٌ .نُصِرَ الطَّالِبِين الصَّغِيْرِيْنَ .اَلْمُعَلِّمُوْنَ يَعْلَمُوْنَ الصَّالِحِيْنَ.كتابُ الْعَالِمُوْنَ مُفِيْدٌ بَيْتُ الصَّائِمِيْنَ صَغِيْرٌ . ضَرَبْنَا السّارِقُوْنَ الْمَاهِرُوْنَ . سَقَطَ الْحَجَرُ عَلى الْفَارُّوْنَ . نُصرَ الْمَظْلُوْمُوْنَ . اَلتَّلَامِيْذُ قَدِيْمُوْنَ. أَخَذْنَا الذَّاهِبُوْنَ إِلى الْمُعَلِّمُوْنَ .

(৫) নিম্নের বাক্যগুলোকে আরবী করো:

মুসলমানগন মসজিদে যায়। ছাত্রগন শিক্ষদেরকে সম্মান করে। মুজাহিদগণ মুসলমানদেরকে হেফাজত করে। শিক্ষগন ছাত্রদেরকে কিতাব পড়ায়। ভদ্র পুরুষগণ মসজিদে গিয়েছেন। আমি নতুন মুসলমানদেরকে

দেখেছে। আমি ছাত্রদেরকে সাহয্য করব। ভাল ছাত্ররা কুরআন মুখস্থ করে। শিক্ষকদের সন্ড়ানরা হাদীস পড়ছে। সৎ লোকদের বাড়িগুলো ছোট। রোযাদার মুসলমানদেরকে দেখেছি। আমরা ইবাদতকারীদেরকে সাহায্য করব। শিক্ষদের মাদরাসা দুটি প্রসিদ্ধ। পরিশ্রমী ছাত্রদের রুমগুলো বড়। ভদ্র ছাত্ররা সাহায্য প্রাপ্ত হবে।

(৬) جمع المذكر السالم এর إعراب বর্ণনা করে উদাহরণ দাও।

## ৭২ নং সবক

## الأسماء الخمسة

- اسم অর্থাৎ ছয়টি الأسماء الستة এগুলোরই অপর নাম হলো أبو. أخو. فو. حمو. ذو. তথা الأسماء الخمسة আরবগণ هَنٌ শব্দটি ব্যবহার করেননা। তাই আমরাও এখানে هن শব্দটি উল্লেখ করিনি।

الأسماء الخمسة এর إعراب হলো :

رفع হবে واو দ্বারা। نصب হবে الف দ্বারা। جر হবে ى দ্বারা।

এগুলোর إعراب এর জন্য শর্ত হলো :

ক. এ পাঁচটি اسم সর্বদা ياءالمتكلم ব্যতিত অন্য কোন اسم এর প্রতি مضاف হতে হবে।

খ. এগুলো واحد হতে হবে। যেমন: الأخ ماهر এখানে الأخ শব্দটি الأسماء الخمسة হওয়া সত্ত্বেও مضاف না হওয়ার কারনে উক্ত إعراب পায়নি।

গ. এগুলো مكبرة হতে হবে। তিন অক্ষরবিশিষ্ট কোন اسم যদি فُعَيْلٌ ওযনে না আসে তাকে مكبرة বলে। যেমন: قلم অর্থ একটি কলম। আর قليم অর্থ ছোট কলম।

ঘ. এ اسم গুলো যদি فعيل ওযনে না আসে এবং উপরোক্ত শর্ত পাওয়া যায়, তখনি উক্ত إعراب প্রযোজ্য হবে।

هذا أخى এ বাক্যে اخ শব্দটি ى এর দিকে مضاف হওয়ার কারনে উক্ত إعراب পায়নি। مفرد হিসেবে إعراب পাবে।

নিম্নের উদাহরণগুলো বুঝতে চেষ্টা করো:

هذا أبوك . أبوخالد تاجر . أخو ماجد تلميذ . حموك عالم . رأيت ذامال . هذا الرجل ذوالعقل . كتاب أخيك جديد . بيت حميكم جميل . فوك أحسن من فيه .

## ৭৩ নং সবক

### التدريبات

(১)এক কথায় উত্তর দাও:

ক) الأسماء الخمسة কতটি ?

খ) الأسماء الخمسة গুলো কী কী ?

গ) الأسماء الخمسة এর إعراب এর জন্য শর্ত কী ?

ঘ) الأسماء الخمسة গুলো مضاف না হলে কোন إعراب পাবে ?

ঙ) . هذا الأب ماهر এ বাক্যে أب শব্দটি কেন الأسماء الخمسة এর إعراب পেলনা ?

চ) حموك এ শব্দে কি الأسماء الخمسة এর শর্ত পাওয়া গেছে ?

(২) সঠিক / ভুল যাচাই করো:

ক) الأسماء الخمسة গুলো ى এর দিকে مضاف হলে الأسماء الخمسة এর إعراب পাবে।

খ) هذا حم كبير এ বাক্যে حم শব্দটি موصوف হওয়ার কারনে الأسماء الخمسة এর إعراب পায়নি।

গ) ذلك حمى - এ বাক্যে حم শব্দটি ى এর দিকে مضاف হওয়ার কারনে الأسماء الخمسة এর إعراب পায়নি।

ঘ) الأسماء الخمسة এর إعراب এর জন্য কোন শর্ত নেই।

ঙ) এ পাঁচটি اسم সর্বদা واحد হতে হবে, ইহা একটি শর্ত।

চ) এ পাঁচটি اسم এর إعراب এর জন্য শর্ত হলো , এগুলো مضاف না হওয়া।

ছ) الأسماء الخمسة যদি جمع হয় , তাহলে , উক্ত إعراب পাবেনা।

(৩) নিম্নের বাক্যগুলো থেকে الأسماء الخمسة খুজে বের কর এবং إعراب বর্ননা করো:

أبوكم راحم . هذا أخوكما . أخذتَ فاه . نصرتم حمى . ننصر أباك . ذهب ذوبيت إلى البيت الكبير . أكل أخى لحما . حموك عابد . قلم أخيك ثمين . كتاب ذى العلم كبير. مسجد أبيكما جميل . فوه نظيف . ضرب الرجل على في السارق. قُتِلَ ذومال . يأكل أبوهما خبزا صغيرا . صاحب البيت أخوكم . ظلم الكافر على أخيهم . نظف تلميذ فاه. نَظِّفْ فاك بعد النوم . فوهم أحسن من فيهم .

(৪) নিম্নের বাক্যগুলোতে ভুল থাকলে ভুলের কারণ বর্ণনা করে শুদ্ধ করে লিখ :

هذا أباك . أخاكم عالم . رجع حميه إلى المدرسة الجميلة . نصرت أخاك . مسجد ذو مال كبير. بيت أبيك جميل. حماكم نصر تلميذا . نُصِرَ أخاك . ذلك ذامال. قلم أبيكما جديد . حموكم جميل . ضُرِبَ ذوسوء . أذهب إلى بيت أخاك .

(৫) নিম্নের বাক্যগুলোকে আরবী করো:

তোমার পিতা বড় আলেম। তোমার শ্বশুর বাজারে গিয়েছে। তোমার ভাইয়ের বাড়িটি সুন্দর। আমার পিতা মাদরাসায় গিয়েছেন। তোমাদের বাবার ঘরটি বড়। আমাদের ভাই আলেম। তোমার শ্বশুর কুরআন পড়ছে। তোমার মুখ সুন্দর। তোমাদের মুখ পরিষ্কার করো। আমি তার মুখের দাত দেখেছি। জ্ঞানওয়ালাকে সাহায্য করা হয়েছে।

(৭) الأسماء الخمسة এর বিবরণ দাও এবং إعراب এর শর্তগুলো উদাহরণসহ উল্লেখ করো।

## ৭৪ নং সবক

## اسم مَنْقُوْص

اسم منقوص এর পরিচয়: যে اسم এর শেষে ياء لازمة আছে এবং পূর্বে যের আছে।

الاسم المنقوص: هو كلُّ اسمٍ ينتهي بياءٍ أصليّة، غير مشدّدة، قبلها كسرة.

অর্থ: যে اسم এর শেষে ي হয় যা তাশদিদ যুক্ত নয় এবং তার পূর্বে যের থাকে তাই الاسم المنقوص। যেমন: قَاضِى . عَادِى .

اسم منقوص যখন رفع / جر এর হালতে আসবে তখন رفع / جر এর আলামত হবে উহ্য। অর্থাৎ رفع / جر আলামত এখানে প্রকাশ পাবেনা। যেমন: . ذلك عادٍى . هذا قاضٍى এ উদাহরণদ্বয়ে قاضى ও عادى শব্দ দুটি رفع এর হালতে এসেছে কিন্তু رفع এর কোন আলামত এখানে প্রকাশ পাবেনা। কারণ اسم منقوص এর رفع / جر এর আলামত প্রকাশ পায়না।

اسم منقوص যদি نصب এর হালতে আসে তাহলে نصب হবে যবর দ্বারা। যেমন: رأيت قاضىَ

নিম্নের টিবিলের মাধ্যমে বুঝতেচেষ্টা করো:

| | | |
|---|---|---|
| اسم منقوص | رفع | الضمة المقدرة |
| اسم منقوص | نصب | الفتحة الظاهرة |
| اسم منقوص | جر | الكسرة المقدرة |

(১) এক কথায় উত্তর দাও:

ক) اسم منقوص কাকে বলে ?

খ) اسم منقوص এর উদাহরণ কী ?

গ) اسم منقوص এর তিন হালত কি এক রকম ?

ঘ) কোন اسم এর رفع হবে উহ্য ?

ঙ) اسم منقوص এর جر হবে কী দ্বারা ?

চ) اسم منقوص এর نصب এর আলামত কী হবে ?

(২) নিম্নের উদাহরণগুলো থেকে اسم منقوص এর إعراب বের করো:

قُتِلَ النادِى . يُنْصَرُ العادى . أكل القاضى خبزا . سمعت قول القاضى . نظرت إلى العادى . علمت الرجل العالى . التلميذ دفع العادى . أخذت النادى الكبير . بيت القاضى جميل .

## ৭৫ নং সবক

## مضاف إلى ياء المتكلم এবং اسم مقصور

اسم مقصور এর পরিচয়: যে আরবী শব্দের শেষে الف থাকবে এবং الف এর পর কোন همزة থাকবে না।

الاسم المقصور: هو اسم معرب آخره ألف لازمة، وما قبلها مفتوح

অর্থ: যে اسم معرب এর শেষে ألف থাকে এবং তার পূর্বে যবর থাকে তাকে اسم مقصور বলে।

**যেমন:** اَلْهُدى . العصى . داكا .

مضاف إلى ياء لمتكلم এর পরিচয়: কোন اسم যদি ى এর দিকে مضاف হয়, ঐ اسم কে مضاف إلى ياء المتكلم বলে। **যেমন:** كتابي . مدرستي .

এ উভয় প্রকার اسم এর إعراب হবে উহ্য।

### التدريبات

(১) এক কথায় উত্তর দাও:

ক) اسم مقصور কাকে বলে ?

খ) كتابي শব্দটি কি اسم مقصور ?

গ) بشرى শব্দটি কোন প্রকার اسم ?

ঘ) مضاف إلى ياء المتكلم কাকে বলে ?

ঙ) مسجدى কোন প্রকার اسم ?

চ) اسم مقصور এর رفع হবে কী দ্বারা ?

ছ) কোন্ কোন্ اسم এর نصب হবে উহ্য ?

জ) কোন اسم যখন ياء এর দিকে مضاف হবে তখন إعراب হবে কী দ্বারা ?

(২) সঠিক / ভুল যাচাই করো:

ক) الهدى শব্দটি مضاف إلى ياء المتكلم -

খ) طاولتي শব্দটির جر হবে উহ্য।

গ) العصى শব্দটির رفع হবে প্রকাশ্য পেশ দ্বারা।

ঘ) كتابي শব্দটির نصب হবে উহ্য।

ঙ) اسم مقصور এর সকল إعراب হবে প্রকাশ্যে।

(৩) নিম্নের বাক্যগুলো থেকে اسم مقصور এর إعراب বের করো:

هذه عصى ماجد . ذلك بيت الهدى . بيتى جميل . وجدت كتابى . مريم نصرت الرجل الهادى . التلميذ النادى قرأ الكتاب . رأيت امرأة بشرى .

## ৭৬ নং সবক

## غَيْرُ مُنْصَرِف

إعراب এর সকল আলামত গ্রহন করার দিক থেকে الاسم المعرب। দুই প্রকার:

১) منصرف ২) غير منصرف

منصرف এর পরিচয়: যে اسم যবর , যের , পেশ এবং তানভীন সবগুলো গ্রহন করতে পারে তাকে اَلْاِسْمُ الْمُنْصَرِفُ বলে।

مُنْصَرِفٌ: هو مَا لَيْسَ فِيه سَبَبَانِ أَوْ وَاحِدٌ يَقُومُ مَقَامَهُمَا مِنَ الأَسْبَابِ التِسْعَةِ.

অর্থ: এটি এমন اسم। যাতে নয় সববের দুই সবব কিংবা এমন এক সবব যা দুই সববের স্থলাভিষিক্ত হয় পাওয়া যায় না।

غير منصرف এর পরিচয়: যে اسم যবর , যের , পেশ এবং তানভীনের সবগুলো গ্রহন করতে পারে না তাকে غير منصرف বলে।

غير مُنْصَرِف: هو مَا فِيه سَبَبَانِ أَوْ وَاحِدٌ يَقُومُ مَقَامَهُمَا مِنَ الأَسْبَابِ التِسْعَةِ.

অর্থ: এটি এমন اسم। যাতে নয় সববের দুই সবব কিংবা এমন এক সবব যা দুই সববের স্থলাভিষিক্ত হয় পাওয়া যায়।

غير منصرف চেনার সহজ উপায়:

যে কোন মহিলার নাম غير منصرف যেমন: . سعدية . فاطمة . عائشة . مريم

পুরুষের নামের শেষে ة হলে তা غير منصرف যেমন: . طَلْحَةُ . سَارِيَةُ . مُعَاوِيَةُ

দুই নামে এক নাম হলে তা غير منصرف । যেমন: حاجي غنج , ساد بور ।

সাধারণত যে কোন দেশের / স্থানের নাম غير منصرف হয়। যেমন: . بَنْغْلَادِيْش

عُمَرُ , زُفَرُ নাম দুটি غيرمنصرف হবে।

. مُحَمَّدٌ , صَالِحٌ , شُعَيْبٌ , هُوْدٌ , نُوْحٌ , شِيْثٌ , عُزَيْرٌ , لُوْطٌ এই আটজন নবী ব্যতিত সকল নবীর নাম غير منصرف হবে। যেমন: اِبْرَاهِيْمُ . مُوْسى . عِيْسى . دَاوِدُ . يَعْقُوْبُ . اِسْمَاعِيْلُ .

কোন আরবী শব্দ فَعَالٌ مفاعيل مفاعل এ তিন ওযনের কোন এক ওযনে আসলে, সে শব্দটি غير منصرف হবে। যেমন: مقاعد শব্দটি مفاعل ওযনে এসেছে। তাই مقاعد শব্দটি غير منصرف হয়েছে।

منصرف চেনার সহজ উপায়: যে শব্দটি غير منصرف নয় , তাহাই منصرف হবে। যেমন: كتاب শব্দটি উপরের একটিও হয়নি তা-ই كتاب শব্দটি منصرف হয়েছে।

**মনে রাখতে হবে :**

غير منصرف যখন جر এর হালতে আসে তখন এর جر হবে যবর দ্বারা। যেমন: نَظَرْتُ إِلى إِبْرَاهِيْمَ এখানে إبراهيم শব্দটি جر এর হালতে আসার কারণে مفرد হিসেবে যের হওয়ার কথা ছিল। কিন্তু إبراهيم শব্দটি غير منصرف হওয়ার কারণে এর جر হয়েছে যবর দ্বারা।

**৭৭ নং সবক**

নিম্নের টিবিলের মাধ্যমে বুঝতে চেষ্টা করো:

| اسم | حالة | إعراب |
|---|---|---|
| غير منصرف | رفع | الضمة الظاهرة |
| غير منصرف | نصب | الفتحة الظاهرة |
| غير منصرف | جر | الفتحة الظاهرة |

**মনে রাখতে হবে :** غير منصرف কখনো مضاف হলে অথবা غير منصرف এর পূর্বে ال থাকলে غير منصرف এর جر যের দ্বারা হবে।

যেমন: . فلاأقسم بمواقعِ النجوم এ বাক্যে مواقع শব্দটি مفاعل ওযনে আসার কারণে غير منصرف হয়েছে। শব্দটি حرف الجر এর কারণে مجرور হয়েছে। নিয়ম হলো غير منصرف এর جر হবে যবর দ্বারা। কিন্তু مواقع শব্দটি مضاف হওয়ার কারণে جر হয়েছে যের দ্বারা।

غير منصرف এ সাধারণত তানভীন হবেনা।

مبنى কখনো منصرف বা غير منصرف একটাও হবেনা। কারণ منصرف ও غير منصرف উভয়টি الاسم المعرب এর প্রকার।

বি: দ্র: غير منصرف এর নয়টি سبب রয়েছে :

(১) عَدْلٌ : কোন শব্দ একরূপ হতে অন্য রূপে পরিবর্তন হওয়া। যেমন: ثلاث ثلاث শব্দ থেকে مَثْلَثُ অর্থ তিন তিন।

যেমন: مثلث, رُبَاعُ, ثُلَاثُ এ শব্দগুলো মূলে ছিল - ثلاثة ثلاثة এবং أربعة أربعة - এখানে দুটো সবব পাওয়া গেছে , একটি হল عدل , অন্যটি হলো وصف – কেননা ثلاث, رباع এ ওযনগুলোকে وصف এর জন্য গঠন করা হয়েছে।

(২) وَصْفٌ: যে শব্দকে গুণবাচক অর্থ প্রদানের জন্য গঠন করা হয়েছে। অর্থাৎ صفة এর ছিগাহ হওয়া। যেমন: الاسم المفعول, الاسم الفاعل , الاسم التفضيل, فَعِيْلٌ , فَعُوْلٌ, فَعَّالٌ , فُعَالٌ এর ওযনের শব্দগুলোকে وصف এর জন্য গঠন করা হয়েছে এবং مفعل বা فعال এর ওযনে কোন সংখ্যা আসলে সেগুলোকেও وصف এর জন্য গঠন করা হয়েছে। এগুলো ব্যতিত অন্য কোন শব্দকে শুধু গুণবাচক অর্থ দেয়ার জন্য গঠন করা হয়নি। তাই অন্য কোন শব্দ وصف হবেনা । কিন্তু صفة হতে পারে। এ শব্দগুলো

غَيْرُ مُنْصَرِف

وزن الفعل ও علم ও হবে صفة ও হবে। যেমন: أحمد. أحمر. শব্দ দুটি غير منصرف কেননা احمد শব্দটি علم ও وزن الفعل ও وصف আর أحمر শব্দটি وصف ও وزن الفعل

**৭৮ নং সবক**

(৩) مؤنث হওয়া। مؤنث এর আলামত হলো:-

(ক) কোন মহিলার নাম হওয়া। যেমন: زينب

(খ) কোন শব্দের শেষে গোল তা (ة) থাকা। যেমন: . معاوية . طلحة

**মনে রাখতে হবে :** تأنيث بالتاء টি غير منصرف এর سبب হওয়ার জন্য শর্ত হল শব্দটি علم হতে হবে।

মনে রাখতে হবে غير منصرف এর الف ممدودة এবং الف مقصورة এর জন্য শর্ত হলো : الف এর পূর্বে মূল তিন অক্ষর থাকা। যেমন: . حذاء . ماء . عصى শব্দগুলো مذكر হবে। কেননা , الف এর পূর্বে মূল তিন অক্ষর নেই।

الف مقصورة টি غير منصرف হওয়ার জন্য শর্ত হলো এর পূর্বে মূল তিন অক্ষর থাকা ।

(৪) معرفة তথা علم হওয়া। যেমন - بنغلاديش

(৫) عجمة তথা অনারবী শব্দ। যেমন: .بنغلاديش. فلسطين -

(৬) جمع منتهى الجموع তথা مَفَاعِلُ, مَفَاعِيْلُ, دَوَابُّ. এ তিন ওযনের কোন শব্দ। যেমন: . عوامُّ . مقاعد . مصابيح

(৭) تركيب তথা দুই নামে এক নাম হওয়া। যেমন: غازي + بور = غازي بور।

(৮) وزن الفعل তথা কোন اسم যখন فعل এর ওযনে আসে। যেমন: يَزِيْدُ

# কিন্তু جَعْفَرَ শব্দটি بَعْثَرَ ওযনে আসলেও এটি غير منصرف হবেনা। কেননা শুরুতে علامت مضارع নেই।

(৯) . الف ونون زائدتان তথা اسم এর মূল তিন অক্ষর শেষে الف و نون থাকা।

যেমন: عثمان

কোন শব্দে, উপরের যে কোন দুইটি পাওয়া গেলে, তাকে غير منصرف বলে।

অথবা কোন শব্দে যদি الف ممدودة / مقصورة পাওয়া যায় অথবা কোন শব্দ যদি جمع منتهى الجموع এর ওযনে আসে, তাকেও غير منصرف বলে।

প্রিয় শিক্ষার্থী! এবার ভালভাবে চিন্তা করে দেখ, غير منصرف চেনার সহজ উপায়গুলোর প্রত্যেকটিতে দুইটি করে সবব আছে। অথবা جمع منتهى الجموع এর কোন এক ওযনে মিলে গেছে। তাই এগুলো غير منصرف হয়েছে।

এ বিষয়ে আরো জানার আগ্রহ থাকলে, তুমি পরবর্তি খন্ড দেখার অনুরোধ রইল।

**৭৯ নং সবক**

**التدريبات**

(১) এক কথায় উত্তর দাও:

ক) غير منصرف চেনার কি কোন উপায় আছে ?

খ) غير منصرف কিসের প্রকার ?

গ) "মিশর" শব্দটি منصرف না-কি غير منصرف ?

ঘ) "মারিয়াহ" নামটি কেন غير منصرف ?

ঙ) "পিরোজপুর" নামটি কেন غير منصرف ?

চ) ইহা "সারুলিয়া বাজার" এ বাক্যে কোনটি غير منصرف ?

ছ) هذا ثوب سعدية এ বাক্যে কোন শব্দটি منصرف ?

জ) كتاب طلحة এখানে طلحة শব্দের إعراب কি হবে ?

ঝ) بيت فاطمةَ এখানে فاطمة শব্দে যের না হয়ে যবর হবে কেন ?

ঞ) কোন পুরুষের নাম غير منصرف হবে ?

(২) নিম্নের বাক্যগুলো থেকে غير منصرف খুঁজে বের কর এবং إعراب দাও:

هذه غرفة طَلْحَة . مَرْيَم اِمْرَأَة صَالِحَة. حَقِيْبَة سَعْدِيَة جَمِيْلَة . عِقْدُ زَيْنَب قديم. ذلك رجل مصر. هم مسلمو أفغانستان. أنتم طالبوكشمير. غرفة طلحة جديدة. مسجد فِلِسْطِيْن كَبِيْر. نَصَرْتُ سَارِيَة. نَنْصُرُ مُعَاوِيَة. حَلِيْمَة ذَهَبَتْ إِلى الْبَيْت. عِقْدُ زَيْنَب ثَمِيْن. مسجد قُرَيْش جَمِيْل. مَنْظَر بنغلاديش جَيِّد. كَلَام اِسْمَاعِيْل مُفِيْد. حَدِيْث مُحَمَّد كَثِيْر. كُتُب عِيْسى كَبِيْرَة. أَحْكَام مُوْسى شَدِيْدَة.

(৩) সঠিক ভুল নির্ণয় করো:

ক) যে কোন মানুষের নাম غير منصرف হয়।

খ) সকল মহিলার নাম غير منصرف নয়।

গ) পুরুষের নাম হলেই غير منصرف হবেনা।

ঘ) لوط শব্দটি منصرف হবে।

ঙ) طاولة শব্দটি منصرف নয়।

চ) فاطمة শব্দটির শেষে ة (গোল তা) থাকার কারণে غير منصرف

ছ) طلحة শব্দটি পুরুষের নাম, তাই এটি غير منصرف

জ) যে কোন গ্রামের নাম غير منصرف

ঝ) সকল জেলার নাম منصرف হবে।

ঞ) সকল মানুষের নাম منصرف হবে।

## ৮০ নং সবক

(৪) নিম্নের বাক্যগুলোতে ভুল থাকলে, ভুলের কারণ বর্ণনা করে বিশুদ্ধ করে লিখ:

هذه عائشةٌ . كتاب زينبٍ جميل . بيت مكةً كبير . رأيت يوسفً بعراقٍ . مروحة خديجةٍ على الطاولةِ. روضةَ رسولَ اللهِ فى مدينةٍ . مدرسةُ طلحةً مشهورةُ .كرسىُ ساريةٍ كبيرُ. أَخذْتَ طلحةً . نَصَرْتِ يَعْقُوْبًا . صَحِيْفَةُ إِسْحَاقٍ كَبِيْرَةُ . عائشةٌ عالمة كبيرةُ. كتاب سعديةِ جديدٌ . قميص ساريةً ثمين .

(৫) নিম্নের বাক্যগুলোকে আরবী করো:

